The Government decided in the Cabinet meeting held on 17-7-83 that the vested property (Lands & Buildings) should be disposed of by 31st December 1983. The circular having been received there on 26-3-83, it was decided in the full Boards meeting that all the Commissioners, Deputy Commissioners & Addl. Deputy Commissioners (Rev.) should be alerted to take all possible step for immediate disposal.

2. Circulars were issued from the L.A. & L.R. Division vide No. 11-7/82/2984(19)-V.P/A.P., dated 13-1982 directing the district officials to make all preliminary arrangements for the disposal of the vested property. It is well known that disposal of any landed property has to be done after ascertaining all facts on the score of right, title, interest and possession as well as the background and history of the lands and structures etc. Otherwise, any disposal may lead to complicacy resulting in civil suits.

3. We are making field trips extensively to acquaint with facts and problems, holding revenue conferences in the districts in order to clarify legal positions and issue instructions to cover one knotty problem now being confronted by the district level Revenue Officers and other Revenue Officials.

Meanwhile Revenue conferences were held in the district of Rangpur, Dinajpur, Chittagong, Khulna, Jessore, Dhaka and Mymensingh. We have been requested by the Revenue Officials that detailed instructions should be issued to enable the field officers to go forward step by step for quick disposal of the vested property concerned.

Following a war between Pakistan and India on the day of 6th September, 1965 a state of Emergency was declared all over the country, in terms, of Defense of Pakistan Ordinance of 1965. The Ordinance defines the enemy property under sub-rule 4 of 169 of the Defence of Pakistan Rules as follows:

"Enemy Property means any property for the time being belonging to or hold or managed on behalf of an enemy as defined in rules 161 as enemy subject of any enemy firm, but does not include property which is evacuee property".

In exercise of the power conferred by sub-rule (1) of Rule 182 of the Defence of Pakistan Rules, the President of Pakistan was pleased to make the law of Enemy Property under the caption Enemy Property (Land and Buildings) Disposal order, 1966 as "Enemy Property means any land or building or any movable property found thereon which is any enemy property as defined in sub-rule (4_) of rule 169, but does not include any land or building or any movable property found thereon which belongs to or is held by or managed on behalf of any enemy firm." The order takes care to indicate powers and duties of the custodian for taking possession, control and all other matters in regard to management of the said property.

Act XLV of 1974, repeals the previous Act i.e. the E.P. (Continuance of Emergency Provisions), Repeal Act of 1974 which runs as follows in section 3:

(1) Notwithstanding the repeal of the said Ordinance and anything contained in any other law for the time being in force on such repeal:

All enemy property vested in the Custodian of Enemy Property, provisions of the Defense of Pakistan Rules continued in force by the said Ordinance shall vest in the government.

The Provision was supplemented by Ordinance of 1976 with further amendments in Section 2, which runs as follows:

In the Enemy Property (Continuance of Emergency provisions (Repeal) Act (XIV of 1974), in Section 3, in sub-Section (1) after the word 'government' twice, the following words shall be inserted in both the place, namely-" and shall be administered controlled managed and disposed of by transfer or otherwise, by the Government or by such officer or authority as the Government may direct".

It will be convenient to reproduce the whole Section once again for a ready reference as follows:

"All enemy property vested in the Custodian of Enemy Property appointed under the provisions of the defense of Pakistan Rule continued in force by the said Ordinance shall vest in the Government, and shall be administered, controlled, managed and disposed of, by transfer or otherwise by the Government or by such officer or authority as the Government may direct."

5. That being the legal framework for the management and disposal of vested property, it is necessary to proceed to take over all the Enemy Properties if not already taken over, and disposed them of in the light of Government latest orders.

6. Immediate steps to be taken.- Steps that are suggested to be taken by the officers at the Zila/Upazila levels may be as follows:

(a) Identification, verification and declaration of the vested property.

(b) Reiteration of the previous declaration and the intention of the Government to dispose of the vested property in a fair and judicial manner as per principles outlined in the Government Circular.

(c) Freeing of the vested property from the encumbrances of the co-sharing interests as far as it is practicable.

(d) Taking of possession of the vested property if the possession has not yet been taken over.

(e) Fixation of the valuation of land on a fair and equitable basis.

In this context, preparation, submission and finalization of rate reports be made indicating minimum and maximum price of land of any area on the following broad classification:

(i) Urban Non-agricultural lands.

(ii) Agricultural lands.

(iii) Waste lands.

The rate reports is intended to serve a technical mechanism for all individual valuation to be determined for each piece of land, land with structure if any, or any other landed property like tanks etc.

Rate report is the indication of minimum prevailing value or maximum prevailing value of any kind of land, but not the structure. The rate report has to be studied at the upazila/Zila/Division and Boards level when the list of properties along with all individual valuation case-wise is presented for approval.

(f) Approval of the valuation chart at different levels by the prescribed committee.

(g) Tendering of the vested property for sale, permanent or periodical or Eksona Lease. The contingency of Eksona lease comes up where the property cannot be disposed of due to Civil litigations now pending at various levels.

(h) Realization of arrears dues from the lessees in lieu of it agree of land in previous years and payment of Govt. dues in the shape of rent or L.D. Tax as the case may be to the Tahsils.

(i) Approval of the selection of personnel as per government's instruction to whom the property should be tendered for disposal on permanent, periodical basis by the aforesaid committees.

(j) Realization of the consideration money for the purpose of sale, permanent or periodical lease as the case may be, and formal handing over and taking over possession.

(k) Eviction of the permanent occupant in the event of the failure to comply with the govt. direction to take over the land or unwillingness to agree with the agreement last finalized.

(l) Disposal of the property otherwise, if aforesaid procedure fails.

7. Formation of Committee at various levels. - government instructions have been sought for specifying our suggestions to constitute various committee at Upazila and Division levels. The Govt. has also been requested to vest powers for final disposal of the vested properties at those levels.

As and when the Govt. Instructions are received in this behalf, the committee should be formed and the powers will be indicated. Meanwhile all other preliminary works must proceed on.

8. Commencement of work. - The number of V.P. is large and its quantum is stupendous. Our experiences in the Revenue Conferences held and field visits may go to establish that nowhere even 1/3rd of the total property indicated in the Census List.

As the number of V.P. cases are many and unwieldy, as the properties remain scattered in the Tahsils and as total work has to be managed and controlled with limited number of Revenue Officials, we wish to urge upon all the field officers to be alert, inquisitive and fact finding in order to declare all the concerned properties as vested property. So, the Vested Property Tahsilder should now work in the Tahsil in close co-operation with the tahsil staff to manage all works includ-

ing identification of the vested property, and also determining the valuation of any individual property will be jointly initialed by the Tahsilders and V.P. Tahsildars and will be countersigned by U.R.O. after necessary checking.

Register II of the Vested Property should be prepared separately showing demands. This Reg. II should have reference of original holding of the properties.

9. Release Cases. - The Officer of the Board of Land Administration has been overtaken by thousands and thousands of cases for release from the category of Vested Property. Our study of cases shows that all legal opinions and recommendations offered therein are on the basis of wrong presumptions and misleading documents which are registered mostly in 1970 and definitely after the War of 1965. By operation of Law, these properties stood vested but formalities in regard to the declaration of the properties as vested properties as such, were not probably done in an appropriate time and manner.

Fact remains that pleaders and parties definitely go behind cases and demand a hearing for the purpose of decision. It is, however, certain that the case-files do not contain records and papers to justify such a hearing in any open court situation. Cases for which the Assistant Custodians have not passed any judgement and given decisions are to be re-examined with the following points, because those cases have not been ripe for hearing in absence of papers and documents and also judgement of lower courts.

(a) Particulars of the lands i.e. Khatain Nos., Plot Nos., Area, Classification of lands shown in the Khatian etc.

(b) Historical background of the land with reference to C.S. and S.A. records.

(c) Why the land was declared Vested?

(d) What are the reasons for release?

(e) Present position of the land and the present possessors.

(f) Whereabout of the recorded persons i.e. the previous owners.

(g) Whether leased out any time and lease money received from any lessee.

(h) Definite conclusion - whether this is vested or is due to be released on merit.

(i) Position of demand and collection in respect of original holding.

Civil suits wherever pending should now be pursued. One kanungo with a clerk should be detailed for the Court with instructions to prepare a list of points on behalf of the Government presentation before the Court. The Court must be enlightened all about spurious documents designed to misappropriate the vested property.

Government pleaders should be engaged in each Upazila, and U.N.O. should take steps in the matter.

In the conclusion, we once again request the field officers for vigorous follow up action on the Vested property and it is requested that a progress report should reach the Board of Land Administration by 7th Day of each month indicating

works in hand, works done and works that are due to be done in the matter of disposal of the vested Property.

**Sd/-MD. KHANEY ALAM KHAN**
*5-12-83*
*Chairman*
*Board of Land Administration, Dhaka.*

Memo. No. 2939(520)-V.P. 433/83, Dated 24-10-1983.

Copy forwarded for favor of information and necessary action to the:

1. Member-I/II, Board of Land Administration.
2. Commissioner, Dhaka/Chittagong/Rajshahi/Khulna Division.
3. Deputy Commissioner/Addl. Deputy Commissioner (Rev.)...................... District.
4. Private Secretary to the Hon'ble Minister of Law and Land Reforms.
5. Private Secretary to the Secretary, Land Administration and Land Reforms Division.
6. Upazila Nirbahi Officers/S.D.O,..................................

**Sd/-Illegible**
*22-10-83*
*Asstt. Secretary,*
*Board of Land Administration.*

অনুবাদিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি প্রশাসন বোর্ড
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় ঃ অর্পিত সম্পত্তি বিলিবন্টন।

১৭-৭-৮৩ ইং তারিখের কেবিনেট সভায় সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, অর্পিত সম্পত্তি (জমি ও বাড়ী) ৩১-১২-৮৩ তারিখের মধ্যে বিলি বন্দোবস্ত সম্পন্ন করিতে হইবে। এই সংক্রান্ত সরকারী সার্কুলার ২৬-৯-৮৩ ইং তারিখে পাওয়ার পর পূর্ণাঙ্গ বোর্ড সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে যে সকল কমিশনার, জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)গণকে অর্পিত সম্পত্তি বিলিবন্টন ব্যাপারে সম্ভাব্য সকল কার্যগ্রহণ করিবার জন্য প্রস্তুত থাকা প্রয়োজন।

২। অর্পিত সম্পত্তির স্থায়ী বিলি বন্দোবস্তের উদ্দেশ্যে প্রাথমিক কাজ-কর্ম সম্পাদন করার জন্য সকল কর্মকর্তাগণকে নির্দেশ প্রদান করিয়া ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার বিভাগ ১৩-৯-৮২ তারিখে একটি সার্কুলার জারী করিয়াছেন। ইহা বলা নিষ্প্রয়োজন যে ভূমিস্বত্ব, স্বার্থ ও দখল সংক্রান্ত যাবতীয় তথ্য সংগ্রহ করা বিলি-বন্দোবস্ত কার্যক্রম গ্রহণের পূর্বশর্ত। জমি/ঘর বাড়ী সংক্রান্ত পূর্ব বৃত্তান্ত ও দখল, অধিকার ইত্যাদি বিষয়ে পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য সংগৃহীত না হইলে অর্পিত সম্পত্তি বিলিবন্টনে নানা জটিলতা দেখা দিতে পারে।

৩। সরজমিনে ঘটনা ও বিষয়াবলী সম্পর্কে ওয়াকিবহাল হওয়ার জন্য আমরা মাঠ পর্যায়ে পরিদর্শন ও জেলা পর্যায়ে রাজস্ব অফিসারদের সহিত বৈঠকে মিলিত হওয়ার কর্মসূচী গ্রহণ করিতেছি। ঘটনা ও তথ্যাবলী সংগ্রহ ছাড়াও, এই পরিদর্শনও বৈঠকের মাধ্যমে আইনগত অবস্থা স্থানীয় কর্মকর্তাগণের নিকট ব্যাখ্যা করাও, এই প্রকার বৈঠকের অন্যতম উদ্দেশ্য। ইতিমধ্যে রংপুর, দিনাজপুর, চট্টগ্রাম, খুলনা, যশোহর, ঢাকা ও ময়মনসিংহ জেলায় জেলা রাজস্ব সম্মেলন অনুষ্ঠিত হইয়াছে। এই সকল সম্মেলনে রাজস্ব অফিসারগণ অর্পিত সম্পত্তি বিলি-বন্দোবস্ত বিষয়ে বিভিন্ন পর্যায়ে দায়িত্বসমূহ উল্লেখ করিয়া রাজস্ব অফিসারগণের সুবিধার্থে একটি বিস্তারিত নির্দেশনামা জারীর অনুরোধ জানাইয়াছেন। তদনুসারে এই সার্কুলার জারী করা হইল।

১৯৬৫ সনের ৬ই সেপ্টেম্বর ভারত ও পাকিস্তানের মধ্যে যুদ্ধ সংঘটিত হওয়ার প্রেক্ষিতে পাকিস্তান প্রতিরক্ষা অধ্যাদেশ ১৯৬৫-এর বিধান বলে সারাদেশে জরুরী অবস্থা ঘোষণা করা হয়। উক্ত অধ্যাদেশ এবং পাকিস্তান প্রতিরক্ষা বিধির ১৬৯(৪) বিধিতে "শত্রু ও শত্রু সম্পত্তির নিম্নোক্ত সংজ্ঞা দেওয়া হইয়াছে।

"বাস্তত্যাগী সম্পত্তি ব্যতীত প্রতিরক্ষা বিধির ১৬১ বিধিতে শত্রু হিসাবে বর্ণিত ব্যক্তি বা স্বার্থের মালিকানায় বা ব্যবস্থাপনায় বা অধিকারে বর্তমানে যে সম্পত্তি রহিয়াছে তাহা শত্রু সম্পত্তি বলিয়া গণ্য হইবে"।

পাকিস্তান প্রতিরক্ষা বিধির ১৮২(১) বিধি মোতাবেক তদানিন্তন পাকিস্তানের রাষ্ট্রপতি শত্রু সম্পত্তি (জমি ও ঘরবাড়ী) বিলিবন্টন আদেশ ১৯৬৬ জারী করিয়াছেন। এই আদেশে প্রতিরক্ষা বিধির

১৬৯ (৪) বিধি মোতাবেক বর্ণিত যে জমি বা উহার উপর অবস্থিত ঘরবাড়ী বা অস্থাবর সম্পত্তি শত্রু সম্পত্তি হিসাবে বর্ণিত তাহাই শত্রু সম্পত্তি বলিয়া গণ্য হইবে। কিন্তু শত্রু পক্ষে মালিকি, দখলীয়, অধিকৃত বা পরিচালিত সম্পত্তি শত্রু সম্পত্তি বলিয়া পরিগণিত হইবে না। শত্রু সম্পত্তি দখল নেওয়া, ব্যবস্থাপনা বা নিয়ন্ত্রণের জন্য নিযুক্ত তত্ত্বাবধায়কগণের দায়িত্ব ও কর্তব্য ও উক্ত আদেশে র্বণনা ১৯৭৪ সালের ৪৫ নং আইন বলে পূর্ব পাকিস্তান (জরুরী বিধানসমূহ) (বাতিল) আইন, ১৯৭৪ বাতিল করা হইয়াছে। এই আইনে ৩ নং ধারা নিম্নরূপঃ

উপরোক্ত অধ্যাদেশ বাতিল এবং অন্য কোন আইনে ভিন্ন বিধান থাকা সত্বেও শত্রু সম্পত্তি এবং উক্ত অধ্যাদেশ বলে পাকিস্তান প্রতিরক্ষা বিধির অব্যাহত বিধানসমূহ বলে চিহ্নিত শত্রু সম্পত্তি সরকারে ন্যস্ত করা হইল।

এই বিধান ১৯৭৬ সালের অধ্যাদেশ দ্বারা সম্পূরক করা হইল। সংশোধিত ২ নং ধারা নিম্নরূপঃ

শত্রু সম্পত্তি (জরুরী বিধানসমূহ অব্যাহত) আইন, ১৯৭৪-এর ৩(১) ধারায় দুইবার বর্ণিত "সরকার" শব্দের পর "এবং সরকার বা সরকারের নির্দেশিত বা ক্ষমতাপ্রাপ্ত অফিসার বা কর্তৃপক্ষ নিয়ন্ত্রণ, ব্যবস্থাপনা ও বিলি বন্দোবস্ত করিতে পারিবেন" এই শব্দগুলি সংযোজন করা হইবে। সকলের সুবিধার জন্য ধারাটি নিম্নে পুনরুল্লেখ করা হইলঃ

"পাকিস্তান প্রতিরক্ষা বিধির অব্যাহত বিধানসমূহ মোতাবেক শত্রু সম্পত্তি তত্ত্বাবধায়কের নিকট সমর্পিত সকল শত্রু সম্পত্তি সরকারে বর্তাইবে এবং উহার নিয়ন্ত্রণ, ব্যবস্থাপনা, প্রশাসন ও বিলিবন্টন সরকার বা সরকার নির্দেশিত বা ক্ষমতাপ্রাপ্ত অফিসার বা কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত হইবে।

শত্রু সম্পত্তির ব্যবস্থাপনা ও বিলি বন্দোবস্তের উপরোক্ত আইনগত অবস্থার প্রেক্ষিতে যে সকল শত্র সম্পত্তি এখনও সরকারের দখলে আসে নাই তাহার দখল ও নিয়ন্ত্রণ গ্রহণ করিতে হইবে এবং সরকারের সাম্প্রতিক নীতিমালা অনুযায়ী দখল গ্রহণ ও বিলিবন্দোবস্তের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

জরুরীকরণীয় পদক্ষেপঃ

জেলা, উপজেলা পর্যায়ের অফিসারগণের গ্রহণীয় পদক্ষেপ নিম্নে বর্ণনা করা হইলঃ

(ক) অর্পিত সম্পত্তি চিহ্নিতকরণ, পুনঃপরীক্ষাকরণ ও অর্পিত সম্পত্তি বলিয়া ঘোষণা করা।

(খ) সম্পত্তি অর্পিত ঘোষণার পুনরাবৃত্তি এবং সরকারী নীতিমালার আলোকে ন্যায় ও নিরপেক্ষভাবে অর্পিত সম্পত্তির বিলিবন্দোবস্তকরণ।

(গ) অংশীদারীভুক্ত অর্পিত সম্পত্তি ঝামেলামুক্তকরণ।

(ঘ) অর্পিত সম্পত্তি ইতোমধ্যে দখল গ্রহণ না করা হইয়া থাকিলে উহার দখল গ্রহণ।

(ঙ) ন্যায় ও সমতার ভিত্তিতে অর্পিত সম্পত্তির মূল্য নির্ধারণ।

নিম্নোক্ত শ্রেণীর সম্পত্তির সর্বোচ্চ ও সর্বনিম্ন মূল্য নির্ধারণ সম্পর্কিত প্রতিবেদন প্রণয়ন করে পেশ করা ও চূড়ান্তকরণঃ

(১) শহর এলাকার অকৃষি জমি,
(২) কৃষি জমি এবং
(৩) পতিত জমি।

মূল্যায়ন প্রতিবেদন প্রর্ত্যেক জমি ও ঘরবাড়ীর প্রকৃত মূল্য নির্ধারণের সহায়ক হইবে। মূল্যায়ন প্রতিবেদনে প্রত্যেক ভূমি খণ্ডের সর্বনিম্ন ও সর্বোচ্চ বাজার মূল্য প্রতিফলিত হইবে। মূল্যায়ন প্রতিবেদন সম্পত্তির তালিকা প্রণয়নের পর উপজেলা, জেলা, বিভাগ ও বোর্ড পর্যায়ে অনুমোদনের জন্য উপস্থাপন করিতে হইবে।

(চ) নির্ধারিত কমিটি কর্তৃক প্রতিটি পর্যায়ে মূল্যায়ন প্রতিবেদন অনুমোদন।
(ছ) দীর্ঘমেয়াদী বা স্বল্পমেয়াদী বা একসনা লীজ বা বিক্রয়ের জন্য টেন্ডার আহবান। বিচারাধীন সম্পত্তির বেলায় একসনা লীজ দেওয়ার প্রয়োজন হইবে।
(জ) পূর্ববর্তী বৎসরের বকেয়া লীজের টাকা আদায় এবং তহশিল অফিসে ভূমি উন্নয়ন কর পরিশোধের ব্যবস্থা গ্রহণ।
(ঝ) সরকারী নিয়মানুযায়ী অর্পিত সম্পত্তি ক্রেতাদের নির্বাচন অনুমোদন।
(ঞ) বিক্রয় বা লীজ মূল্য আদায় এবং ক্রেতা বা লীজ গ্রহীতাকে সম্পত্তি দখল প্রদান।
(ট) সরকারী নীতি নির্দেশের খেলাফ হইলে বা লীজ/বিক্রয় চুক্তিমত কাজ করিতে ব্যর্থ হইলে স্থায়ী দখলকারকে সম্পত্তির দখল হইতে উচ্ছেদকরণ।
(ঠ) উপরোক্ত নিয়মে বিলিবন্টন না হইলে এরূপ অর্পিত সম্পত্তির বিলিবন্টন।

## বিভিন্ন স্তরে কমিটি গঠন

উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে অর্পিত সম্পত্তি বিলি বন্দোবস্ত-এর জন্য কমিটি গঠন করিবার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। বিষয়টি চূড়ান্ত হওয়ার পর সরকারী সিদ্ধান্ত সকলকে জানাইয়া দেওয়া হইবে। ইতিমধ্যে অন্যান্য পর্যায়ের কাজ সম্পাদন আরম্ভ করিতে হইবে।

## কাজ আরম্ভ করা

অর্পিত সম্পত্তির সংখ্যা ও পরিমাণ বিপুল। রাজস্ব সম্মেলন ও আমাদের সরজমিনে পরিদর্শনের অভিজ্ঞতা দৃষ্টে মনে হয় যে, অর্পিত সম্পত্তির $^১/_৩$ (এক তৃতীয়াংশ) ও এখনও সরকারের দখলে বা নিয়ন্ত্রণে আনা হয় নাই। এই সম্পত্তি বিভিন্ন মৌজায় ও তহশিলে অবস্থিত। যেহেতু নির্দিষ্ট কর্মচারী দ্বারা সকল অর্পিত সম্পত্তি সংক্রান্ত কাজ সমাধা করিতে হইবে, সেহেতু সকল কর্মকর্তা/কর্মচারীকে এখনই পূর্ণ উদ্যোমে কাজ করার জন্য প্রস্তুত হইতে হইবে। অর্পিত সম্পত্তি চিহ্নিতকরণ, পরীক্ষা ও মূল্যায়ন কাজে অর্পিত সম্পত্তি তহশিলদারগণকে রাজস্ব তহশিলদারগণের সহিত সহযোগিতা ও সমন্বয় বজায় রাখিয়া কাজ করিতে হইবে। এই সকল কাজে রাজস্ব তহশিলদার ও ভি পি তহশিলদার যুগ্মভাবে কাজ করিবে এবং প্রয়োজনীয় নিরীক্ষার পর উপজেলা রাজস্ব অফিসার তাহা প্রতিস্বাক্ষর করিবেন। অর্পিত সম্পত্তির ২নং রেজষ্টারে দাবীর হার থাকিবে এবং এই রেজিষ্টারে মূল হোল্ডিং-এর উল্লেখ থাকিবে।

## অবমুক্তির কেস

অর্পিত সম্পত্তির তালিকা বা ঘোষণা হইতে অবমুক্তির জন্য হাজার হাজার আবেদন বর্তমানে বোর্ডের নিকট নিষ্পত্তির অপেক্ষায় আছে। দেখা যায় যে, ভুল তথ্য ও কাগজাদির ভিত্তিতে স্থানীয় আইন উপদেষ্টা ভুল ও অস্পষ্ট মতামত প্রদান করিয়াছেন, ফলে অবমুক্তির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে নানা জটিলতা দেখা দিয়াছে। ১৯৬৫ সালের যুদ্ধের পরে সম্পাদিত দলিল দস্তাবেজ উল্লেখ করিয়া অবমুক্তির আবেদন করা হইয়াছে। এই সকল সম্পত্তি অর্পিত সম্পত্তির পর্যায়ভুক্ত। সুতরাং এই ধরণের অবমুক্তির প্রস্তাব যথাযথভাবে নিরীক্ষা করা হয় নাই বলিয়া মনে হয়। কৌশলীগণ এরূপ ক্ষেত্রে শুনানীর দাবী করিতেছেন। অথচ শুনানী দেওয়ার জন্য প্রয়োজনীয় কাগজপত্র নথিতে নাই বা থাকে না। যে সকল ক্ষেত্রে সহকারী তত্ত্বাবধায়ক কোন সিদ্ধান্ত প্রদান করেন নাই সেইসব ক্ষেত্রে নিম্নোক্ত প্রশ্নের আলোকে অবমুক্তির প্রস্তাব পুনঃনিরীক্ষার প্রয়োজন দেখা দিয়াছে।

(ক) জমির পূর্ণ বিবরণ যথা-খতিয়ান নং, দাগ নং পরিমান ও জমির শ্রেণী ইত্যাদি।
(খ) সি,এস, এবং এস, এ, রেকর্ডের ভিত্তিতে সম্পত্তি হস্তান্তরের ইতিহাস।
(গ) কেন অর্পিত সম্পত্তি হিসাবে ঘোষণা বা গণ্য করা হইল।
(ঘ) অবমুক্তির পক্ষে কারণ ও যুক্তি।
(ঙ) সম্পত্তির বর্তমান অবস্থা ও দখলদার।
(চ) রেকর্ডীয় মালিক বা পূর্বতন মালিকের বর্তমান অবস্থান।
(ছ) কখনও লীজ দেওয়া হইয়াছিল কিনা এবং হইয়া থাকিলে লীজের টাকা আদায় করা হইয়াছে কিনা।
(জ) ইহা অর্পিত সম্পত্তি কিনা এবং অবমুক্তির যোগ্য কিনা এই সম্পর্কে সুস্পষ্ট মতামত।
(ঝ) মূল হোল্ডিং-এর দাবী ও আদায় সংক্রান্ত তথ্য।

অর্পিত সম্পত্তি সংক্রান্ত দেওয়ানী মামলাসমূহ ত্বরান্বিত করার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। একজন কানুনগো ও একজন করিণককে আদালতে প্রেরণ করিয়া সরকার পক্ষে যে সকল পয়েন্ট-এ যুক্তি/কাগজ/প্রমাণ দাখিল করা প্রয়োজন হইতে পারে তাহা লিপিবদ্ধ করার ব্যবস্থা করিতে হইবে। ভূয়া দলিল সম্পর্কে আদালতকে অবহিত করার ব্যবস্থা নিতে হইবে। প্রত্যেক উপজেলায় সরকারী কৌশলী নিয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসার ব্যবস্থা গ্রহণ করিবেন।

অর্পিত সম্পত্তির বিষয়ে দ্রুত ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাগণের পুনরায় অনুরোধ জানানো হইল। এই বিষয়ে একটি মাসিক অগ্রগতির প্রতিবেদন পরবর্তী মাসের ৭(সাত) তারিখের মধ্যে অত্র বোর্ডের বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হইল। এই প্রতিবেদনে পেন্ডিং কাজ এবং আগামীতে করণীয় কাজ ও সমাপ্ত কাজের বিবরণী থাকিতে হইবে।

**স্বা/- মোঃ খানে আলম খান**

চেয়ারম্যান।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ-৩, পরিকল্পনা মন্ত্রণালয়,
অর্থ বিভাগ
বাজেট উইং
উপায় ও উপকরণ শাখা-৩

নং-অপম/অবি/বাউ/উঃউঃ৪/১ই-৪৯(২০)৮৩/৮০ তারিখঃ ১০/১১/৮৩ ইং।

বিষয় ঃ অর্পিত সম্পত্তি হইতে ইজারালব্ধ অর্থ ও কর্তনকৃত সম্মানী ভাতার ১/৩ অংশ জমাদানের নতুন খাত।

আপনার ১০/১০/৮৩ ইং তারিখের স্মারক নং-২৯৯৪ ভিপি-৬৭০/৮৩ এর বরাতে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছে যে Revised Code List of Major Heads of Accounts অনুসারে অর্পিত সম্পত্তি হইতে ইজারালব্ধ অর্থ প্রজাতন্ত্রের সরকারী হিসাবের অধীন প্রধান খাত "৮৮-বিভাগীয় ও বিচার বিভাগীয় জমা-ব্যক্তিগত জমা" খাতে এবং অর্পিত সম্পত্তি অফিসে নিয়োজিত অফিসারদের প্রদত্ত ফিস এর "১/৩ অংশ" ৬৫ -কর ব্যতীত বিবিধ প্রাপ্তি বিবিধ খাতে" জমা করিতে হইবে।

স্বা/- এ, এ, মোঃ আঃ রহিম
১৫/১০/৮০
বাজেট অফিসার
অর্থ বিভাগ।

শাখা প্রধান
(শেখ লুৎফর রহমান)
অর্পিত সম্পত্তি (প্রশাসন) সেল,
ভূমি প্রশাসন, বোর্ড,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৩(৫০)-ভিপি-৬৭০/৮০ তারিখঃ ২৪/১১/৮০ইং।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),..................
২। ম্যানেজার, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৩। জেলা হিসাব রক্ষণ অফিসার..................
৪। ম্যানেজার, সোনালী ব্যাংক, স্থানীয় কার্যালয়, মতিঝিল, ঢাকা।
৫। ম্যানেজার, সোনালী ব্যাংক, রমনা শাখা, ঢাকা।
৬। ম্যানেজার, কৃষি ব্যাংক, স্থানীয় কার্যালয়, দিলকুশা বা/এ, ঢাকা।
৭। ম্যানেজার, পুবালী ব্যাংক, স্থানীয় কার্যালয়, দিলকুশা বা/এ, ঢাকা।
৮। ম্যানেজার, উত্তরা ব্যাংক, স্থানীয় কার্যালয়।
৯। ম্যানেজার, রূপালী ব্যাংক, স্থানীয় কার্যালয়।
১০। ম্যানেজার, অগ্রণী ব্যাংক, স্থানীয় কার্যালয়।
১১। ম্যানেজার, জনতা ব্যাংক, স্থানীয় কার্যালয়।

স্বা/- (শেখ লুৎফর রহমান)
শাখা প্রধান।

**GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH**
**OFFICE OF THE BOARD OF LAND ADMINISTRATION**
**BANGLADESH SECRETARIAT, DHAKA.**

Memo. No. 3476/685/83-V.P., Dated 5-12-1983

To

1. The Deputy Commissioner...........................
2. Additional Deputy Commissioner (Rev.) ......................................

**Subject: Instruction for disposal of vested property-Powers of various committees.**

This is to indicate that the government have been pleased to give powers of various Committees in so far as these relate to the disposal of vested property. General Instructions were already offered as to how the vested property should be tackled, identified, verified in the field as also how to assess the valuation.

Powers of various committees as approved by the government should be as follows:

**"A. Powers of Upazila Committee.**

The Upazila Committee may examine the list of property valued up to Tk. 1.50 lacs to be prepared by Upazila Revenue Officer. On receipt of the approval of the Upazila Committee the U.R.O. will dispose of the property as per provision laid down in para-2 of Memo. No. IL-7/82/298919)-V.P./A.P. dated 13-9-82 with prior approval of Upazila Committee". Para 2 of the memo. is reproduced below.

"The dilapidated and kuthcha houses and the houses which are not required by the Government may be offered for sale of the existing lessees at an evaluated price, provided that the lessees have no house or plot of land in any urban area anywhere in the country in their own names or in the names of their dependants, if, however, the existing lessees are unable, unwilling or disqualified to take advantage of the offer, the houses may be sold by public announcement through sealed tenders restricted to persons who have no residential houses or plots in the urban area in their own names or in the name of their dependants. Contravention of this condition or benamee transaction in this respect shall render the sale void apart from being punishable by law.

**"B. Power of the District or Zila Committee.**

The Zila Committee may examine the list of property and valuation of each property proposed to be disposed of and approve valuation up to Tk. 7.50 lacs to be prepared by U.R.O. and countersigned by U.N.O. On receipt of the approval of the Zila Committee, the Collector may dispose of the property as per procedure mentioned in para I, with the prior approval of the Zila Committee.

**C. Power of Divisional Committee.**

The Divisional Committee may examine the list of the property and valuation of each individual property prepared by U.R.O. and countersigned by the U.N.O. & A.D.C. (Rev.); and approve valuation up to Tk. 15 lacs. On receipt of the approval of the Divisional Committee the Collector of the District concerned will dispose of the property as per rule with prior approval of the Divisional Committee.

**D. Board of Land Administration.**

The Board of Land Administraton may examine the list of property and valuation of each individual property prepared by the U.R.O. and countersigned by the U.N.O. & A.D.C. (Rev.); and approve valuation up to Tk. 30 lacs. On receipt of approval from the Baord of Land Administration the Collector concerned will dispose of the property in the prescribed manner with prior approval of the Board of Land Administration.

**E. Government.**

The list of each individual property which has been valued above Tk. 30 lacs prepared by the U.R.O and countersigned by the collector and the Secretary, Board of Land Administration may be examined and approved by the Govt. in the Land Administration and Land Reforms Division. But the proposal should come to the Government under the authority of the Board under its examination by the Board. On receipt of approval from the government the Collector may dispose of the property in the prescribed manner with prior approval of the Government.

3. The U.N.O. will execute deed and deliver possession in respect of properties, which the Upazila Committee disposed of and in other cases the Collector will execute deed and deliver possession.

4. The vested properties situated in the areas which have not yet been upgraded into Upazila may be dealt with by the zila Committees in which such properties are situated.

**5. In respect of vested properties of Dhaka Metropolitan city and Narayanganj pourasava, the Addl. Deputy Commissioner (L.A.), Dhaka may act as the Member-Secretary of the Dhaka Zila Committee.**

6. Valuation should be checked against the valuation made for abandoned properties by the Works Ministry. The Board of Land Administration should maintain liaison in the matter so that there is no difference in valuation of properties of the two categories in the same area.

7. With the formation of the Committees mentioned above, as in annexure 'A' the Committees formed earlier vide this Division Memo. No. 64(38)-V.P.-687/77 dated, 26-1-79 and Memo. No. 2100(19)-V.P. dated 29-6-82 shall cease to operate".

It is now believed that works at the Upazila & Zila level may proceed vigorously for the disposal of vested property as quickly as it is desired by the Government. The Government decision that vested property should be disposed of by 31st December, 1983 was once again reiterated.

**Sd/-MD. KHANEY ALAM KHAN**
*5-12-83*
*Chairman*
*Board of Land Administration.*

*Memo No. 3476/1(450)/685/83-V.P.* *Dated 5-12-1983*

Copy forwarded for information and necessary action to:

1. Secretary, Land Administration & Land Reforms Division.
2. Member-I/II, Board of Land Administration
3. Divisional Commissioner, Dhaka/Chittagong/Khulna/Rajshahi Division.
4. P.S. to Minister, Ministry of Law & Reforms.
5. Secretary, Board of Land Administration.
6. Assistant Secretary, Board of Land Administration.
7. Upazila Nirbahi Officer......................................
8. S.D.O......................................
9. Section Officer..............................., Board of Land Administration.

**Sd/-A. B. KHAN**
*Asst. Secretary,*
*Board of Land Administrtion.*

ANNEXURE 'A'

**Formation of the Committee.**

1. Upazila Committee:
(i) Upazila Nirbahi Officer - Chairman
(ii) Upazila Revenue Officer - Member-Secretary
(iii) Assistant Commissioner - Member
(iv) One or other 2 technical hands as may be considered useful by the Committee may be co-opted.

**2. Zila Committee:**
(i) Deputy Commissioner - Chairman
(ii) Addl. Dy. Commissioner (Rev.) - Member-Secretary
(iii) Any Engineer to be selected by the Chairman - Member.
(iv) One or two other members as may be co-opted by the said committee.

**3. Divisional Committee:**
(i) Divisional Commissioner -Chairman
(ii) Addl. Commissioner - Member Secretary
(iii) Any Engineer as may be selected - Member
(v) One or two other members as may be co-opted by the said Committee. -

**4. Board of Land Administration.**

The Board of Land Administration will finally give decision in the full Board's meeting on the score of any tricky problems, complicated legal issues of any kind that may be referred to the Board. The Board will obtain policy decision of the Government as and when any such situation is confronted.

**Sd/-MD. KHANEY ALAM KHAN**
*5-12-83*
*Chairman,*
*Board of Land Administration.*

অনুবাদিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি প্রশাসন বোর্ড
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৩৪৭৬/৬৮৫/৮৩-ভি.পি তারিখঃ ৫-১২-৮৩ ইং।

প্রাপক ঃ জেলা প্রশাসক।
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

বিষয় ঃ অর্পিত সম্পত্তি বিলি-বন্দোবস্ত বিভিন্ন স্তরের কমিটির ক্ষমতাবলী।

অর্পিত সম্পত্তির স্থায়ী বিলি বন্দোবস্তের ব্যাপারে সরকার ইতিমধ্যে গঠিত কমিটির ক্ষমতা বর্ণনা করিয়া নির্দেশ জারী করিয়াছেন। অর্পিত সম্পত্তি চিহ্নিতকরণ, সরেজমিনে নিরীক্ষা ও দখল গ্রহণ সম্পর্কিত সরকারী নীতিমালা জারী করা হইয়াছে। সংশ্লিষ্ট এলাকার একই শ্রেণীর জমির ১২ মাসের গড় বাজার মূল্যের ভিত্তিতে অর্পিত সম্পত্তির মূল্য নির্ধারণের জন্য আদেশ জারী করা হইয়াছে। গণপূর্ত বিভাগের নির্ধারিত হার মোতাবেক ঘর বাড়ীর মূল্যায়ন করিতে হইবে।

বিভিন্ন কমিটির সরকার প্রদত্ত ক্ষমতা নিম্নে উল্লেখ করা হইলঃ

**(ক) উপজেলা কমিটির ক্ষমতাঃ**

উপজেলা রাজস্ব অফিসার কর্তৃক প্রণীত ১.৫০ লাখ টাকা মূল্যের সম্পত্তি উপজেলা কমিটি নিরীক্ষা করিবেন। উপজেলা কমিটির পুর্বানুমোদনক্রমে উক্ত অনুমোদন পাওয়ার পর সরকারের ১৩-৯-৮২ তারিখের ১-এল ৭/৮২/২৯৮৯১৯) ভিপি/এপি নং সার্কুলার মোতাবেক উপজেলা রাজস্ব অফিসার সম্পত্তি বিক্রয়/বন্দোবস্তের ব্যবস্থা করিবেন। উক্ত সার্কুলারের ২নং অনুচ্ছেদ নিম্নে উল্লেখ করা হইলঃ

"জরাজীর্ণ ও কাঁচা ঘরবাড়ী এবং যেসব ঘরবাড়ী সরকারী কাজের জন্য প্রয়োজন হইবে না তাহার মূল্য নির্ধারণ করিয়া বর্তমান লীজ গ্রহীতাদের নিকট বিক্রয়ের প্রস্তাব দেওয়া হইবে। তবে শর্ত থাকিবে যে এরূপ লীজ গ্রহীতার নিজের বা স্ত্রীর বা পোষ্য-এর নামে দেশের কোন শহরাঞ্চলে কোন বাড়ী বা জমি থাকিবে না। যদি বর্তমান লীজ গ্রহীতা কোন কারণে ক্রয় করিতে অসমর্থ হন বা অনিচ্ছুক হন বা ক্রয়ের অযোগ্য হন, তবে উপযুক্ত প্রচারক্রমে সীলমোহরযুক্ত টেন্ডারের মাধ্যমে এরূপ ব্যক্তির নিকট সর্বোচ্চ মূল্যে বিক্রয় করিতে হইবে যাহাদের নিজের বা পোষ্য-এর নামে শহরাঞ্চলে কোন জমি বা বাড়ী নাই। এই শর্ত ভঙ্গি করিলে টেন্ডার বিক্রয় বাতিল বলিয়া গণ্য হইবে এবং তদুপরি তিনি শাস্তি যোগ্য হইবেন।

**(খ) জেলা কমিটির ক্ষমতাঃ**

জেলা কমিটি প্রত্যেকটি সম্পত্তির তালিকা ও বিবরণ নিরীক্ষা করিবেন এবং প্রস্তাবিত বিক্রয়যোগ্য সম্পত্তির মূল্যায়ন পুনঃপরীক্ষা করিয়া নির্ধারিত মূল্যে উপজেলা রাজস্ব অফিসার কর্তৃক মূল্য যাচাই/নিরীক্ষা করিয়া প্রতি ক্ষেত্রে ৭.৫০ লক্ষ টাকা পর্যন্ত মূল্যায়ন অনুমোদন করিবেন। অনুমোদনের পর জেলা কমিটির পূর্ব সম্মতিক্রমে জেলা প্রশাসন সম্পত্তি বিক্রয়ের ব্যবস্থা করিবেন।

(গ) বিভাগীয় কমিটির ক্ষমতাঃ

বিভাগীয় কমিটি থানা রাজস্ব অফিসার কর্তৃক প্রণীত এবং উপজেলা নির্বাহী অফিসার ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিক্রয়যোগ্য সম্পত্তির তালিকা ও মূল্যায়ন ও নিরীক্ষা করিবেন এবং ১৫.০০ লক্ষ টাকা পর্যন্ত প্রতিটি সম্পত্তির মূল্যায়ন অনুমোদন করিবেন। অনুমোদনের পর কমিটির পূর্ব-সম্মতিক্রমে জেলা প্রশাসক সম্পত্তি বিক্রয়ের ব্যবস্থা করিবেন।

(ঘ) ভূমি প্রশাসন বোর্ডঃ

ভূমি প্রশাসন বোর্ড বিক্রয়যোগ্য সম্পত্তির তালিকা এবং উপজেলা রাজস্ব অফিসার কর্তৃক প্রণীত এবং উপজেলা নির্বাহী অফিসার ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল্যায়ন নিরীক্ষা করিয়া প্রতি ক্ষেত্রে ৩০.০০ লক্ষ টাকা পর্যন্ত মূল্যায়ন অনুমোদন করিবেন। এই অনুমোদনের পর বোর্ডের পূর্ব-সম্মতিক্রমে জেলা প্রশাসক সম্পত্তি বিক্রয়ের ব্যবস্থা করিবেন।

(ঙ) সরকার

যে সকল একক সম্পত্তির মূল্য ৩০.০০ লক্ষ টাকার অধিক সেই সকল ক্ষেত্রে সরকার উপজেলা রাজস্ব অফিসার কর্তৃক প্রণীত তালিকা ও জেলা প্রশাসক কর্তক্ প্রতিস্বাক্ষরিত মূল্যায়ন নিরীক্ষা করিয়া প্রতি ক্ষেত্রে ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার বিভাগ সরকারের অনুমোদন জ্ঞাপন করিবেন। এরূপ ক্ষেত্রে অনুমোদনের প্রস্তাবসমূহ ভূমি প্রশাসন বোর্ড পরীক্ষা করিয়া সুপারিশসহ সরকারের নিকট পেশ করিবেন। সরকারী অনুমোদন পাওয়ার পর জেলা প্রশাসক উহা বিক্রয়ের ব্যবস্থা করিবেন।

৩। উপজেলা কমিটি কর্তৃক অনুমোদিত বিক্রয়যোগ্য সম্পত্তির ক্ষেত্রে, উপজেলা নির্বাহী অফিসার বিক্রয় দলিল সম্পাদন করিবেন এবং দখল বুঝাইয়া দিবেন। অন্যান্য সম্পত্তির ক্ষেত্রে জেলা প্রশাসক দলিল সম্পাদন করিবেন এবং বিক্রিত সম্পত্তির দখল প্রদান করিবেন।

৪। যে সকল এলাকায় এখনও উপজেলা ঘোষণা করা হয় নাই, সে এলাকায় অবস্থিত অর্পিত সম্পত্তি বিক্রয়ের ব্যাপারে জেলা কমিটি প্রয়োজনীয় কার্য সম্পাদন করিবেন।

৫। ঢাকা মেট্রোপলিটন এলাকা এবং নারায়ণগঞ্জ পৌর এলাকার অর্পিত সম্পত্তি বিক্রয়ের ব্যাপারে অতিরিক্ত জেলা প্রশাসক (ভূমি অধিগ্রহণ) ঢাকা জেলা কমিটির সদস্য-সচিব হিসাবে কাজ করিবেন।

৬। পরিত্যক্ত সম্পত্তির মূল্যায়ন গণপূর্ত বিভাগ নিরীক্ষা করিবে। একই এলাকায় অবস্থিত অর্পিত ও পরিত্যক্ত সম্পত্তির মূল্য নির্ধারণে যাহাতে কোন অসঙ্গতি না থাকে তাহার প্রতি লক্ষ্য রাখিবার জন্য পরিত্যক্ত সম্পত্তির মূল্য নিরীক্ষা কাজে ভূমি প্রশাসন বোর্ড গণপূর্ত মন্ত্রণালয়ের সহিত ঘনিষ্ঠ যোগাযোগ রক্ষা করিবে।

৭। সংযোজনী 'ক' তে বর্ণিত কমিটিসমূহ গঠন করিবার প্রেক্ষিতে ৬-১-৭৯ তারিখের মেমো নং-৬৪ (৩৮)-ভিপি-৬৮৭/৭ এবং ২৩-৬-৮২ তারিখের ২১০০(১৯)-ভিপি স্মারকে বর্ণিত কমিটি বাতিল বলিয়া গণ্য হইবে।

সরকার ও বোর্ড আশা করে যে, এখন হইতে উপজেলা ও জেলা পর্যায়ে অর্পিত ও পরিত্যক্ত সম্পত্তি বিক্রয়ের কার্যক্রম ত্বরান্বিত করিবার জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তা সর্বাত্মক প্রচেষ্টা চালাইবেন।

সরকার এই ইচ্ছা পোষণ করেন যে আগামী ৩১-১২-৮৩ ইং তারিখের মধ্যে বিক্রয় কার্যক্রম সম্পন্ন হইবে।

স্বা/- মোঃ খানে আলম খান
চেয়ারম্যান।

সংযোজনী................................'ক'

## কমিটিসমূহের গঠন প্রণালী

১। উপজেলা কমিটিঃ

(ক) উপজেলা নির্বাহী অফিসার................. চেয়ারম্যান
(খ) উপজেলা রাজস্ব অফিসার..................... সদস্য-সচিব
(গ) সহকারী কমিশনার........................ সদস্য
(ঘ) প্রয়োজনীয় কারিগরী জ্ঞানসম্পন্ন ১ বা ২ জন ব্যক্তিকে কো-অপট করা যাইবে।

২। জেলা কমিটিঃ

(ক) জেলা প্রশাসক.......................... চেয়ারম্যান
(খ) অতিরিক্ত জেলা প্রশাসক........ সদস্য-সচিব
(গ) চেয়ারম্যান কর্তৃক মনোনীত একজন প্রকৌশলী......................... সদস্য
(ঘ) ১ বা ২ জন মেম্বার কো-অপট করা যাইতে পারে।

৩। বিভাগীয় কমিটিঃ

(ক) বিভাগীয় কমিশনার.................................... চেয়ারম্যান
(খ) অতিরিক্ত কমিশনার............................... সদস্য-সচিব
(গ) চেয়ারম্যান কর্তৃক মনোনীত একজন প্রকৌশলী..................... সদস্য
(ঘ) ১ বা ২ জন মেম্বার কো-অপট করা যাইতে পারে।

৪। ভূমি প্রশাসন বোর্ডঃ

আইন বা অন্য কোন বিষয়ে জটিলতা দেখা দিলে তাহা পূর্ণ বোর্ডের সভায় নিষ্পত্তি হইবে। প্রয়োজনে নীতিগত প্রশ্নে বোর্ডকে সরকারের নিকট হইতে সিদ্ধান্ত/স্পষ্টীকরণ গ্রহণ করিতে হইবে।

স্বা/- মোঃ খানে আলম খান
চেয়ারম্যান।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি প্রশাসন বোর্ড
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনা ও হস্তান্তর সম্বন্ধে বিশেষ নির্দেশাবলী।

১। অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনা ও হস্তান্তর প্রসংগে যে যে নির্দেশ বাংলাদেশ সরকার ও ভূমি প্রশাসন বোর্ড কর্তৃক ইতিপুর্বে দেওয়া হয়েছে তার উপর ভিত্তি করে নির্দেশাবলী পুনঃইস্যু করার নিমিত্ত বিভিন্ন জেলা থেকে অনুরোধ করা হয়েছে।

২। অর্পিত সম্পত্তি সম্বন্ধে যে অধ্যাদেশ সরকার জারী করেছিলেন তা হলোঃ

(১) ইং ১৯৭৪ সনের ৪৫ নং অধ্যাদেশ ও
(২) ইং ১৯৭৬ সনের ৯৩ নং অধ্যাদেশ।

৩। অর্পিত সম্পত্তির ব্যবস্থাপন সম্বন্ধে বাংলাদেশ সরকার ২৩শে মে ১৯৭৭ সনে যে নির্দেশ জারী করেছিলেন (সার্কুলার নং-এ/৮৮/১৫৬-আর, এল, তাং ২৩-৫-৭৭ এতে প্রতীয়মান হয় যে অর্পিত সম্পত্তি নিম্ন প্রকারেরঃ

(১) অকৃষি জমি,
(২) পতিত অকৃষি জমি,
(৩) বাড়ীঘর কাঁচা/পাকা গ্রামাঞ্চলে অবস্থিত,
(৪) শহর অঞ্চলে কাঁচা/পাকা বাড়ীঘর ও তৎসংলগ্ন জমি,
(৫) দোকান, গুদামঘর ইত্যাদি,
(৬) ফলের বাগান ইত্যাদি,
(৭) পুকুর, জলাশয়, বিল, ডাংগা ইত্যাদি,

অস্থাবার অর্পিত সম্পত্তি অথবা অর্পিত সম্পত্তিতে অবস্থিত অন্যান্য দ্রব্যাদি ব্যবস্থাপনা ও হস্তান্তরের নিমিত্ত বাংলাদেশ সরকারের আদেশক্রমে বিভিন্ন কার্যালয়ে যে সকল কমিটিগুলি গঠিত হয়েছে তা নিম্নরূপঃ

৪। কমিটি গঠনঃ

(ক) উপজেলা পর্যায়ে (উপজেলা কমিটি) কমিটির ক্ষমতা ও কার্যক্রমঃ

| ক্রমিক নং | কমিটি গঠন |
|---|---|
| ১। সভাপতিঃ উপজেলা নির্বাহী অফিসার | (ক) অর্পিত সম্পত্তি কিনা তাহা নির্ধারণ ও তার তফসিল বর্ণনা। |
| ২। সদস্য সচিবঃ উপজেলা রেভিনিউ অফিসার | (খতিয়ান নং, দাগ নং, জমির শ্রেণী, এরিয়া পূর্ব মালিকের নাম ইত্যাদি ইউনিটওয়ারী) |
| ৩। সদস্য ঃ সহকারী কমিশনার | |

৪। সদস্যঃ কমিটি কর্তৃক ১/২ জন ব্যক্তি কোঅপটকরণ (টেকনিক্যাল ব্যক্তি)

(খ) সম্পত্তির মূল্য নির্ধারণ,

(গ) সংশ্লিষ্ট দরখাস্তকারী/দাবীদারের দাবী বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণ,

(ঘ) সম্পত্তির মূল্য আদায়ের ব্যবস্থা গ্রহণ,

(ঙ) সম্পত্তি হস্তান্তরের চূড়ান্তকরণের বিষয়ে কার্যক্রম।

**(খ) জেলা পর্যায়ে জেলা কমিটিঃ**

১। সভাপতি................................. জেলা প্রশাসক

২। সদস্য সচিব............................. অতিঃ জেলা প্রশাসক (রাজস্ব)

৩। সদস্য................................. সভাপতি কর্তৃক মনোনীত কোন ইঞ্জিনিয়ার

৪। সদস্য ................................. কমিটি কর্তৃক ১/২ জন ব্যক্তি কো-অপটকরণ।

**(গ) বিভাগীয় পর্যায়ে (বিভাগীয় কমিটি)ঃ**

১। সভাপতি................................. বিভাগীয় কমিশনার

২। সদস্য সচিব............................. অতিরিক্ত কমিশনার

৩। সদস্য................................. সভাপতি কর্তৃক মনোনীত কোন ইঞ্জিনিয়ার

৪। সদস্য ................................. কমিটি কর্তৃক ১/২ জন ব্যক্তি কো-অপটকরণ।

**৫। কমিটি কার্যক্রমঃ**

অর্পিত সম্পত্তি সুষ্ঠ ব্যবস্থাপনার উদ্দেশ্যে যে যে করণীয় কাজ রয়েছে সংক্ষেপে নিম্নে তার বর্ণনা দেওয়া গেলঃ

(১) প্রতি ইউনিট সম্পত্তি পরিদর্শন ও সম্পত্তিতে অবস্থিত যাবতীয় বিষয় সম্বন্ধে নোট গ্রহণ,

(২) প্রতি ইউনিটে সম্পত্তির মূল্য নির্ধারণ,

(৩) প্রয়োজনবোধে জমা বিভক্তিকরণ,

(৪) অবৈধ দখলকারীকে উচ্ছেদকরণ,

(৫) প্রতিটি ইউনিটে সম্পত্তি সম্বন্ধে একটি ফাইলে সমস্ত বিষয়ে নোট লিখিয়া কমিটি সমীপে উপস্থাপন।

অর্পিত সম্পত্তি সম্পর্কীয় কোন কোমদ্দমা কোন কোর্টে বিচারাধীন থাকলে তদবিষয়ে সবিশেষ যত্ন সহকারে তদবির তদারক করে চূড়ান্তকরণের ব্যবস্থা করতে হবে। অতঃপর মোকদ্দমা নিষ্পত্তিকরণের পর বিভিন্ন পর্যায়ে কমিটির সমীপে পেশ করতে হবে।

**৬। কমিটি সমীপে উপস্থাপনঃ**

প্রতিটি কেস উপজেলা কমিটি সমীপে উপস্থাপন করতে হবে। যে সে সম্পত্তির মূল্য ১.৫০ লাখ (দেড় লাখ) টাকা পর্যন্ত সেই সেই সম্পত্তি সম্পর্কে চূড়ান্ত ব্যবস্থা গ্রহণ করবে উপজেলা কমিটি। ১.৫০ লাখ (দেড় লাখ) টাকার উপর যে ইউনিটে সম্পত্তির মূল্য নির্ধারিত হবে সে সম্পর্কে উপজেলা কমিটি

কেবলমাত্র নিম্নলিখিত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

(ক) অত্র সম্পত্তি অর্পিত সম্পত্তি কিনা?

(খ) সম্পত্তির মূল্য নির্ধারণ ঠিক হয়েছে কিনা?

(গ) আনুষাঙ্গিক অর্থাৎ কোন কমিটিতে কোন কেস উপস্থাপিত হওয়া উচিত ও অন্যান্য জ্ঞাতব্য বিষয়ে কার্যক্রম,

(ঘ) অতঃপর উপজেলা কমিটি সম্পত্তি বরাদ্দ ও সম্পত্তির মূল্য সম্পর্কীয় সিদ্ধান্তগুলি গ্রহণ করবে,

(ঙ) জেলা কমিটি ও বিভাগীয় কমিটি যে যে কাজ করবে তা ৪ নং অনুচ্ছেদ সংক্ষেপে বর্ণনা দেওয়া হয়েছে।

৭। জমি হস্তান্তর সম্বন্ধে যাবতীয় কার্যক্রম গ্রহণের দায়িত্ব থাকবে সদস্য সচিব-এর উপর, এবং তাঁকে সর্ববিষয়ে সক্রিয় সহযোগিতা প্রদান করবেন ভি, পি, সুপারিনটেনডেন্ট/সহকারী সুপারিনটেনডেন্ট।

৮। জমি রেজিষ্ট্রি খরচ ইত্যাদি বহন করবেন জমি বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি।

৯। বড় বড় শহর যেমন-ঢাকা, চট্টগ্রাম , খুলনা ও রাজশাহী শহরে বা অন্যান্য থানায় যেখানে উপজেলা গঠিত হয়নি সেই সমস্ত এলাকায় কার্যাদির সূচনা ও পরিচালনা করবে জেলা কমিটি।

১০। বিভাগীয় কমিশনার অফিস/ভূমি প্রশাসন বোর্ড পর্যায়ে উপরোক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত অতিরিক্ত জেরা প্রশাসক (রাজস্ব) এবং, ভি, পি, সুপারিনটেনডেন্ট/সহকারী সুপারিনটেনডেন্ট অনুষ্ঠিতব্য সভাগুলিতে উপস্থিত থাকবেন যাতে প্রতিটি কেসের বিষয়বস্তু সম্বন্ধে অবহিত করতে পারেন। বলা বাহুল্য যে তারা কেসের নথিগুলি নির্ধারিত তারিখে কমিটি সমীপে উপস্থাপন করবেন।

১১। কার্যবিবরণী বহি সংরক্ষণঃ প্রতিটি কমিটির সিদ্ধান্ত লিপিবদ্ধ করার নিমিত্ত একটি মজবুত বহি বা রেজিষ্টার খুলতে হবে এবং যত্ন সহকারে তা সংরক্ষণ করতে হবে। কমিটি গৃহীত সিদ্ধান্ত গুলি সহজ ও সরল ভাষায় করতে হবে। পরবর্তীকালে কমিটির সিদ্ধান্তগুলি দিন দিন যেরূপভাবে বাস্ত -বায়ন হয় তৎসম্বন্ধে সংক্ষিপ্ত নোট রাখতে হবে। পূর্বেই উল্লেখ করা হয়েছে যে প্রতিটি কেসের জন্য পৃথক পৃথক কেস রেকর্ড এবং প্রতি কেসে ও কমিটির সিদ্ধান্তের একটি অনুলিপি সংযোজন করতে হবে।

১২। নির্ধারিত মূল্য একযোগে আদায় করতে হবে। এতে সুবিধা এই যে টাকা আদায়ের সংগে সংগে রেজিষ্ট্রি কার্য সম্পাদন করা যায় এবং প্রয়োজনবোধে নতুন একটি হোল্ডিং বা খতিয়ান খুলে দেওয়া যায়। যে যে ক্ষেত্রে আবেদনকারী একযোগে সম্পূর্ণ টাকা দিতে অপারগ হন তার জন্য দুই বা অনুর্ধ চার কিস্তিতে টাকা পরিশোধের ব্যবস্থা রাখতে হবে। কমিটির সিদ্ধান্ত কেবলমাত্র কমিটিই 'রিভিউ' করতে পারবে, অন্যথায় কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গ্রহণ করতে হবে।

১৩। প্রতি কমিটির একটি মাসিক রিপোর্ট ভূমি প্রশাসন বোর্ডে দাখিল করে কাজের অগ্রগতির ব্যাখ্যা প্রদান করবেন। এই রিপোর্ট প্রাপ্তির পর উপজেলা/জেলা ও বিভাগওয়ারী কেস চূড়ান্তকরণের অগ্রগতির একটি তালিকা বোর্ড কর্তৃক প্রতি মাসে প্রকাশিত হবে।

এছাড়া প্রতিটি জেলা/উপজেলা থেকে নিয়মমাফিক নির্ধারিত ফরমে অর্পিত সম্পত্তির রিটার্ন দাখিল করতে হবে।

১৪। যে যে সম্পত্তি আগামী ৩০শে জুনের মধ্যে নিষ্পত্তি/হস্তান্তর হবে না তার কারণ ব্যাখ্যা করে প্রতিটি জেলা/উপজেলা থেকে ব্যাখ্যা দাখিল করতে হবে।

১৫। প্রতিটি জেলায় ভি, পি, সেলে কার্যক্রম সুষ্ঠুভাবে ব্যবস্থাকরণের নিমিত্ত এক একটি বাস্তবায়ন কমিটি করলে ভাল হয়।

যে কোন বিষয়ে কোন অসুবিধার সম্মুখীন হলে বোর্ডের সেক্রটারী অথবা সহকারী সেক্রেটারীর সংগে ৪০৪৮৮৬ নং টেলিফোনে আলোচনা করা যেতে পারে।

স্বা/- মোঃ খানে আলম খান
চেয়ারম্যান,
ভূমি প্রশাসন বোর্ড।

স্মারক নং ১০-এস-১২/৮৪/৬ বি.এল.এ. তারিখঃ ৯-৪-৮৪ ইং।

অনুলিপি অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য-

১। সচিব, ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়।
২। কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগ।
৩। সচিব, ভূমি প্রশাসন বোর্ড।
৪। সহকারী সচিব (১), ভূমি প্রশাসন বোর্ড।
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)...................... অত্র সার্কুলার উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা রেভিনিউ অফিসার বরাবর পাঠানোর জন্য অনুরোধ করা হইল।
৬। শাখা প্রধান............................. ভূমি প্রশাসন বোর্ড।

স্বা/- মোঃ আবুল বাশার খান
সহকারী সচিব,
ভূমি প্রশাসন বোর্ড।

রাষ্ট্রপতির সচিবালয়
পাবলিক বিভাগ
বঙ্গভবন, ঢাকা।

নম্বর সি এস টি ৭২(২)/৮৪-৮১(৭) তারিখঃ ০৬-০৮-৮৪ ইং।

বিষয় ঃ মহামান্য রাষ্ট্রপতির ঘোষণাবলী।

গত ৩১শে জুলাই, ১৯৮৪ ঢাকার শিল্পকলা একাডেমীতে অনুষ্ঠিত হিন্দু সম্প্রদায়ের প্রতিনিধিদের মহা-সম্মেলনে মহামান্য রাষ্ট্রপতি নিম্নলিখিত প্রতিশ্রুতিসমূহ ঘোষণা করেন। এগুলির বাস্তবায়নের জন্য পার্শ্বে উল্লেখত কর্তপক্ষকে দায়িত্ব দেওয়া হইয়াছে।..............................................................................................................................

| ঘোষণাবলী | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|
| ১। 'অর্পিত সম্পত্তি' হস্তান্তর এবং নূতন করে কোন সম্পত্তি অর্পিত সম্পত্তি ঘোষণা করা বন্ধ করা হলো। | ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়। |
| ২। আইনগত দিক থেকে কোন বাধা না থাকলে অর্পিত সম্পত্তি সাধারণ হিন্দু উত্তরাধিকার আইন অনুযায়ী পরিচালিত হবে। | ঐ |
| ৩। দেবোত্তর ও ব্রহ্মোত্তর সম্পত্তি সরকারের বিনা অনুমতিতে হস্তান্তর করা যাবে না। | ঐ |
| ৪। ...................................................................... ...................................................................... | |
| ৫। শ্মশান ঘাট ও অনুরূপ স্থান সরকারের বিনা অনুমতিতে হস্তান্তর নিষিদ্ধ করা হলো। | ঐ |
| ৬। ...................................................................... ...................................................................... | |
| ৭। ...................................................................... ...................................................................... | |

মহামান্য রাষ্ট্রপতি অনুমোদনক্রমে-
স্বাক্ষরঃ এ, এম, নুর মোহাম্মদ
সচিব।

বিতরণঃ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।
সচিব, ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়।
......................................................................
......................................................................
......................................................................
......................................................................

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়
শাখা-৫

স্মারক নং ৫-২৩/৮৩(অংশ-১)/৩৩৮(৬৪), তারিখঃ ২৩-১১-৮৪ইং।

প্রাপক ঃ জেলা প্রশাসক,
..........................................

বিষয় ঃ অর্পিত সম্পত্তি।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছে যে, অর্পিত সম্পত্তি নিষ্পত্তিকরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম এবং নতুন করিয়া কোন সম্পত্তি অর্পিত সম্পত্তি হিসাবে ঘোষণা করা ২১-০৬-৮৪ তারিখ হইতে স্থগিত করা হইয়াছে। উক্ত ২১-৬-৮৪ তারিখের পরে অর্পিত সম্পত্তি সম্পর্কে মহামান্য রাষ্ট্রপতির ঘোষণাবলীর পরিপন্থী কোন আদেশ জারী করা হইলে তাহা বাতিল বলিয়া গণ্য করা হইবে।

এ প্রসংগে মহামান্য রাষ্ট্রপতির সচিব মহোদয়ের ০৬-০৮-৮৪ তারিখের স্মারক নং সি এম পি ৭২/(২)/৮৪-৮১(৭)-এর সংশ্লিষ্ট অংশের উধৃতি তাঁহার জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অত্র সংগে সংযোজিত করা হইল।

স্বা/- এম, এল, বড়ুয়া
২৪-১১-৮৪
উপ-সচিব (প্রশাসন)।

স্মারক নং ৫-২৩/৮৩(অংশ-১)/৩৩৮/৬৪/১(৬), তারিখঃ ২৪-১১-৮৪ইং।

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুলিপি প্রেরিত হইল। তাঁহার অধীনস্থ সকলকে প্রয়োজনীয় কার্যক্রম করার জন্য নির্দেশদানের জন্য অনুরোধ করা যাইতেছে।

(১) চেয়ারম্যান, ভূমি প্রশাসন বোর্ড।
(২) কমিশনার.............................।
(৩) উপ-সচিব (এম)/আর।

স্বা/- এম, এল, বড়ুয়া
২৪-১১-৮৪
উপ-সচিব (প্রশাসন)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়
শাখা-৫

স্মারক নং ৫-২৩/৮৪(অংশ-১)/৩৮৫, তারিখঃ ২৯-১২-৮৪ইং।

প্রাপক ঃ চেয়ারম্যান,
ভূমি প্রশাসন বোর্ড,
ঢাকা।

বিষয় ঃ অর্পিত সম্পত্তি।

সূত্র ঃ অত্র মন্ত্রণালয়ের স্মারক নং ৫-২৩/৮৩(অংশ-১)/৩৩৮(৬৪), তারিখঃ ২৪-১০-৮৪ইং।

সূত্রে উল্লেখিত স্মারকের ধারাবাহিকতায় নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছে যে, অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনায় যাহাতে অচলাবস্থার সৃষ্টি না হয় সে জন্য যে সমস্ত অর্পিত সম্পত্তি সরকারের আয়ত্তাধীন ও ব্যবস্থাপনায় আছে, সেগুলির ব্যবস্থাপনা, লীজ নবায়ন ইত্যাদি অর্পিত সম্পত্তি চূড়ান্ত নিষ্পত্তিকরণ সম্পর্কে সরকারের সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত পূর্বের ন্যায় চলিতে থাকিবে।

এ বিষয়ে বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকগণকে প্রয়োজনীয় নির্দেশ দিবার জন্যও নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া অনুরোধ জানাইতেছে।

স্বা/- মোঃ হাবিবুর রহমান
উর্ধ্বতন শাখা প্রধান।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি প্রশাসন বোর্ড
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং এ,এস-১২/৮৪/৫২-বি.এল.এ. তারিখঃ ১-১-৮৫ইং।

প্রাপক ঃ কমিশনার/জেলা প্রশাসক.....................................................।

বিষয় ঃ <u>অর্পিত সম্পত্তি।</u>

স্মারক নং ৫-২০/৮৪(অংশ)-১/৩৮৫, তারিখ ২৯-১২-৮৪ ইং সূত্রে উল্লেখিত স্মারকের ধারাবাহিকতার নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছে যে, অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনায় যাহাতে অচলাবস্থার সৃষ্টি না হয় সেজন্য যে সমস্ত অর্পিত সম্পত্তি সরকারের আয়ত্তাধীন ও ব্যবস্থাপনায় আছে, সেগুলির ব্যবস্থাপনা, লীজ নবায়ন ইত্যাদি অর্পিত সম্পত্তি চূড়ান্ত নিষ্পত্তিকরণ সম্পর্কে সরকারের সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত পূর্বের ন্যায় চলিতে থাকিবে।

স্বা/- মোঃ হাবিবুর রহমান,
উর্ধ্বতন শাখা প্রধান,
ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়।

মন্ত্রণালয় হইতে প্রাপ্ত উপরোক্ত নির্দেশ সকল সংশ্লিষ্ট অফিসারের নিকট বিতরণের জন্য প্রেরিত হইল।

সরকারের পুনরাদেশ না পাওয়া পর্যন্ত অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনা যথারীতি চালাইয়া যাইতে হইবে। যে সমস্ত অর্পিত সম্পত্তিতে মোকদ্দমা রুজু ছিল এবং যাহা ইতিমেধ্যই নিষ্পত্তি হইয়া গিয়াছে তাহাও সক্রিয় ব্যবস্থাপনায় আনয়ন করিতে হইবে।

অনেক কৃষি জমি আছে যাহাতে একসনা লীজ মাঝে মাঝে নবায়ন করা হইয়াছে, আবার কোন কোন সময়ের টাকা বকেয়া পড়িয়াছে। অতএব অর্পিত সম্পত্তির পর্যালোচনায় যে যে সম্পত্তির বকেয়া টাকা অনাদায় রহিয়াছে তাহা অতিসত্বর আদায়ের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনায় প্রচলিত (prevailing) রেট মোতাবেক আদায় করিতে হইবে। খাস জমির রেটের সহিত অর্পিত সম্পত্তির রেটের কোন সম্পর্ক নাই।

অর্পিত সম্পত্তি সম্বন্ধে যে বিবরণ চাওয়া হইয়াছিল তাহা সকল জেলা হইতে পাওয়া যায় নাই। উহা অবিলম্বে প্রেরণ করিবার জন্য অনুরোধ জানানো হইল। বলা বাহুল্য আপনার জেলা হইতে এ পর্যন্ত আদায়ী টাকার আয়, ব্যয় ও অবশিষ্ট (Balance) টাকার হিসাবও এতদসংগে পাঠাইতে হইবে।

স্বা/- শামসুদ-দীন আহমেদ
সচিব,
ভূমি প্রশাসন বোর্ড।

স্মারক নং এস-১২/৮৪/(২১০)/৫২-ভিপি তারিখঃ ১-১-৮৫ইং।

অনুলিপি বরাবর সদয় অবগতির জন্য প্রেরণ করা হইলঃ

১। সচিব, ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়।
২। সদস্য, ভূমি প্রশাসন বোর্ড ১/২।
৩। সহকারী সচিব (রিলেশন), ভূমি প্রশাসন বোর্ড।
৪। শাখা প্রধান.............................. ভূমি প্রশাসন বোর্ড।

অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রেরণ করা হইল।

১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)................................।
২। উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা রিভিনিউ অফিসার...........................।

স্বা/- মোঃ আবুল বাশার খান
সহকারী সচিব,
ভূমি প্রশাসন বোর্ড।

**GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH**
**BOARD OF LAND ADMINISTRATION**
**BANGLADESH SECRETARIAT**
**DHAKA.**

*Memo. No. AS-12/84-V.P./94,* *Dated 09-01-85*

To Deputy Commissioner.............................
(Attention: The Additional Deputy Commissioner (Rev.) ......................

**Subject: Management of Vested Properties.**

In pursuance of the Govt. decision communicated under Memo. No. 5-23/83 (Part-1)/338(68), dated 24-11-84 of the Ministry of Land Admn. & land Reforms to all D. Cs. & Commissioners, the undersigned is directed to say that the Vested Properties which are under the effective control and management of the Govt. should be administered & managed keeping in view the following principles:

(a) Vested Properties which are under the effective control and management of the Govt. should be managed, leased out & the lease granted previously, renewed on annual basis as per rules until decision regarding the final disposal of the vested properties is taken by Govt.
(b) The existing lessees should no be disturbed without specific approval from the Board of Land Administration.
(c) No eviction order should be passed without proper local verification and an order from the Board of Land Administration.

Monthly statement of income out of the vested properties should be submitted to the Board of Land Administration regularly. Up-to-date list of vested properties should be properly maintained and a copy of the same should be submitted to the Board of Land Administration for record.

This should be treated as urgent.

**Sd/-SHAMSUD-DIN AHMED**
*Secretary,*
*Board of Land Administration, Dhaka.*

Memo. No. AS-12/84-V.P./(5)/94, Dated 09-01-1985
Copy forwarded for information to:
2. The Secretary, M/o. L.A & L.R.
3. The Commissioner......................... Division.

**Sd/-SHAMSUD-DIN AHMED**
*Secretary,*
*Board of Land Administration, Dhaka.*

# GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
## BOARD OF LAND ADMINISTRATION
## BANGLADESH SECRETARIAT
## DHAKA.

*Memo. No. AS-12/84/70-V.P.,* *Dated 30-4-85*

To : Deputy Commissioner..............................
Additional Deputy Commissioner (Rev.) ..........................................

**Subject : Management of Vested Property.**

Ref : This Board's Memo. No. AS-12/84-V.P./94, Dated 9-1-1985

The undersigned is directed to say that the following amendments be made in the memo under reference:

In sub-para (b), after the word 'disturbed' the following shall be deleted- "Without specific approval from the Board of Land Administration" and the following shall be added-

If they pay their dues regularly and if they observe the terms and conditions of the lease'.

In sub-para (c), the following shall be deleted after the word 'verification'- "And an order from the Board of Land Administration".

**Sd/-SHAMSUD-DIN AHMED**
*Secretary,*
*Board of Land Administration, Dhaka.*

*Memo. No. AS-12/84/70(682)-V.P.,* *Dated 30-4-85*

Copy forwarded for information to:

1. The Secretary, M/o. Land Admn. & Land Reforms.
2. The Chairman, Board of Land Administration.
3. The Member, Board of Land Administration.
4. The Commissioner, ........................ Division.
5. The Upazila Nirbahi Officer.................................
6. The Section Officer............................ B.L.A.

**Sd/-MD. ABUL BASHAR KHAN**
*Assistant Secretary,*
*Board of Land Administration.*

অনুবাদিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি প্রশাসন বোর্ড
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং এ,এস-১২/৮৪/৭০-ভিপি তারিখঃ ৩০-৪-৮৫ইং।

প্রাপক ঃ জেলা প্রশাসক
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),.................. ।

বিষয় ঃ অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনা।

সূত্র ঃ অত্র বোর্ডের ৯-১-৮৫ ইং তারিখের এ,এস-১২/৮৪-ভি,পি/৯৪ নম্বর স্মারক।

নিম্নস্বাক্ষরকারী নির্দেশিত হইয়া জানাইতেছে যে, সূত্রে উল্লেখিত স্মারক নিম্নোক্তভাবে সংশোধিত হইবেঃ

(১) স্মারকের (খ) উপ-অনুচ্ছেদ "ডিসটারবড" শব্দের পর "উইদাউট স্পেসিফিক এপ্রোভাল ফ্রম দি বোর্ড অব ল্যাণ্ড এডমিনিষ্ট্রেশন" শব্দগুলি বাদ দিতে হইবে; এবং উহার পর "ইফ দে পে দেয়ার ডিউজ রেগুলারলি এণ্ড ইফ দে অবজারভ দি টার্মস এণ্ড কনডিশনস অফদি লীজ" শব্দগলি সংযোজিত করা হইবে।

(২) (গ) উপ-অনুচ্ছেদ "ভেরিফিকেশান" শব্দগুলির পর নিম্নরূপ সংযোজন হইবে:
"এন্ড এন অর্ডার ফ্রম দি বোর্ড অব ল্যান্ড এডমিনিষ্ট্রেশন।"

স্বা/- শামসুদ-দীন আহমেদ
সচিব
ভূমি প্রশাসন বোর্ড।

স্মারক নং এ,এস-১২/৮৪/৭০(৬৮২)-ভিপি তারিখঃ

অবগতির জন্য কপি প্রেরণ করা হইলঃ
১। সচিব, ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়।
২। চেয়ারম্যান, ভূমি প্রশাসন বোর্ড।
৩। মেম্বার, ভূমি প্রশাসন বোর্ড।
৪। কমিশনার, .............................. বিভাগ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, ........................... ।
৬। শাখা প্রধান.......................................... ভূমি প্রশাসন বোর্ড।

স্বা/- মোঃ আবুল বাশার খান
সহকারী সচিব,
ভূমি প্রশাসন বোর্ড।

**GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH**
**BOARD OF LAND ADMINISTRATION**
**BANGLADESH SECRETARIAT**
**DHAKA.**

**Extract of the decision taken in the Board's meeting held on 2-2-85 in the matter of realizing Salami money of agricultural land of vested property for Eksona settlement.**

*　　*　　*　　*
*　　*　　*　　*

4. The learned member of the Board of Land Administration pointed out that rate of Salami money for Eksona settlement of agricultural land now prevails to be Tk. 100/- to 200/- per acre. These appeared to be too low compared to the prevailing rate at the private sector.

It is resolved that the rate of yearly Salami be accepted as the minimum for Tk. 300/- per acre and realization be made at least Tk. 400/- per acre as maximum.

*　　*　　*　　*
*　　*　　*　　*

**Sd/-MD. KHANEY ALAM KHAN**
*Chairman*
*Board of Land Administration, Dhaka.*

*Memo. No. AS-1/18/(128)/77-V.P.*　　*Dated: 26-5-85.*

Copy forwarded to the:

All Deputy Commissioner/Addl. Deputy Commissioner (Rev.) ......... for information and implementation of the decisions of the Board. He is requested to circulate this to the UNOs./UROs. for necessary action.

**Sd/-MD. ABUL BASHAR KHAN**
*Assistant Secretary,*
*Board of Land Administration, Dhaka.*

অনুবাদিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি প্রশাসন বোর্ড
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২-২-৮৫ তারিখে অনুষ্ঠিতব্য বোর্ড সভার কার্যবিবরণীর উদ্ধৃতাংশঃ

বিষয় ঃ অর্পিত কৃষি জমি একসনা লীজের সালামী প্রসংগে।

*　　*　　*　　*
*　　*　　*　　*

বোর্ডের বিজ্ঞ সদস্য উল্লেখ করেন যে, অর্পিত কৃষি জমি একসনা লীজের বর্তমান সেলামীর হার একর প্রতি টাকা ১০০ হইতে টাকা ২০০ পর্যন্ত বলবৎ আছে। বেসরকারী খাতে প্রচলিত হারের তুলনায় ইহা অত্যন্ত কম।

অতএব প্রস্তাব গ্রহণ করা হইল যে প্রতি একর কৃষি জমির বাৎসরিক সেলামীর হার কমপক্ষে টাকা ৩০০ এবং উর্ধপক্ষে একর প্রতি টাকা ৪০০ পর্যন্ত আদায় করিতে হইবে।

*　　*　　*　　*
*　　*　　*　　*

স্বা/- মোঃ খানে আলম খান
চেয়ারম্যান,
ভূমি প্রশাসন বোর্ড।

স্মারক নং এ,এস-১/৮৪(১২৮)//৭৭-ভি,পি,　　তারিখঃ ২৬-৫-৮৫ ইং।

অবগিত ও বোর্ডের সিদ্ধান্ত কার্যকর করার জন্য অনুলিপি দেওয়া গেলঃ
জেলা প্রশাসক (সকল), অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) (সকল)। কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য ইহা ইউ, এন, ও/ইউ, আর, ওদের নিকট প্রেরণ করার জন্য তাহাকে অনুরোধ করা গেল।

স্বা/- মোঃ আবুল বাশার খান
সহকারী সচিব
ভূমি প্রশাসন বোর্ড।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ভূমি মন্ত্রণালয়**
**বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**

**বিষয় ঃ রিভিশনাল সেটেলমেন্ট অপারেশনে অর্পিত সম্পত্তির রেকর্ডকরণ প্রসংগে।**

চলমান জোনাল রিভিশনাল সেটেলমেন্ট অপারেশনে শুমারীভুক্ত অর্পিত সম্পত্তি রেকর্ডকরণ প্রসংগে কোন কোন জেলায় জটিলতা বা ভুল বুঝাবুঝির সৃষ্টি হইয়াছে। ইহা নিরসনের জন্য নিম্নরূপ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেওয়া গেলঃ

(ক) কোন মৌজার ভূমি রেকর্ডের কাজ (খানাপুরি/বুঝারত) কোন তারিখে হইতে আরম্ভ হইবে এবং কোন তারিখে সম্পন্ন করা হইবে, এই মাসে সংশ্লিষ্ট সেটেলমেন্ট বিভাগের কর্মকর্তা, সংশ্লিষ্ট কালেক্টর/জেলা প্রশাসককে পূর্বেই অবিহত করিবেন;

(খ) কালেক্টর/জেলা প্রশাসক সংশ্লিষ্ট মৌজার শুমারীভুক্ত অর্পিত সম্পত্তির একপ্রস্ত সত্যায়িত তালিকা সংশ্লিষ্ট সেটেলমেন্ট বিভাগের কর্মকর্তা/কর্মচারীকে সরবরাহ করিবেন।

(গ) জরিপ ও রেকর্ডের প্রাথমিক দপ্তরে (খানাপুরি/বুঝারত) আমিনগণ শুমারীভুক্ত অর্পিত সম্পত্তি বাংলাদেশ সরকার পক্ষে কালেক্টর এর খতিয়ানে রেকর্ড করিবেন। খতিয়ানের মন্তব্য কলামে প্রদত্ত দখলকারের নাম ও ঠিকানা এবং তিনি কোন সময় হইতে কিভাবে (লীজ গ্রহণপূর্বক/অবৈধ) দখলকার ইত্যাদি নোট করিবেন,

(ঘ) শুমারী তালিকাভুক্ত অর্পিত সম্পত্তির মালিকানা কেহ দাবী করিলে তসদিক স্তরে "রাজস্ব অফিসার ও সহকারী সেটেলমেন্ট অফিসার" এর ক্ষমতাপ্রাপ্ত অফিসার ১৯৫৫ সালের প্রজাস্বত্ব বিধিমালার ৩০ নং বিধি অনুযায়ী আপত্তি গ্রহণ করিয়া যথাযথ নোটিশ জারী করিয়া সংশ্লিষ্ট আপত্তিকারী/আপত্তিকারীগণ এবং সরকার পক্ষকে শুনানী দিয়া ঐ সম্পত্তির মালিকানা প্রমাণিত হইলে উহা অবমুক্তির জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট সুপারিশ করিবেন। অন্যথায় দাবী অগ্রাহ্য করিবেন।

(ঙ) উক্ত বিধিমালার ৩০ নং বিধির আপত্তি শুনানী ও আদেশের বিরুদ্ধে কাহারো কোন আপত্তি থাকিলে সংক্ষুব্ধ (Aggrieved) পক্ষ ৩৯ নং বিধি অনুযায়ী আপীল রুজু করিতে পারেন। আপীলেট অফিসার যথাযথ নোটিশ প্রদানে সংশ্লিষ্ট পক্ষগণকে শুনানী দিয়া সম্পত্তিতে ব্যক্তিগত মালিকানা প্রমাণিত হইলে তাহা অবমুক্তির জন্য যথাযথ কর্তৃপক্ষের কাছে সুপারিশ পাঠাইবেন। অন্যথায় আপীল অগ্রাহ্য করিবেন।

(চ) বর্ণিত খ হইতে ঙ নং অনুমোদনের কার্যক্রম গ্রহণে সরকারী স্বার্থ সংরক্ষণে কালেক্টর/জেলা প্রশাসকের প্রতিনিধি যথা, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), অর্পিত সম্পত্তির দায়িত্বে নিয়োজিত সুপারিনটেনডেন্ট/সহকারী সুপারিনটেনডেন্ট/তহশিলদারগণ ভূমি রেকর্ডের বিভিন্ন স্তরে যথাসময়ে উপস্থিত থাকিয়া প্রয়োজনীয় কাগজপত্রাদি উপস্থাপন করিবেন। অর্পিত সম্পত্তি বিভাগের নিযুক্ত কৌশলী/সরকারী কৌশলীর পরামর্শ/উপস্থিতি বর্ণিত আপত্তি/আপীল কেস শুনানীর সময়ে প্রয়োজন হইতে পারে এবং তদানুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করা যাইতে পারে। এ বিষয়ে কালেক্টর/জেলা প্রশাসক প্রয়োজনীয় নির্দেশ দিবেন।

(ছ) যে সকল অর্পিত সম্পত্তি উচ্চতর আদালতে আপীল/রিভিশন মোকাদ্দমা এবং দেওয়ানী আদালতে মোকদ্দমা বিচারাধীন রহিয়াছে, সেই সকল অর্পিত সম্পত্তি, আপাততঃ কালেক্টর এর খতিয়ানে রেকর্ড করিতে হইবে এবং খতিয়ানের মন্তব্য কলামে, মোকাদ্দমার সংক্ষিপ্ত বিবরণীর নোট লিপিবদ্ধ করিতে হইবে। ভুল তথ্য প্রদানে যদি কোন ব্যক্তি এইরূপ রেকর্ড প্রণয়নের চেষ্টা নেন এবং ভবিষ্যতে তাহা প্রমাণিত হয়, তবে তাহার বিরুদ্ধে কালেক্টর, জেলা প্রশাসক ফৌজদারী আইনে ব্যবস্থা গ্রহণ করিবেন;

(জ) জরিপ ও রেকর্ড প্রণয়নকালে, প্রত্যেক এলাকার উপজেলা রাজস্ব অফিসারকে, কালেক্টর/জেলা প্রশাসক এই মর্মে নির্দেশ প্রদান করিবেন যাহাতে সরকারী সম্পত্তি/অর্পিত সম্পত্তি /সরকারী ব্যবস্থাপনায় ন্যস্ত সম্পত্তি কোন ব্যক্তি বিশেষের নামে রেকর্ডভুক্ত না করা হয়। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ ও সতর্ক দৃষ্টি রাখিবার জন্য জেলা প্রশাসকগণ নিজ নিজ উপজেলা নির্বাহী অফিসারকেও সুস্পষ্ট নির্দেশ দিবেন এবং এ নির্দেশ যাহাতে পালিত হয় সেই জন্য তিনি নিজেই তদারকী করিবেন।

২। এই মর্মে সকলকে সতর্ক করা যাইতেছে যে, সরকারী স্বার্থ ক্ষুন্ন হইলে, সেটেলমেন্ট বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী এবং জেলা প্রশাসনের দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে সরকারী সম্পত্তি আত্মসাৎ/আত্মসাতে সাহায্য করিবার দায়ে অভিযুক্ত করা হইবে এবং তাহার/তাহাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৩। এই পরিপত্রটি, অত্র মন্ত্রণালয় হইতে জারীকৃত ১৪/১/৭৮ ইং তারিখের ৬৬(৪)/১-ভিপি-৭৮৬/৭৭ নং স্মারকের পরিপূরক বলিয়া গণ্য হইবে।

স্বা/- (এম, মোকাম্মেল হক)
সচিব
ভূমি মন্ত্রণালয়।

স্মারক নং ভুঃমঃ(২২/৮৮/৯২(১৪৬) তারিখঃ ১০/৩/৮৮ইং

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রতিলিপি দেওয়া গেলঃ

১। চেয়ারম্যান, ভূমি প্রশাসন বোর্ড।
২। মহা-পরিচালক, বাংলাদেশ ভুমি জরিপ ও ভূমি রেকর্ড অধিদপ্তর, তেজগাও, ঢাকা।
৩। কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগ।
৪। জোনাল সেটেলমেন্ট অফিসার, কুমিল্লা/নোয়াখালী/ফরিদপুর/ময়মনসিংহ/রংপুর/বগুড়া/যশোর।
৫। কালেক্টর/জেলা প্রশাসক ............................... সকল।
৬। সেটেলমেন্ট অফিসার, ঢাকা/চট্টগ্রাম/পাবনা/কুষ্টিয়া।
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ............................... সকল।

স্বা/- (অচ্যুত পদ গোস্বামী)
সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা নং-৫

স্মারক নং ৫-১৯৩/৮৫/৩৫১, তারিখ ২২শে শ্রাবণ ১৩৯৫ বাং
৬ই আগষ্ট ১৯৮৮ ইং।

প্রাপক ঃ জেলা প্রশাসক,
.................................................

বিষয় ঃ অর্পিত সম্পত্তি হইতে উচ্ছেদ, অর্পিত সম্পত্তির তালিকা ও অবমুক্তি সম্পর্কে।

অর্পিত অনাবাসিক সম্পত্তির বিষয়গুলি স্বাভাবিকভাবেই অত্যন্ত জটিল এবং স্পর্শকাতর ধরণের সমস্যার সাথে জড়িত।

২। সম্প্রতি মাঠ পর্যায়ের অর্পিত সম্পত্তি হইতে উচ্ছেদ করা অথবা উক্ত সম্পত্তির অধিগ্রহণ করণার্থে উচ্ছেদ (Eviction) করিবার ব্যাপারে অনেক অনিয়ম ও জটিলতা পরিলক্ষিত হইতেছে। অনেকক্ষেত্রে জেলা প্রশাসন সংশ্লিষ্ট পক্ষকে কোন প্রকার নোটিশ না দিয়াই চূড়ান্তভাবে উচ্ছেদ অভিযান চালাইতেছেন। মহামান্য রাষ্ট্রপতি ৬-৮-৮৪ ইং তারিখের সিএমটি-৭২(২)/৮৪-৮১(৭) নম্বর স্মারকে নিম্নলিখিত সুস্পষ্ট ঘোষণা রহিয়াছেঃ

"অর্পিত সম্পত্তি হস্তান্তর এবং নতুন করে কোন সম্পত্তির অর্পিত সম্পত্তি ঘোষণা করা বন্ধ করা হলো"।

"আইনগত দিকে থেকে কোন বাধা না থাকিলে অর্পিত সম্পত্তি সাধারণ হিন্দু আইন অনুযায়ী পরিচালিত হবে"।

ইহা সত্ত্বেও অনেক জেলায় নতুন করিয়া অর্পিত সম্পত্তি ঘোষণা ও দখল করা হইতেছে। ১৯৬৭ ইং সালের অর্পিত সম্পত্তির রেজিষ্টারে নামে মাত্র স্থান পাইয়াছে এমন সম্পত্তি যথারীতি শুনানী বা পরীক্ষা ছাড়াই অধিগ্রহণ করা হইতেছে। বেশীরভাগ ক্ষেত্রে ন্যায় বিচারে স্বার্থে প্রতিপক্ষকে কোন প্রকার দলিলপত্র দেখানোর সুযোগও দেওয়া হইতেছে না। এ ধরণের ন্যূনতম সুবিচার নিশ্চিত না করিয়া অনেক পরিবারকে হঠাৎ করিয়া পথে নামাইয়া দেওয়া হইয়াছে এমন অমানবিক ঘটনার অভিযোগও পাওয়া গিয়াছে। কোন কোন জেলা হইতে সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের সম্পত্তি ঢালাওভাবে অর্পিত সম্পত্তি হিসাবে অধিগ্রহণের প্রচেষ্টা/উদ্যোগের উদ্বেগজনক খবরও পাওয়া গিয়াছে। ইহাতে যেমন সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের মধ্যে আতঙ্কের সৃষ্টি হইতেছে, অন্যদিকে সরকারের ভাবমুর্তি ক্ষুন্ন হইতেছে।

৩। অর্পিত সম্পত্তি সংক্রান্ত উদ্ভূত সমস্যার নিরসনকল্পে বর্তমানে বিষয়টি সম্পর্কে সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, এখন হইতে অর্পিত সম্পত্তি হইতে উচ্ছেদ (Eviction) সংক্রান্ত প্রস্তাব সুষ্ঠুভাবে বিবেচনা ও পরীক্ষার জন্য জেলা প্রশাসকের নিকট পেশ করিতে হইবে। জেলা প্রশাসক নিজে সম্পূর্ণ আইনানুগ সন্তুষ্ট হইলে পরে উচ্ছেদ অভিযান পরিচালিত হইবে।

৪। বিশেষ জরুরী পরিস্থিতিতে প্রস্তুতকৃত ১৯৬৭ সালের তৎকালীন শত্রু সম্পত্তির তালিকাকে চূড়ান্ত তালিকা বলিয়া মনে করিয়া ঐ তালিকার ভিত্তিতেই কোন সম্পত্তি সরকারী দখলে আনয়নকে প্রচলিত আইনে গ্রহণযোগ্য বলা যায় না। ইতিপূর্বে অর্পিত সম্পত্তি হিসাবে পাকাপোক্তভাবে প্রমাণিত ও স্বীকৃত হইয়াছে এবং উহার দখল সরকারে বর্তাইয়াছে এমন সম্পত্তির তালিকাটি কেবলমাত্র চূড়ান্ত তালিকা হিসেবে গৃহীত হইতে পারে। একটি সম্পত্তি অর্পিত ঘোষণার অর্থ হইলঃ ঐ সম্পত্তির উপর যথাযথ কেস রেকর্ড খুলিয়া অর্ডারশীটে আদেশ দিয়া, বর্তমান দখলকারকে নোটিশ ও শুনানীর পর উক্ত সম্পত্তিটি সরকারের দখলে আনা বা লীজ দেওয়া। সুতরাং মহামান্য রাষ্ট্রপতির ঘোষণার পর নতুন

কোন কেস শুরু করা যাইবে না। তবে, যদি কোন সম্পত্তি সম্পর্কে কোন কেস-নথি শুনানী/আপীল পর্যায়ে থাকে তাহা হইলে তাহার শুনানী শেষ করিয়া যথাযথ প্রস্তাব সরকারের কাছে পাঠাইতে হইবে।

৫। কোন কোন ক্ষেত্রে জেলা প্রশাসনের সেন্সাস তালিকার সহিত উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়ে রক্ষিত অর্পিত সম্পত্তির তালিকার গরমিল পাওয়া যাইতেছে। ইহাতে সন্দেহ হওয়াও স্বাভাবিক যে অনেক ক্ষেত্রে স্বার্থন্বেষী মহলের প্রভাবে অর্পিত শাখার কর্মকর্তা/কর্মচারীগণ ইচ্ছামাফিক সম্পত্তির তালিকা রদবদল করিতেছেন। এই অবস্থার পরিপ্রেক্ষিতে নির্দেশ দেওয়া যাইতেছে যে, জেলা প্রশাসক অর্পিত শাখা সমূহ নিজে পরিদর্শন করিয়া প্রতি জেলায় অর্পিত সম্পত্তির সেন্সাস তালিকাগুলি নিবিড়ভাবে পরীক্ষা করিবেন। এই পরীক্ষার পর অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ঐ তালিকার প্রতিটি পাতায় প্রতিস্বাক্ষর করিবেন যাহাতে ভবিষ্যতে নতুন কোন সম্পত্তি এই তালিকা হইতে বাদ দেওয়া না যায় বা এই তালিকার অন্তর্ভুক্ত করা না হয়। প্রতিস্বাক্ষরিত সেন্সাস লিষ্টের তিনটি সত্যায়িত অনুলিপি (অথবা ফটোকপি) আগামী ৩০-৮-৮৮ ইং তারিখের মধ্যে বিশেষ দূত মারফত মন্ত্রণালয়ে পাঠাইতে হইবে যাহাতে মন্ত্রণালয়ে ও ভূমি প্রশাসন বোর্ডে কেন্দ্রীয়ভাবে অর্পিত সম্পত্তির তালিকা সংরক্ষণ করা যায়।

৬। এই মর্মেও নির্দেশ দেওয়া যাইতেছে যে এখন হইতে শহর এলাকার অর্পিত সম্পত্তির অবমুক্তির চূড়ান্ত আদেশ মন্ত্রণালয় হইতে দেওয়া হইবে। আপীল শুনানীর ক্ষেত্রে এই ধরণের সম্পত্তির অবমুক্তির প্রস্তাব ভূমি প্রশাসন বোর্ডের মাধ্যমে মন্ত্রণালয়ে পাঠাইতে হইবে। জেলা প্রশাসকগণ সাধারণভাবে শহর এলাকায় অর্পিত সম্পত্তি অবমুক্তির প্রস্তাব সরাসরি মন্ত্রণালয়ে পাঠাইবেন। তবে এই জাতীয় প্রস্তাবের অনুলিপি ভূমি প্রশাসন বোর্ডকে দিতে হইবে। কৃষি জমির অবমুক্তির ক্ষেত্রে বিভাগীয় কমিশনারগণ পূর্বের ন্যায় উক্ত জমির অবমুক্তির আদেশ দিবেন। ভূমি প্রশাসন বোর্ড আপীল শুনানী দিবেন। ভূমি প্রশাসন বোর্ড ১০ বিঘা পর্যন্ত কৃষি জমি অবমুক্তির আদেশ দিতে পারিবেন। তদূর্ধ জমির অবমুক্তির প্রস্তাব মন্ত্রণালয়ে পাঠাইতে হইবে।

৭। উচ্ছেদ সংক্রান্ত উপরোক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে অর্পিত সম্পত্তি হইতে উচ্ছেদ করিবার পূর্বে ভূমি প্রশাসন বোর্ডের অনুমতি গ্রহণ সংক্রান্ত বোর্ডের স্মারক এস, এস, ১২/৮৪-ভিপি/৯৪ তারিখঃ ৯-১-৮৫ ইং এতদ্বারা বাতিল বলিয়া গণ্য হইবে।

স্বা/-(এম, মোকাম্মেল হক)
সচিব।

স্মারক নং-৫-১৯৩/৮৫/৩৫১(১৫০০), তারিখঃ ২১শে শ্রাবণ ১৩৯৫ বাং
৬ই আগস্ট ১৯৮৮ ইং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ

১। চেয়ারম্যান, ভূমি প্রশাসন বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২। কমিশনার, ............................ বিভাগ........................।
৩। জেলা প্রশাসক, ......................................।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)..........................।
৫। উপজেলা নির্বাহী অফিসার...............................।
৬। সহকারী কমিশনার (ভূমি)/উপজেলা রাজস্ব অফিসার..........................।

স্বা/-(মুঃ আনওয়ার আলী খান)
উপ-সচিব (অর্পিত)
ভূমি মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা নং-৫

স্মারক নং ভুঃমঃ/শাখা-৫নীতি-১৮৮/৮৮/৩৩৫, তারিখঃ ২৬-৪-১৩৯৫ বাং
১০-৮-১৯৮৮ইং।

প্রাপক ঃ জেলা প্রশাসক,
..............................................

বিষয় ঃ উপজেলা ও জেলা পর্যায়ে অর্পিত সম্পত্তি/পরিত্যক্ত সম্পত্তির ব্যবস্থাপনা।

বর্তমান ব্যবস্থাপনায়, উপজেলা পর্যায়ে অর্পিত সম্পত্তি/পরিত্যক্ত সম্পত্তির রক্ষণাবেক্ষণ, ব্যবস্থাপনা, নিষ্পত্তিকরণ ইত্যাদির ব্যাপারে উপজেলায় নিয়োজিত অর্পিত সম্পত্তি কমিশনভিত্তিক তহশিলদারগণই প্রায়শঃই উপজেলা রাজস্ব অফিসার/সহকারী কমিশনার (ভূমি)-এর সহিত প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করিয়া চলেন না। সুস্পষ্ট নির্দেশ না থাকায় উপজেলা রাজস্ব অফিসার/সহকারী কমিশনার (ভূমি) উক্ত বিষয়ের প্রশাসনিকভাবে তত্ত্বাবধান করিতে পারেন না এবং এই বিষয়ে তাহাদের করণীয় কিছুই থাকেনা। উপজেলার অর্পিত সম্পত্তির কমিশন ভিত্তিক তহশিলদারগণ বেশীরভাগ ক্ষেত্রে ঐ সকল সম্পত্তির ব্যবস্থাপনা/লীজ সংক্রান্ত সকল নথি সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের নিকট পেশ করেন। ফলে, গুরুত্বপূর্ণ অনেক প্রস্তাব সঠিকভাবে পরীক্ষা করা হয় না। কমিশনভিত্তিক তহশিলদারগণ প্রকৃত অর্থে সরকারী কর্মচারী নহেন বিধায়, তাহাদের দ্বারা জালিয়াতি ও অর্থ আত্মসাতের ঘটনা প্রায়ই ঘটিতেছে। যেহেতু অর্পিত/পরিত্যক্ত সম্পত্তি খাসজমির নামান্তর মাত্র এই কারণে এই সকল জমির ব্যবস্থাপনায় উপজেলা পর্যায়ের এই শূন্যতা বাঞ্ছনীয় নয়।

২। অর্পিত ও পরিত্যক্ত সম্পত্তির সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে এইগুলির তত্ত্বাবধানে উপজেলা রাজস্ব অফিসার/সহকারী কমিশনার (ভূমি)গণের সক্রিয়ভূমিকা এবং দায়দায়িত্ব থাকা অত্যাবশ্যক। এমতাবস্থায়, এখন হইতে উল্লেখিত সম্পত্তির রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনার ক্ষেত্রে উপজেলা পর্যায়ের তহশিলদার ও তাহার তত্ত্বাবধানের দায়দায়িত্ব উপজেলা রাজস্ব অফিসার/সহকারী কমিশনার (ভূমি)র উপর অর্পণ/ন্যস্ত করা হইল। উপজেলার অন্যান্য তহশিলদারগণের মতই অর্পিত সম্পত্তির তহশিলদারগণ উপজেলা রাজস্ব অফিসার/সহকারী কমিশনার (ভূমি)/উপজেলা রাজস্ব অফিসার অর্পিত/পরিত্যক্ত সম্পত্তি সম্পর্কিত নথি পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষান্তে প্রয়োজনীয় ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের নিকট উপস্থাপন করিবেন। তহশিলদারদের মাসিক বেতনের/কমিশনের বিলে সহকারী কমিশনার (ভূমি)/উপজেলা রাজস্ব অফিসারের প্রতিস্বাক্ষর অবশ্যই থাকিতে হইবে।

৩। উপরোক্ত ব্যবস্থার প্রেক্ষিতে এতদসংক্রান্ত অত্র মন্ত্রণালয়ের আদেশ ৬০/৮৩-ডিপি-১০৬৪(২১) তারিখ ২৩-৩-৮৩ ইং এতদ্বারা আংশিকভাবে সংশোধন করা হইল।

৪। প্রচলিত ব্যবস্থায় জেলা পর্যায়ে অর্পিত সম্পত্তির সুপারিনটেনডেন্ট/সহকারী সুপারিনটেনডেন্ট অর্পিত সম্পত্তির অবমুক্তি/লীজ প্রদান/লীজ প্রদানের আপীল সংক্রান্ত নথিপত্র সরাসরি অতিঃ জেলা প্রশাসক (রাঃ)এর নিকট উপস্থাপন করিয়া থাকেন। ফলে, অনেক ক্ষেত্রে সঠিক তথ্যাদি ও সরকারী পরিপত্র/নির্দেশনার উল্লেখ না থাকায় নানারূপ বিভ্রান্তি ও জটিলতার সৃষ্টি হয়। অনেক সময় অতিরিক্ত জেলা প্রশাসক (রাঃ)গণ এ সকল নথি পুঙ্খানুপুঙ্খরূপে যাচাই করিবার সময় পান না। ফলে, অর্পিত সম্পত্তির অবমুক্তি/লীজ প্রদানের বিষয়ে আইনানুগ ও সঠিক আদেশ প্রদান করা অনেক ক্ষেত্রে সম্ভব হয় না। একারণে জেলা সুপার ও সহকারী সুপারদের ক্ষেত্রেও দুর্নীতি, আত্মসাৎ ও অন্যান্য ব্যবস্থা উত্তরোত্তর বৃদ্ধি পাইতেছে।

৫। প্রত্যেক জেলায় ভূমি ব্যবস্থাপনার ক্ষেত্রে অতিরিক্ জেলা প্রশাসক (রাজস্ব)কে সহায়তা করিবার জন্য একজন রেভিনিউ ডেপুটি কালেক্টরের পদ রহিয়াছে। এই পদটি সাধারণতঃ ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত কাজে অভিজ্ঞতাসম্পন্ন একজন সিনিয়র সহকারী কমিশনার দ্বারা পূরণ করা হইয়া থাকে। অর্পিত সম্পত্তি বিষয়ক ও পরিত্যক্ত সম্পত্তি বিষয়ক সকল প্রকার নথি/কেস রেভিনিউ ডেপুটি কালেক্টর এর মাধ্যমে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর নিকট উপস্থাপন করা হইলে রেভিনিউ ডেপুটি কালেক্টর তাহার পর্যায়ে যে কোন প্রস্তাব বিস্তারিতভাবে পরীক্ষা করিবার সুযোগ পাইবেন। সুপারিনটেনডেন্ট/সহকারী সুপারিনটেনডেন্ট কর্তৃক নথিতে প্রদত্ত সকল নোট/মন্তব্য রেভিনিউ ডেপুটি কালেক্টর ভূমি মন্ত্রণালয় হইতে জারীকৃত পরিপত্র/নির্দেশাবলীর আলোকে যাচাইক্রমে সঠিক সিদ্ধান্ত নেওয়ার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর নিকট পেশ করিলে অর্পিত সম্পত্তি/পরিত্যক্ত সম্পত্তি রক্ষণাবেক্ষণ, ব্যবস্থাপনা, নিষ্পত্তিকরণ ইত্যাদি কাজ অধিকতর দক্ষতার সহিত ও সুষ্ঠুরূপে পরিচালনা/ব্যবস্থাপনা করা সম্ভব হইবে বলিয়া আশা করা যায়।

৬। এমতাবস্থায় নির্দেশ দেওয়া যাইতেছে যে, এখন হইতে সুপারিনটেনডেন্ট/সহকারী সুপারিনটেনডেন্ট অর্পিত/পরিত্যক্ত সম্পত্তি সম্পর্কীয় সকল নথি জেলার রেভিনিউ ডেপুটি কালেক্টরের মাধ্যমে উপস্থাপন করিবেন। রেভিনিউ ডেপুটি কালেক্টর সংশ্লিষ্ট নথি পরীক্ষান্তে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)-এর নিকট তাহা উপস্থাপন করিবেন। এখন হইতে অর্পিত/পরিত্যক্ত সম্পত্তির ব্যবস্থাপনার ক্ষেত্রে প্রতি জেলার রেভিনিউ ডেপুটি কালেক্টর উক্ত জেলার অর্পিত/পরিত্যক্ত সম্পত্তি শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তা হইবেন।

৭। অর্পিত ও পরিত্যক্ত সম্পত্তি সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে উপরোক্ত আদেশাবলী জারী করা হইল। এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

স্বা/-(এম মোকাম্মেল হক)
সচিব।

স্মারক নং ভূঃমঃ/শাখা-৫/নীতি-১৮৮/৮৮/৩৩৫(১৫০০), তারিখঃ ২৬-৪-১৩৯৫ বাং
১০-৮-১৯৮৮ইং।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল। তাহার অধীন সংশ্লিষ্ট সকলকে উক্ত আদেশ পালনের জন্য নির্দেশ দানের জন্য অনুরোধ করা হইলঃ

১। চেয়ারম্যান, ভূমি প্রশাসন বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার.......................................।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব).............................।
৫। আর, ডি, সি,.......................................।
৬। উপজেলা নির্বাহী অফিসার, ..................................।
৭। সহকারী কমিশনার (ভূমি)/উপজেলা রাজস্ব অফিসার।

স্বা/-(মুঃ আনওয়ার আলী খান)
উপ-সচিব (অর্পিত)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়

স্মারক নং ভূঃমঃ/শাখা-৫-১৯৩/৮৫/২৩ তারিখঃ ৪-৩-৮৯ ইং
২০-১১-৯৫ বাং।

প্রাপক ঃ জেলা প্রশাসক....................................।
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)......................।

বিষয় ঃ অর্পিত সম্পত্তি হইতে বেআইনী দখলদারকে উচ্ছেদ সম্পর্কে।

সূত্র ঃ ৫-১৯৩/৮৫/৩৫১ তারিখ ৬/৮/৮৮ ইং

মন্ত্রণাললয়ের সূত্রোল্লিখিত বিজ্ঞপ্তির ৩ নং অনুচ্ছেদটির স্থলে নিম্নলিখিত অনুচ্ছেদ স্থলাভিষিক্ত হইলঃ

"অর্পিত সম্পত্তি সংক্রান্ত উদ্ভূত সমস্যার নিরসনকল্পে বর্তমানে বিষয়টি সম্পর্কে সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, এখন হইতে অর্পিত সম্পত্তি হইতে উচ্ছেদ (Eviction) সংক্রান্ত প্রস্তাব সুষ্ঠুভাবে বিবেচনা ও পরীক্ষার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)-এর নিকট পেশ করিতে হইবে। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) নিজে সম্পূর্ণ বিষয়ে আইনানুগ সন্তুষ্ট হইলে পরে উচ্ছেদ অভিযান পরিচালিত হইবে।"

উপরোক্ত আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

স্বা/-(মুঃ আনওয়ার আলী খান)
উপ-সচিব
ভূমি মন্ত্রণালয়।

স্মারক নং ভুঃমঃ/শাখা-৫-১৯৩/৮৫/২৩/১(৬) তারিখঃ ৪-৩-৮৯ ইং
২০-১১-৯৫ বাং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ
১। চেয়ারম্যান, ভূমি প্রশাসন বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২। ভূমি সংস্কার কমিশনার, ভূমি মন্ত্রণালয়।
৩। কমিশনার.....................বিভাগ................।

স্বা/-(মুঃ আনওয়ার আলী খান)
উপ-সচিব
ভূমি মন্ত্রণালয়।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ভূমি মন্ত্রণালয়**
**শাখা নং-১৫**

**আদেশ**

স্মারক নং ভুঃমঃশা-১৫(ভুঃসঃ বোঃ)-২৩১/৮৮/৪১১, তারিখঃ ২৩-৫-৮৯ইং
৯-২-১৩৯৬ বাং।

ভূমি সংস্কার বোর্ড অধ্যাদেশ, ১৯৮৯ (অধ্যাদেশ নং ১, ১৯৮৯) এর ৫(ক) ও ৫(খ) ধারায় অর্পিত ক্ষমতাবলে সরকারের তদারকী ও নিয়ন্ত্রণ সাপেক্ষে ভূমি সংস্কার বোর্ডের নিকট নিম্নোক্ত কার্যাবলী সম্পাদনের দায়িত্ব অর্পণ করা হইলঃ

(১) ভূমি ব্যবস্থাপনায় মাঠ প্রশাসনঃ
- (ক) বিভাগীয় পর্যায়ে উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়ের তত্ত্বাবধান;
- (খ) জেলা হইতে তহশিল পর্যায়ের ব্যবস্থাপনার আওতায় সকল ভূমি অফিস ব্যবস্থাপনা তত্ত্বাবধায়ন এবং পরিবীক্ষণ;
- (গ) জেলা ও উপজেলা পর্যায়ের সকল গেজেটেড ২য় শ্রেণী এবং নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ/বদলী ও প্রশাসনিক নিয়ন্ত্রণ।

(২) সিলিং বহির্ভুত জমি চিহ্নিতকরণ, সরকারের নিয়ন্ত্রণাধীন আনয়ন এবং এগুলির জন্য ক্ষতিপূরণ নির্ধারণ ও প্রদানের ব্যবস্থা;

(৩) খাসজমি চিহ্নিতকরণ, ভূমিহীনদের মধ্যে সরকার কর্তৃক গৃহীত নীতিমালা অনুযায়ী খৃষি খাসজমি বন্টন, অন্যান্য বন্দোবস্তকরণ ও ব্যবস্থাপনা এবং বেদখলী খাসজমি উদ্ধার;

(৪) খাস পুকুর ও বেদখলীয় খাস পুকুর উদ্ধার ও ব্যবস্থাপনা;

(৫) অপারেশন ঠিকানা কর্মসূচীর অধীনে গ্রামাঞ্চলে ছিন্নমূল ভূমিহীন পরিবারদের পুনর্বাসনকল্পে গুচ্ছগ্রাম সৃজন এবং সংশ্লিষ্ট সকল দায়িত্ব পালন ও তদারকী;

(৬) বর্গা আইন বাস্তবায়ন;

(৭) ভূমি উন্নয়ন করের দাবী নির্ধারণ ও আদায়, মন্ত্রণালয়ের এতদসংক্রান্ত ষান্মাসিক/বাৎসরিক প্রতিবেদন প্রেরণ;

(৮) মন্ত্রণালয়ের নির্দেশ ও নিয়ন্ত্রণের মাধ্যমে অর্পিত/অনাবাসিক ও পরিত্যক্ত সম্পত্তির ব্যবস্থাপনা ও তদারকী এবং সংশ্লিষ্ট কর্মচারীদের নিয়ন্ত্রণ, সামগ্রিক ব্যবস্থাপনা ও তদারকী এবং ষান্মাসিক এবং বাৎসরিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ;

(৯) ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত উন্নয়ন কর্মসূচী প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন এবং মন্ত্রণালয়ে তৎসংক্রান্ত ষান্মাসিক/বাৎসরিক প্রতিবেদন প্রেরণ;

(১০) কোর্ট অব ওয়ার্ডস এর ব্যবস্থাপনা ও তদারকী, মন্ত্রণালয়ে এতদসংক্রান্ত ষান্মাসিক/বাৎসরিক প্রতিবেদন প্রেরণ;

(১১) অডিট আপত্তির মাঠ পর্যায়ের তদারকী ও এ সম্পর্কে মন্ত্রণালয়ে বার্ষিক প্রতিবেদন প্রেরণ;

(১২) বোর্ডের সকল নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারীদের বিভাগীয় মামলা, চাকুরী আবেদন পুনঃ বিবেচনা এবং সরকারী টাকার অপচয় ও আত্মসাৎ সম্পর্কিত বিষয়াদির নিষ্পত্তি এবং এদতসংক্রান্ত ষান্মাসিক ও বাৎসরিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ;

(১৩) ভূমি সংস্কার বোর্ডের সকল সংস্থাপন ও হিসাব সম্পর্কিত ও সাধারণ প্রশাসন।
(১৪) ভূমি ব্যবস্থাপনার মাঠ পর্যায়ের তদন্ত এবং তার সুষ্ঠু তদারকী সম্পর্কিত সাধারণ প্রশাসন;
(১৫) জেলা ও উপজেলা পর্যায়ের রেকর্ড রুম স্থাপন, তদারকী ও পরিদর্শন, এবং উহাদের সংরক্ষণ/মেরামত সংক্রান্ত ব্যবস্থা গ্রহণ, এতদসংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ;
(১৬) অর্পিত দায়িত্ব সংক্রান্ত সকল বিষয়ে মন্ত্রণালয়ে বাৎসরিক ভূমি ব্যবস্থাপনা প্রতিবেদন প্রেরণ;
(১৭) মন্ত্রণালয় বা সরকার কর্তৃক বিভিন্ন সময়ে ন্যস্ত অন্যান্য সুষ্ঠু দায়িত্ব পালন।

২। উপরোক্ত সকল কার্যাবলী সরকার কর্তৃক গৃহীত ও জারীকৃত আইন বিধি, বিধান, নীতিমালা ও আদেশ অনুযায়ী পরিচালিত হইবে।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

স্বা/-এম, মোকাম্মেল হক
সচিব
ভূমি মন্ত্রণালয়।

স্মারক নং ভুঃমঃশা-১৫(ভুঃসঃ বোঃ)-২৩১/৮৮/৪১১/১(১৮১), তারিখঃ ৫-৮-৮৯

অনুলিপি প্রেরণ করা হইলঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। রাষ্ট্রপতির মূখ্য সচিব, রাষ্ট্রপতির সচিবালয়।
৩। সচিব/ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব।
৪। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড।
৫। ভূমি সংস্কার কমিশনার ও চেয়ারম্যান।
৬। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।
৭। বিভাগীয় কমিশনার, সকল।
৮। জেলা প্রশাসক, সকল।

স্বা/-সৈয়দ আসগর আলী
উপ-সচিব
ভূমি মন্ত্রণালয়।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ভূমি মন্ত্রণালয়**
**শাখা নং-৫**

**আদেশ**

স্মারক নং ভুঃমঃশা-১৫/অর্পিত(ব্যবস্থাপনা)-৬৬/৮৯/৩৫৯, তারিখঃ ১-৬-১৯৮৯ইং
১৮-২-১৩৯৬ বাং।

আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, ভূমি সংস্কার অভিযানের সক্রিয় পদক্ষেপ হিসেবে সরকার ঢাকা শহরের অর্পিত সম্পত্তির বাড়ী ও জমি এবং পরিত্যক্ত জমি সুষ্ঠ ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্য বিগত ২৯-১০-৯৫ বাং এবং ১১-২-৮৯ ইং তারিখ একটি টাস্ক ফোর্স গঠন করেন। গঠিত টাস্ক ফোর্সের কাজ সমাধা না হওয়া পর্যন্ত মন্ত্রণালয়ের আদেশ ছাড়া ঢাকা শহরের অর্পিত সম্পত্তি সকল ধরণের লীজ, নবায়ন, লীজ প্রদান ও উচ্ছেদ প্রক্রিয়া বন্ধ থাকবে বলে ২৯-১০-৯৫ বাং এবং ১১-২-৮৯ ইং তারিখের একই নম্বরের যে আদেশ জারী করা হয় উহা আংশিক সংশোধনপূর্বক নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ঢাকা শহরের অর্পিত সকল ধরণের লীজ নবায়ন ও উচ্ছেদ প্রক্রিয়া চালু করা হলোঃ

(ক) যে সকল অর্পিত সম্পত্তির বাড়ী ও জমি এবং পরিত্যক্ত সম্পত্তি ইজারাদার কর্তৃক আংশিক অথবা সম্পুর্ণভাবে সাব-লীজ প্রদান করা হয়েছে উহা নবায়ন করা যাবে না।
(খ) ইজারার শর্ত ভংগ করে যদি অবৈধভাবে দালান নির্মাণ করে থাকেন/অবৈধ নির্মাণ করে থাকেন সে ক্ষেত্রে নবায়ন করা যাবে না।
(গ) আবাসিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য লীজ নিয়ে বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার করলে নবায়ন করা যাবে না।
(ঘ) ইজারার অর্থ বিগত ৩ (তিন) বৎসর যাবত পরিশোধ না করে থাকলে নবায়ন করা যাবে না।
(ঙ) ইজারাদার যদি সংশ্লিষ্ট সম্পত্তির বাড়ী, জমি ও পরিত্যক্ত সম্পত্তির অবৈধ মালিক দাবীদার হন সে ক্ষেত্রে নবায়ন করা যাবে না।
(চ) বেনামে ইজারা নিয়ে থাকলে নবায়ন করা যাবে না।
(ছ) ইজারার যে কোন শর্ত ভংগ করলে ইজারা নবায়ন করা যাবে না।
(জ) নতুন বরাদ্দের ক্ষেত্রে, পুনরাদেশ না দেয়া পর্যন্ত, মন্ত্রণালয়ের সম্মতি/অনুমোদন গ্রহণ করতে হবে।

২। পরিত্যক্ত জমির ক্ষেত্রে ২৯-১০-৯৫ বাং/১১-২-৮৯ ইং তারিখে জারীকৃত আদেশ বলবৎ থাকবে। ঐ সকল সম্পত্তির তালিকা টাস্ক ফোর্স অবিলম্বে পেশ করবেন।

৩। উপরোক্ত ১ম অনুচ্ছেদের (ক)-(ছ) তে বর্ণিত নিষেধাজ্ঞার মধ্যে যে সকল সম্পত্তি পড়ে, তাহার তালিকা আগামী ৩-৬-১৯৮৯ইং তারিখের মধ্যে মন্ত্রণালয়ে অবশ্যই দাখিল করতে হবে।

৪। উপরোক্ত আদেশ প্রতিপালনার্থে সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি)র অনুমোদনক্রমে নবায়ন কার্যক্রম শুরু করা যাবে।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**স্বা/-(মুঃ আনওয়ার আলী খান)**
উপ-সচিব
ভূমি মন্ত্রণালয়।

বিতরণঃ
১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড/ভূমি আপীল বোর্ড।
২। জেলা প্রশাসক, ঢাকা।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঢাকা।
৪। সহকারী কমিশনার (ভূমি), তেজগাঁও/কোতোয়ালী।

**স্বা/-মির্জা ফজলুল করিম**
সহকারী সচিব-৫।

জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা নং-৫

আদেশ

স্মারক নং ভূঃমঃশা-৫-৩/এম, সি/ভি, পি/৮৩(অংশ)/৭০৪(১২৮), তারিখঃ ৩০-০৮-৯৬ বাং
১৪-১২-৮৯ ইং

প্রাপক ঃ জেলা প্রশাসক..................................
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব).......................

বিষয় ঃ জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ।

সূত্র ঃ পরিপত্র নং-১এ-১/৭৭/১৫৬-আর,এল, তারিখঃ ঢাকা ২৩-০৫-১৯৭৭ ইং ও
ভুঃমঃ/শা-৫/নীতি-১৮৮/৮৮/৩৩৫, তারিখঃ ১০-০৮-১৯৮৮ ইং।

দীর্ঘ দিনের পুঞ্জীভুত সমস্যার সমাধানকল্পে মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনক্রমে অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনায়/পরিচালনায় নিয়োজিত কর্মচারীদের ব্যক্তিগত নথি, রেকর্ড, গোপন প্রতিবেদন ও সাক্ষাৎকারের ভিত্তিতে যে সকল কর্মচারীকে বয়সসীমা শিথিল করিয়া সরকারী চাকুরীতে আত্মীকরণের মাধ্যমে রাজস্ব বিভাগে নিয়োগ করিবার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে, তাহাদের নামের তালিকা ইতিমধ্যে মন্ত্রণালয়ের ২০-৭-৮৯ ইং ও ০৯-১০-৮৯ ইং তারিখে জারীকৃত কয়েকটি আদেশ মারফত সকল জেলায় প্রেরণ করা হইয়াছে। এই আত্মীকরণের পর অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনায় কিছুটা শূন্যতা বিরাজ করিতেছে। অর্পিত সম্প্ত্তি রক্ষণাবেক্ষণ, ব্যবস্থাপনা ও নিষ্পত্তিকরণে যাহাতে অচলাবস্থা দেখা না দেয় সেই জন্য এখন হইতে নিম্নলিখিত ব্যবস্থা চালু হইবেঃ

(১) জেলা কালেক্টরেটে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কে সহায়তা করিবার জন্য রেভিনিউ ডেপুটি কালেক্টরগণ পূর্বের ন্যায় অর্পিত শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসাবে কাজ করিবেন। জেলার অর্পিত সম্পত্তির সার্বিক তত্ত্বাবধানের/ব্যবস্থাপনার দায়িত্ব জেলা প্রশাসকগণের উপর ন্যস্ত থাকিবে। উপজেলা পর্যায়ে অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনায় সহকারী কমিশনার (ভূমি)/উপজেলা রাজস্ব অফিসারের দায়িত্ব ও নিয়ন্ত্রণেও পূর্ববৎ থাকিবে। উপজেলা নির্বাহী কর্মকর্তাগণের অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনার সার্বিক তত্ত্বাবধান করিবেন। এখানে উল্লেখ্য যে কোন উপজেলার অভ্যন্তরে অর্পিত সম্পত্তির কোন অব্যবস্থার জন্য মূলতঃ সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি)/উপজেলা রাজস্ব অফিসারই দায়ী হইবেন। তবে আপীল বা শুনানীর ক্ষেত্রে জেলা প্রশাসক অথবা অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)গণের রায়ই জেলা পর্যায়ে চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(২) জেলা সদরের পৌরসভার ক্ষেত্রে অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনার কাজ মূলতঃ পৌর এলাকার দায়িত্বে নিয়োজিত সহকারী কমিশনার (ভূমি) পালন করিবেন। কালেক্টরেটের অর্পিত শাখা হইতে কোনরূপ ফিস বা রাজস্ব আদায় করা হইবে না। সহকারী কমিশনার (ভূমি) অফিসের

তত্ত্বাবধানে সংশ্লিষ্ট তহশিলদারগণ অর্পিত সম্পত্তির বিষয়ের সকল নথি, রেজিষ্টার ও অর্পিত সম্পত্তির সেন্সাস তালিকা ইত্যাদি বুঝিয়া লইবেন। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকল ডি, সি, আর/এইচ, আর, আর ও রেজিষ্টারগুলির তালিকা প্রণয়ন করতঃ ঐগুলি আর, ডি, সি, এর মাধ্যমে সহকারী কমিশনার (ভূমি)কে হস্তান্তর করিতে হইবে এবং তাহার তদারকীতে উপজেলা ভূমি অফিসের সংশ্লিষ্ট সহকারী ও এস, এ, তহশিলদারগণ এই সকল নথি/রেকর্ড বুঝিয়া লইবেন এবং সহকারী কমিশনার (ভূমি) এর তহশিলদারগণ আদায় করিবেন। এই সকল অর্পিত সম্পত্তির রাজস্ব আদায়ের খাতে জমা দিতে হইবে। হিসাবে আলাদা রেজিষ্টার রাখিতে হইবে এবং অন্যান্য নিয়ম-কানুন ও পূর্বের মত বহাল থাকিবে। জেলা সদরের পৌর এলাকার অর্পিত সম্পত্তির লীজ ও লীজের নবায়ন অবশ্য পূর্বের মত অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)- দ্বারা সম্পাদিত হইবে। জেলা শহর পৌর এলাকার অর্পিত সম্পত্তির সেন্সাস তালিকার একটি অনুলিপি সহকারী কমিশনার (ভূমি) অফিসে রাখিতে হইবে। উক্ত অনুলিপি অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) দ্বারা সত্যায়িত হইতে হইবে।

(৩) উপজেলা পর্যায়ের অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনা/নিয়ন্ত্রণের দায়-দায়িত্ব সহকারী কমিশনার (ভূমি)/উপজেলা রাজস্ব অফিসারের উপর ন্যস্ত থাকিবে। উপজেলা ভূমি অফিসের সংশ্লিষ্ট অফিস সহকারী ও কানুনগো অর্পিত সম্পত্তি বিষয়ক সকল নথিপত্র/রেকর্ড/সেন্সাস তালিকা সুষ্ঠুরূপে রক্ষণাবেক্ষণ করিবেন। প্রতিটি ইউনিয়ন ভূমি অফিসে সংশ্লিষ্ট ইউনিয়ন/ইউনিয়নগুলির অর্পিত সম্পত্তির সেন্সাস তালিকার একটি অনুলিপি থাকিবে যাহা সহকারী কমিশনার (ভূমি) দ্বারা স্বাক্ষরিত হইবে। উপজেলার অন্তর্ভূক্ত সকল ইউনিয়ন ভূমি অফিসে সংশ্লিষ্ট অর্পিত সম্পত্তির সেন্সাস তালিকার অনুলিপি জরুরী ভিত্তিতে প্রেরণ করিতে হইবে। উপজেলা ভূমি অফিসের কানুনগোর নেতৃত্বে ও সহকারী কমিশনার (ভূমি)/উপজেলা রাজস্ব অফিসারের তত্ত্বাবধানে সংশ্লিষ্ট তালিকাগুলি প্রণয়ন করিতে হইবে। অর্পিত সম্পত্তির সকল আদায় সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিসের তহশিলদারগণ নির্ধারিত পৃথক ডি, সি, আর এর মাধ্যমে আদায় করিবেন এবং এতদুদ্দেশ্য ডি, সি, আর/এইচ, আর, আর বই ইউনিয়ন ভূমি অফিসে বিতরণ করিতে হইবে। কোন ইউনিয়ন ভূমি অফিসে কতটি অর্পিত সম্পত্তির ডি, সি, আর লাগিবে তাহা নির্ভর করিবে ঐ এলাকার মোট অর্পিত সম্পত্তির হোল্ডিং এর সংখ্যার উপর। আদায়ের হিসাব আলাদা আলাদা রেজিষ্টারে রাখিতে হইবে। সকল নথির আদায় আলাদা খাতে জমা দিয়া জেলা অফিসকে জানাইতে হইবে। সকল নথির আলাদা রেজিষ্টারও সংরক্ষণ করিতে হইবে। ষ্টীল আলমারীতে বা লোহার সিন্দুকে (যদি থাকে) এধরণের রেজিষ্টার রাখাই শ্রেয়। এটি কখনও বাহির করা যাইবে না। সহকারী কমিশনার (ভূমি)/উপজেলা রাজস্ব অফিসার দীর্ঘদিনের জন্য প্রশিক্ষণে থাকিলে ভারপ্রাপ্ত উপজেলা ম্যাজিষ্ট্রেট/সহকারী কমিশনার সংশ্লিষ্ট কানুনগোকে দিয়ে এইসব সেন্সাস তালিকার ইউনিয়নওয়ারী অনুলিপি করাইবেন।

(৪) সহকারী কমিশনার (ভূমি)/উপজেলা রাজস্ব অফিসারগণ সংশ্লিষ্ট সেন্সাস তালিকার অনুলিপি উপজেলার অন্তর্গত ইউনিয়ন ভূমি অফিসের তহশিলদার/তহশিলদারদের নিকট ব্যক্তিগতভাবে হস্তান্তর করিবেন। তাহারা ভূমি সেন্সাস তালিকার নিরাপদ সংরক্ষণ ও ব্যবস্থাপনার দায়িত্বে থাকিবেন।

(৫) অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনার বিকেন্দ্রীকরণ হইলেও অর্পিত সম্পত্তির সুষ্ঠু ব্যবস্থাপনায় যাহাতে কোনরূপ সমস্যার সৃষ্টি না হয় সে ব্যাপারে সকলকে সজাগ দৃষ্টি রাখিতে হইবে।

নথিপত্র, অর্পিত সম্পত্তির তালিকা, রেজিষ্টার ইত্যাদি তালিকা প্রণয়নের ব্যাপারে সাবধানতা অবলম্বন করিতে হইবে যাহাতে বিকেন্দ্রীকরণে সুবিধা হয় এবং ভবিষ্যতে কোনরূপ গোলযোগ/সমস্যা দেখা না দেয়। অর্পিত সম্পত্তির তালিকায় কোনরূপ ব্যতিক্রম ও কাটাছেড়া থাকিলে তাহার উল্লেখ করিয়া সংশ্লিষ্ট রেভিনিউ ডেপুটি কালেক্টর তাহার নিজের পূর্ণনাম, স্বাক্ষর ও সীলসহ তাহাতে লিপিবদ্ধ করিবেন। প্রত্যেক জেলা অফিসে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)-এর ব্যক্তিগত দায়িত্বে উপজেলাওয়ারী অর্পিত সম্পত্তির সেন্সাস তালিকার অনুলিপি সংরক্ষণ করিতে হইবে। এই সকল তালিকায় সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) এর প্রতিস্বাক্ষর থাকিতে হইবে। একথা উল্লেখ করা প্রয়োজন যে জেলা কালেক্টরেটের অর্পিত সম্পত্তি সেল পূর্ববৎ বহাল থাকিবে। এই সেলের জন্য আর নতুন কোন কর্মচারী নিয়োগ করা হইবে না বিধায় এস, এ, শাখার বর্তমান কর্মরত কর্মচারীদের দ্বারাই অর্পিত সম্পত্তি শাখার দৈনন্দিন কাজ চালাইতে হইবে। উপজেলা রাজস্ব অফিসার বা অতিরিক্ত ভূমি হুকুমদখল অফিসার হিসাবে আত্মীকরণ না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট জেলা সদরে অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনায় সাহায্য করিবেন। তাহাদের বেতন অর্পিত শাখার বাজেট হইতে আগের মতই মিটানো হইবে। তাহারা কোন নথিতে নোট দেবেন না। কেবল রাজস্ব আদায় পরিদর্শন/তদন্ত ইত্যাদি কাজে আর, ডি, সি, তাকে সাহায্য করিবেন। উল্লেখ্য যে পৌর এলাকার মূল নথি সহকারী কমিশনার (ভূমি) গণই সংরক্ষণ করিবেন ।

(৬) অর্পিত সম্পত্তি শাখার কর্মচারীদের আত্তীকরণের ফলে জেলা কালেক্টরেটের এস, এ শাখায় সহকারীদের উপর অর্পিত শাখার অতিরিক্ত কাজের চাপ ও দায়িত্ব আসিবে। এ কারণে জেলা সদরের এল, এ, শাখা হইতে সুষ্ঠু কজন কর্মচারীকে/সহকারীকে জেলা সদরের নিকটবর্তী কোন উপজেলা হইতে অর্পিত সম্পত্তি শাখার সদস্য আত্মীকৃত কর্মচারীদের মধ্যে হইতে নবনিযুক্ত কোন কানুনগো বা কোন সৎ, নিষ্ঠাবান ও অভিজ্ঞ তহশিলদার/সহকারী তহশিলদারকে প্রেষণে এস, এ, শাখার অর্পিত সম্পত্তির সেলের সহকারী হিসাবে নিয়োগ করা যাইতে পারে। পুরাতন কোন কর্মস্থল হইতে বদলীকৃত অর্পিত সম্পত্তির প্রাক্তন কোন কর্মচারী, যিনি আত্মীকরণের পর অন্যত্র বদলী হইয়াছেন, তাহাকে পুরাতন কর্মস্থলে ফিরাইয়া না আনাই শ্রেয়। ইহাতে কাজের চাপও কিছুটা লাঘব হইবে। অর্পিত শাখার আপীল ও শুনানীর কাজে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর ব্যক্তিগত সহকারীকে কাজে লাগানো যাইতে পারে। এই জাতীয় কাজের গোপনীয়তার স্বার্থে এ ব্যবস্থা সুফল পাওয়া যাইবে বলিয়া আশা করা যায়।

(৭) অর্পিত সম্পত্তির নথি/রেজিষ্টার/ডি, সি, আর/এইচ, আর, আর, যথাযথ হস্তান্তর এর ব্যাপারে কেহ অসহযোগিতা বা ইচ্ছাকৃত ত্রুটি করিলে তাহার বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। প্রয়োজনে ফৌজদারী ধারা মোতাবেক আদালতে ব্যবস্থা গ্রহণ করিতে হইবে এবং মারাত্মক গরমিল বা অসহযোগিতা হইলে এই ধরণের ঘটনা মন্ত্রণালয়ের নজরে আনিতে হইবে।

(৮) জেলা প্রশাসন অর্পিত সম্পত্তির সুষ্ঠু ব্যবস্থাপনা পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনবোধে ও সরকারের স্বার্থে উপরোক্ত নির্দেশের আওতা বহির্ভূক্ত যথাযথ/উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন এবং মন্ত্রণালয়কে অবহিত করিবেন। তাহারা উপরোল্লিখিত ব্যবস্থার উত্তরোত্তর উন্নতিকরণ সম্পর্কে প্রয়োজনে মন্ত্রণালয়কে পরামর্শ দিবেন।

(৯) 'অর্পিত সম্পত্তি নিষ্পত্তিকরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম এবং নতুন করিয়া কোন সম্পত্তি

অর্পিত হিসাবে ঘোষণা করা ২১-০৬-৮৪ তারিখ হইতে স্থগিত করা হইয়াছে। উক্ত তারিখের পরে অর্পিত সম্পত্তি সম্পর্কে মহামান্য রাষ্ট্রপতির ঘোষণাবলীর পরিপন্থি কোন আদেশ জারী করা হইলে তাহা বাতিল বলিয়া গণ্য করা হইবে। মহামান্য রাষ্ট্রপতির ঘোষণা নিম্নরূপঃ

(ক) আইনগত দিক হইতে কোন বাধা না থাকিলে অর্পিত সম্পত্তি সাধারণ হিন্দু আইন অনুযায়ী পরিচালিত হইবে।

(খ) দেবোত্তর ও ব্রহ্মোত্তর সম্পত্তির সরকারের বিনা অনুমতিতে হস্তান্তর নিষিদ্ধ।

(গ) শ্মশানঘাট ও অনুরূপ স্থান সরকারের বিনা অনুমতিতে হস্তান্তর নিষিদ্ধ।

(১০) অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনায় যাহাতে অচলাবস্থার সৃষ্টি না হয় সেজন্য যে সমস্ত অর্পিত সম্পত্তি সরকারের আওতাধীন ও ব্যবস্থাপনায় আছে, সেগুলির ব্যবস্থাপনা, লীজ নবায়ন, অর্পিত সম্পত্তি চূড়ান্ত নিষ্পত্তিকরণ ইত্যাদি সম্পর্কে সরকারের সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত পূর্বের ন্যায় চলিতে থাকিবে।

(১১) অর্পিত সম্পত্তির লীজ গ্রহীতাকে সুস্পষ্ট কারণ ব্যতিরেকে এবং বিনা নোটিশে অযথা উচ্ছেদ করিয়া হয়রানি করা চলিবেনা। অর্পিত সম্পত্তি হইতে উচ্ছেদ সংক্রান্ত প্রস্তাব সুষ্ঠুভাবে পরীক্ষার জন্য জেলা প্রশাসকের নিকট পেশ করিতে হইবে জেলা প্রশাসক নিজে সম্পূর্ণ বিষয়ে আইনানুগ সন্তুষ্ট হইলে পর উচ্ছেদ অভিযান পরিচালিত হইবে।

(১২) অর্পিত সম্পত্তি হিসাব পাকাপোক্তভাবে প্রমাণিত ও স্বীকৃত হইয়াছে এবং উহার দখল সরকারের বর্তাইয়াছে এমন সম্পত্তির তালিকাটি কেবলমাত্র চূড়ান্ত তালিকা হিসাবে গৃহীত হইবে।

(১৩) অর্পিত সম্প্তি সম্পর্কে কোন কেসের শুনানী/আপীল পর্যায়ে থাকিলে তাহার শুনানী শেষ করিয়া যথাযথ প্রস্তাব সরকারের কাছে পাঠাইতে হইবে।

(১৪) শহর এলাকার অর্পিত সম্পত্তির অবমুক্তির চূড়ান্ত আদেশ মন্ত্রণালয় হইতে দেওয়া হইবে। জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণ শহর এলাকার অর্পিত সম্পত্তির অবমুক্তির প্রস্তাব সরাসরি মন্ত্রণালয়ে পাঠাইবে।

(১৫) কৃষি জমির অবমুক্তির ক্ষেত্রে বিভাগীয় কমিশনারগণ পূর্বের ন্যায় উক্ত জমির অবমুক্তির আদেশ দিবেন। ভূমি আপীল বোর্ডের রায়ের বিরুদ্ধে মন্ত্রণালয়ে আপীল করা যাইবে। অন্যান্য ক্ষেত্রে অর্পিত সম্পত্তি অবমুক্তি পূর্বের ন্যায় চলিবে এবং প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করিতে হইবে।

(১৬) লীজ গ্রহীতা লীজের কোন শর্ত ভংগ করিলে বা লীজের বা অন্য কোন প্রকারের প্রদেয় টাকা পরিশোধে ব্যর্থ হইলে অথবা অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনা ও সংরক্ষণের হানিকর কোন কাজ করিলে, উপজেলা নির্বাহী অফিসার অথবা অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) যে কোন সময়ে লীজ বাতিল করিতে বা ইহার নবায়ন বন্ধ করিতে পারিবেন।

(১৭) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সরকারের পূর্বানুমোদনক্রমে নিজে অথবা যে এলাকায় অবস্থিত সেই এলাকার উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে তালিকাভুক্ত অর্পিত সম্পত্তির এক সনা ভিত্তিক লীজ দিতে পারিবেন।

একই সময়ে অনধিক এক বৎসরের জন্য অর্পিত সম্পত্তির লীজ বা ভাড়া দেওয়ার ক্ষেত্রে সরকারের পূর্বানুমোদন প্রয়োজন হইবে না।

(১৮) উপরোক্ত ১৬ নম্বর নির্দেশাবলে প্রদত্ত গ্রহীতা বা ভাড়াটিয়া লীজ বা ভাড়া করা অর্পিত সম্পত্তিতে কোন দখল-স্বত্ব বা মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর উহা ধরিয়া রাখিবার কোন অধিকার অর্জন করিবেন না।

(১৯) লীজ মেয়াদ শেষ হওয়ার পর লীজ গ্রহীতা সুনির্দিষ্ট কারণ ব্যতীত অথবা লীজের চুক্তি ভংগ না করিলে উচ্ছেদযোগ্য হইবে না।

(২০) তালিকাভুক্ত অর্পিত সম্পত্তি বে-আইনী দখলদার বে-আইনীভাবে ভোগ দখলের জন্য উপজেলা নির্বাহী অফিসার/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বে-আইনী দখলদারকে কেন উচ্ছেদ করা হইবে না তাহার কারণ দর্শাইবার জন্য অনধিক সাত দিনের একটি নোটিশ প্রদান করিবেন। শুনানীর সুযোগ দেওয়ার পর প্রয়াজনবোধে তাহাকে ঐ সম্পত্তির দখল ছাড়িয়া দিতে বাধ্য করিতে পারিবেন। এ ব্যাপারে সিদ্ধান্ত দিবেন জেলা প্রশাসক নিজে।

(২১) আবাসিক প্রয়োজনে লীজ গ্রহণ করিবার পর যদি কেহ বাণিজ্যিক উদ্দেশ্য উহা ব্যবহার করেন তাহা হইলে তাহার লীজ বিনা নোটিশে বাতিল করা যাইবে এবং তাহাকে উচ্ছেদ করা যাইবে। যে শহরে লীজ গ্রহীতার নিজস্ব বাড়ী বা জায়গা রহিয়াছে তাহাকে ঐ শহরে অর্পিত সম্পত্তির কোন বাড়ী বা জায়গা লীজ দেওয়া যাইবে না। এই ধরণের পূর্ব লীজ গ্রহীতার লীজ বাতিল করা যাইবে। লীজের অর্থ আদায়ের ক্ষেত্রে উপজেলা / জেলা এবং বিভাগীয় পর্যায়ের কর্তৃপক্ষ সকল সময় সংশ্লিষ্ট তহশিলের তহশিল অফিস প্রতিমাসে অন্তঃত একবার পরিদর্শনে যাইবেন এবং আদায়কৃত অর্থের উপর একটি ত্রৈমাসিক প্রতিবেদন চেয়ারম্যান, ভূমি সংস্কাতর বোর্ড, বরাবরে প্রেরণ করিবেন। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ঢাকা এবং নারায়ণগঞ্জ প্রতিমাসে অন্ততঃআদায়কৃত অর্থের উপর মাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে এবং ভূমি সংস্কার বোর্ডে প্রেরণ করিবেন। সংশ্লিষ্ট তহশিলের/তহশিলদার লীজের অর্থ আদায়ে গড়িমসি করিলে কর্তৃপক্ষ তাহার বিরুদ্ধে আইনানুগ কঠোর ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন। লীজের অর্থ যেন বকেয়া না থাকে সেই ক্ষেত্রে সকল দায়-দায়িত্ব সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উপর বর্তাইবে।

(২২) তালিকাভুক্ত অর্পিত সম্পত্তি বে-আইনী দখলদার বে-আইনীভাবে ভোগদখলের জন্য উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক নির্ধারিত পরিমাণ ক্ষতিপূরণ সরকাকে প্রদান করিতে বাধ্য থাকিবে এবং এই ক্ষতিপূরণ এর টাকা সরকারী দাবীর মত আদায়যোগ্য হইবে।

নিম্নলিখিত ছক অনুযায়ী ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করিতে হইবে।

অর্পিত সম্পত্তির আদায়কৃত অর্থের উপর মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন।

জেলার নাম..............................

| ক্রমিক নং | মোট বাড়ীর ও জমির পরিমাণ | আদায়কৃত অর্থের পরিমাণ | বকেয়ার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|

স্বা/-অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
নাম ও সীল।

২। পরিপত্রটি সংশ্লিষ্ট সকল অফিসের গার্ড ফাইলে রাখিবার নিশ্চয়তা বিধান সংশ্লিষ্ট অফিস প্রধান করিবেন।

স্বা/-(এম, মোকাম্মেল হক)
সচিব
ভূমি মন্ত্রণালয়।

স্মারক নং ভূঃমঃশা-৫-৩/এম, সি/ভি,পি/৮৩(অংশ)/৭০৪(১১২৭), তারিখঃ ৩০-০৮-৯৬ বাং
১৪-১২-৮৯ ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৩। কমিশনার,.................................... বিভাগ.........................
৪। উপজেলা নির্বাহী অফিসার, ........................... উপজেলা, জেলা.....................
৫। আর, ডি, সি,................................. জেলা.............................
৬। সহকারী কমিশনার (ভূমি)/উপজেলা রাজস্ব অফিসার,
উপজেলা............................. জেলা...............................

স্বা/-(মির্জা ফজলুল করিম)
সহকারী সচিব-৫।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা-৫
আদেশ

নং-ভুঃমঃ/শা-৫(ক্ষমতা)/৬১/৯০(অংশ)/১৬৪,

তারিখ, ২৬শে ফেব্রুয়ারী, ১৯৯০ইং
১৪ই ফাল্গুন, ১৩৯৬বাং।

ভূমি মন্ত্রণালয়ের ২৩-৫-৮৯ইং/০৯-০২-৯৬বাং তারিখ নং-ভুঃমঃ/শা-১৫(ভুঃসা॥বোঃ)-২৩১/৮৮/৪১১ আদেশের ১(গ) এবং ৮ অনুচ্ছেদ বাতিলক্রমে সরকার এতদবিষয়ে নিম্নোক্ত আদেশ প্রদান করিলেনঃ-

(১) মন্ত্রাণালয়ের তদারকী ও নিয়ন্ত্রণ সাপেক্ষে রাজস্ব ব্যবস্থাপনার অধীনে দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাদের নিয়োগ/বদলী বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারগণ ব্যবস্থা গ্রহণ করিবেন। উক্ত কর্মকর্তাদের আন্তঃ বিভাগীয় নিয়োগ/বদলীর ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(২) জেলা ও উপজেলা পর্যায়ের সকল নন-গেজেটেড কর্মচারীদের নিয়োগ/বদলী এবং বিভাগীয় ও প্রশাসনিক ব্যবস্থা জেলা পর্যায়ে জেলা প্রশাসক, বিভাগীয় পর্যায়ে বিভাগীয় কমিশনার এবং বিভাগীয় পর্যায়ের বহির্ভূত ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয় গ্রহণ করিবেন।

(৩) অর্পিত সম্পত্তির বাজেট, অর্থ ছাড় এবং ব্যয় নিয়ন্ত্রণ এবং সার্বিক সকল ব্যবস্থাদি ভূমি মন্ত্রাণালয় নিয়ন্ত্রণ করিবেন।

(৪) ভূমি মন্ত্রাণালয় কোর্ট কেসসমুহের তদারকী ও তত্ত্বাবধান করিবেন।

(৫) অর্পিত সম্পত্তি কৌসুলী নিয়োগের ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারগণ ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৬) সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারগণ অর্পিত সম্পত্তির ১০(দশ) বিঘা পর্যন্ত কৃষি জমি অবমুক্ত করিতে পারিবেন।

(৭) ঢাকা ব্যতীত বর্তমান ব্যবস্থা মোতাবেক সকল জেলায় জেলা প্রশাসকগণ অর্পিত সম্পত্তির একসনা লীজ প্রদান বিষয়ে চুড়ান্ত ব্যবস্থা গ্রহণ করিবেন এবং এতদবিষয়ে বাৎসরিক প্রতিবেদন ভূমি মন্ত্রাণালয়ে পেশ করিবেন।

(৮) এতদপ্রেক্ষিতে পূর্বে জারীকৃত সকল আদেশ ও নির্দেশাবলী বাতিল বলিয়া বিবেচিত হইবে।

(৯) এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

স্বা/-(এ, জেড, এম, নাছিরুদ্দিন)
সচিব
ভূমি মন্ত্রণালয়।

নং-ভূঃমঃ/শা-৫/অর্পিত (ক্ষমতা)/৬১/৯০(অংশ)/১৬৪/১(১০০) তারিখঃ ২৬শে ফেব্রুয়ারী, ১৯৯০ইং
১৪ই ফাল্গুন, ১৩৯৬বাং।

অনুলিপি প্রেরণ করা হইলঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

২। রাষ্ট্রপতির মূখ্য সচিব, রাষ্ট্রপতির সচিবালয়।

৩। সচিব/ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব,

.............................. মন্ত্রণালয়/বিভাগ।

৪। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড

৫। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।

৬। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৭। বিভাগীয় কমিশনার, ..............................(সকল)

৮। জেলা প্রশাসক, ..................................(সকল)

৯। মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা,

..................................

১০। তত্ত্বাবধায়ক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা পরবর্তী গেজেটে প্রকাশনার জন্য অনুরোধ করা হইল।

স্বা/-সৈয়দ আসগার আলী
উপ-সচিব
ভূমি মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা-৫
আদেশ

নং-ভুঃমঃ/শা-৫/অর্পিত(সালামী)১৬৯, তারিখঃ ২৬/০২/৯০ইং
১৮/১১/৯৬বাং

বিষয় ঃ অর্পিত সম্পত্তি সালামী নির্ধারণ প্রসংগে।

অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনা এবং সালামী আদায় সম্পর্কিত সর্বশেষ সরকারী নির্দেশ জারী করা হইয়াছিল ১৯৭৭ সালের মে মাসে। ইতিমধ্যে দেশব্যাপী জমি ও বাড়ীর দাম বহুগুণে বৃদ্ধি পাইয়াছে। পাশাপাশি জমি ও বাড়ীর খাজনা বৃদ্ধি পাইয়াছে। অর্পিত সম্পত্তির সরকারী খাজনা অর্পিত সম্পত্তি হইতে আদায়কৃত সালামীর টাকা হইতে প্রদান করা হয়। অর্পিত সম্পত্তি হিসাবে যে সব বাড়ী ঘর ও সরকারের নিয়ন্ত্রণে রহিয়াছে সেইগুলির মেরামত সময় সময় প্রয়োজন হয়। ঐ মেরামতের ব্যয় আদায়কৃত সালামীর অর্থের ১৬% হারে কর্তন সাপেক্ষে করা হয়। বর্তমানে মেরামতের খরচ বহুলাংশে বৃদ্ধি পাইয়াছে। ফলে আদায়কৃত সালামীর ১৬% হারে কর্তনকৃত অর্থ দ্বারা মেরামত করা সম্ভবপর হইতেছেনা। সুষ্ঠ ব্যবস্থাপনার স্বার্থে অর্পিত সম্পত্তির সালামীর হার যুক্তিযুক্তভাবে কিছুটা বৃদ্ধি করিবার প্রয়োজন পড়িয়াছে।

বর্ণিত অবস্থার প্রেক্ষিতে অর্পিত সম্পত্তির জমি ও বাড়ী ঘরের বাৎসরিক সালামীর হার সরকার নিম্নোক্তাভাবে ধার্য করিলেনঃ

(১) উপজেলা

| বিষয় | বর্তমান নির্ধারিত হার (বাৎসরিক) |
|---|---|
| (ক) কৃষি জমি। | ৫০০/-একর প্রতি |
| (খ) অকৃষি ভিটি জমি। | ২০০০/-একর প্রতি |
| (গ) শিল্প/বাণিজ্যিক কাজে ব্যবহৃত জমি। | ৩০০০/-একর প্রতি |
| (ঘ) আবাসিক ঘর ও কাঁচা ঘর (মেঝে কাচা টিনের দেওয়াল এবং ছাদ)। | ১/-প্রতি বর্গফুট |
| (ঙ) আবাসিক ঘর ও আধাপাকা ঘর (মেঝে পাকা, দেয়াল পাকা, টিনের ছাদ)। | ১.৫০/-প্রতি বর্গফুট |
| (চ) আবাসিক ঘর ও পাকা ঘর (দালান) | ৩.৫০/-প্রতি বর্গফুট |
| (ছ) টিনের আধাপাকা ঘর/পাকা ঘর যদি বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার হয় | ৪/-প্রতি বর্গফুট |
| (জ) ফল/ফলের বাগান/পুকুর/দীঘি/ঝিল | নীলামের মাধ্যমে ফলের বাগান ১(এক) বৎসরের ভিত্তিতে এবং পুকুর, দীঘি ও ঝিল ইত্যাদির ক্ষেত্রে তিন বৎসরের ভিত্তিতে সর্বোচ্চ ডাককারীর অনুকূলে লীজ প্রদান করিতে হইবে। |

(২) পৌর শহরের ক্ষেত্রে (ঢাকা, খুলনা, চট্টগ্রাম ও নারায়ণগঞ্জ ব্যতীত)

| বিষয় | বর্তমান নির্ধারিত হার (বাৎসরিক) |
|---|---|
| (ক) কৃষি জমি। | ১০০০/-একর প্রতি |
| (খ) অকৃষি ভিটি জমি। | ৪০০০/-একর প্রতি |
| (গ) শিল্প/বাণিজ্যিক কাজে ব্যবহৃত জমি। | ৫০০০/-একর প্রতি |
| (ঘ) আবাসিক ঘর ও কাঁচা ঘর (মেঝে কাঁচা টিনের দেওয়াল এবং ছাদ)। | ৩/-প্রতি বর্গফুট |
| (ঙ) আবাসিক ঘর ও আধাপাকা ঘর | ৪/-প্রতি বর্গফুট |

(মেঝে পাকা, দেয়াল পাকা, টিনের ছাদ)।

| | | |
|---|---|---|
| (চ) | আবাসিক ঘর ও পাকা ঘর (দালান) | ৬/-প্রতি বর্গফুট |
| (ছ) | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের ক্ষেত্রে (টিনের ঘর/কাঁচা ঘর) | ৮/-প্রতি বর্গফুট |
| (জ) | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের ক্ষেত্রে (আধাপাকা ঘর/ পাকা ঘর) | ১২/-প্রতি বর্গফুট |
| (ঝ) | ফল/ফলের বাগান/পুকুর/দীঘি/ঝিল | নীলামের মাধ্যমে ফলের বাগান ১(এক) বৎসরের ভিত্তিতে এবং পুকুর, দীঘি ও ঝিল ইত্যাদির ক্ষেত্রে তিন বৎসরের ভিত্তিতে সর্বোচ্চ ডাককারীর অনুকূলে লীজ প্রদান করিতে হইবে। |

(৩) ঢাকা, নারায়ণগঞ্জ. খুলনা, ও চট্টগ্রাম মহানগরীর ক্ষেত্রে

| | বিষয় | বর্তমান নির্ধারিত হার (বাৎসরিক) |
|---|---|---|
| (ক) | অকৃষি জমি/ভিটি জমি। | ৮০০০/-একর প্রতি |
| (খ) | শিল্প/বাণিজ্যিক কাজে ব্যবহৃত জমি। | ১০০০০/-একর প্রতি |
| (গ) | আবাসিক ঘর ও কাঁচা ঘর (মেঝে কাঁচা, টিনের দেওয়াল এবং ছাদ)। | ৬/-প্রতি বর্গফুট |
| (ঘ) | আবাসিক ঘর ও আধাপাকা ঘর (মেঝে পাকা দেয়াল পাকা টিনের ছাদ)। | ৮/-প্রতি বর্গফুট |
| (ঙ) | আবাসিক ঘর ও পাকা ঘর (দালান) | ১০/-প্রতি বর্গফুট |
| (চ) | শিল্প/বাণিজ্যিক কাজে ব্যবহারের ক্ষেত্রে (টিনের ঘর/কাঁচা ঘর) | ২০/-প্রতি বর্গফুট |
| (ছ) | শিল্প/বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের ক্ষেত্রে (আধাপাকা ঘর/ পাকা ঘর) | ২৫/-প্রতি বর্গফুট |
| (ঝ) | ফল/ফলের বাগান/পুকুর/দীঘি/ঝিল | নীলামের মাধ্যমে ফলের বাগান ১(এক) বৎসরের ভিত্তিতে এবং পুকুর, দীঘি ও ঝিল ইত্যাদির ক্ষেত্রে তিন বৎসরের ভিত্তিতে সর্বোচ্চ ডাককারীর অনুকূলে লীজ প্রদান করিতে হইবে। |

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

**স্বা/-(এ, জেড, এম, নাছিরুলদ্দিন)**
সচিব, ভূমি মন্ত্রণালয়।

নং ভুঃমঃশা-৫/অর্পিত (সালামী)/৬৯/৯০(অংশ)/১৬৯/১(১০৬০) তারিখঃ <u>২৬/২/৯০ইং</u>
১৪/১১/৯৬বাং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইলঃ

১। বিভাগীয় কমিশনার.............................. বিভাগ,......................।
২। জেলা প্রশাসক,..............................................।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)......................।
৪। উপজেলা নির্বাহী অফিসার, ............................, জেলা.....................
৫। সহকারী কমিশনার (ভূমি)/............................জেলা......................।
৬। সুপার/সহকারী সুপার (অর্পিত)...........................................।

**স্বা/-(সৈয়দ আসগর আলী)**
উপ-সচিব।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ভূমি মন্ত্রণালয়**
**শাখা-৫**
**<u>আদেশ</u>**

নং-ভুঃমঃ/শা-৫/অর্পিত (ক্ষমতা)/৬১/৯০(অংশ)/২৫০, তারিখঃ ২২শে মার্চ, ১৯৯০ইং
৮ই চৈত্র, ১৩৯৬বাং।

ভূমি মন্ত্রণালয়ের ২৬-০২-১৯৯০ইং/২৪-১১-৯৬ বাং তারিখের ভুঃমঃ/শা-৫/অর্পিত (ক্ষমতা)/৬১/৯০(অংশ)/১৬৪ আদেশের প্রথম অনুচ্ছেদের (১), (২) এবং (৩) অংশের আদেশ নিম্নোক্ত প্রতিস্থাপিত করা হইলঃ

(১) মন্ত্রাণালয়ের তদারকী ও নিয়ন্ত্রণ সাপেক্ষে রাজস্ব ব্যবস্থাপনার অধীনে দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাদের নিয়োগ/বদলী বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ব্যবস্থা গ্রহণ করিবেন। উক্ত কর্মকর্তাদের আন্তঃ বিভাগীয় নিয়োগ/বদলীর ক্ষেত্রে ভূমি সংস্কার বোর্ড ব্যবস্থা গ্রহণ করিবেন।

(২) মন্ত্রণালয়ের তদারকী ও নিয়ন্ত্রণ সাপেক্ষে জেলা ও উপজেলা পর্যায়ের সকল নন-গেজেটেড কর্মচারীদের নিয়োগ/বদলী এবং শৃঙ্খলাজনিত বিভাগীয় ও প্রশাসনিক কার্যক্রম জেলা পর্যায়ে জেলা প্রশাসক, বিভাগীয় পর্যায়ে বিভাগীয় কমিশনার গ্রহণ করিবেন, বিভাগীয় পর্যায়ের বহির্ভূত ক্ষেত্রে ভূমি সংস্কার বোর্ড গ্রহণ করিবে।

(৩) (ক) মন্ত্রণালয়ের নির্দেশ ও নিয়ন্ত্রণ সাপেক্ষে অর্পিত/অনাবাসিক পরিত্যক্ত সম্পত্তির ব্যবস্থাপনা ও তদরাকী এবং সংশ্লিষ্ট সকল কর্মচারীদের নিয়োগ/বদলী এবং শৃঙ্খলাজনিত বিভাগীয় ও প্রশাসনিক কার্যক্রম জেলা পর্যায়ে জেলা প্রশাসক, বিভাগীয় পর্যায়ে বিভাগীয় কমিশনার গ্রহণ করিবেন। বিভাগীয় পর্যায়ের বহির্ভূত ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয় ব্যবস্থা গ্রহণ করিবে।

(খ) অর্পিত সম্পত্তির বাজেট, আয়, অর্থ ছাড় এবং ব্যয় নিয়ন্ত্রণ সম্পর্কিত সকল ব্যবস্থাদি ভূমি মন্ত্রণালয় গ্রহণ করিবে।

(২) এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

**স্বা/-(এ, জেড, এম, নাছিরুদ্দিন)**
সচিব
ভূমি মন্ত্রণালয়।

নং-ভুঃমঃ/শা-৫/অর্পিত (ক্ষমতা)/৬১/৯০(অংশ)/২৫০/১(১০০) তারিখঃ ২২শে মার্চ, ১৯৯০ইং
৮ই চৈত্র, ১৩৯৬বাং।

অনুলিপি প্রেরণ করা হইলঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

২। রাষ্ট্রপতির মূখ্য সচিব, রাষ্ট্রপতির সচিবালয়।

৩। সচিব/ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব,

............................... মন্ত্রণালয়/বিভাগ।

৪। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।

৫। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

৬। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৭। বিভাগীয় কমিশনার, ..............................(সকল)

৮। জেলা প্রশাসক, ..................................(সকল)

৯। মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা,

.......................................

১০। তত্ত্বাবধায়ক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা-পরবর্তী গেজেটে প্রকাশনার জন্য অনুরোধ করা হইল।

স্বা/-সৈয়দ আসগার আলী
উপ-সচিব
ভূমি মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা-৫
আদেশ

নং-ভুঃমঃ/শা-৫/অর্পিত (ক্ষমতা)/৬১/৯০(অংশ)/২৫৮, তারিখঃ ৩১শে মার্চ, ১৯৯০ইং
১৭ই চৈত্র, ১৩৯৬বাং।

ভূমি মন্ত্রণালয়ের ২৬-০২-১৯৯০ইং/২৪-১১-৯৬ বাং তারিখের ভুঃমঃ/শা-৫/অর্পিত (ক্ষমতা)/৬১/৯০(অংশ)/১৬৪ আদেশের প্রথম অনুচ্ছেদের (৭) অংশের আদেশ নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত করা হইল।

(৭) ঢাকা মহানগরী ব্যতীত বর্তমান ব্যবস্থা মোতাবেক ঢাকাসহ সকল জেলায় জেলা প্রশাসকগণ অর্পিত সম্পত্তির একসনা লীজ প্রদান বিষয়ে চূড়ান্ত ব্যবস্থা গ্রহণ করিবেন এবং এতদবিষয়ে বাৎসরিক প্রতিবেদন মন্ত্রণালয়ে পেশ করিবেন। ঢাকা মহানগরীর ক্ষেত্রে ঢাকা জেলা প্রশাসকের নিকট হইতে প্রাপ্ত প্রস্তাবের ভিত্তিতে অর্পিত সম্পত্তির লীজ ভূমি মন্ত্রণালয় হইতে প্রদান করা হইবে।

(২) এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

স্বা/-(এ, জেড, এম, নাছিরুদ্দিন)
সচিব
ভূমি মন্ত্রণালয়।

নং-ভুঃমঃ/শা-৫/অর্পিত (ক্ষমতা)/৬১/৯০(অংশ)/২৫৮/১(১৪০) তারিখঃ ৩১শে মার্চ, ১৯৯০ইং
১৭ই চৈত্র, ১৩৯৬বাং।

অনুলিপি প্রেরণ করা হইলঃ
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। রাষ্ট্রপতির মূখ্য সচিব, রাষ্ট্রপতির সচিবালয়।
৩। সচিব/ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব,
................................ মন্ত্রণালয়/বিভাগ।
৪। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
৫। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৬। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৭। বিভাগীয় কমিশনার, ................................(সকল)
৮। জেলা প্রশাসক, ....................................(সকল)
৯। মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা,
.......................................
১০। তত্ত্বাবধায়ক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা-পরবর্তী গেজেটে প্রকাশনার জন্য অনুরোধ করা হইল।

স্বা/-সৈয়দ আসগার আলী
উপ-সচিব
ভূমি মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা-৫

নং-ভূঃমঃ/শা-৫/অর্পিত(ব্যবস্থাপনা)/৩৩৬/৯০/৫৮৭(৬৪), তারিখঃ ১৯-৪-৯৭ বাং
৪-৮-৯০ ইং

প্রাপক ঃ জেলা প্রশাসক, (সকল)
..............................

বিষয় ঃ অর্পিত সম্পত্তি অবমুক্তি সম্পর্কে।

অর্পিত সম্পত্তির অবমুক্তির বিষয়ে যথাসম্ভব দ্রুত ও নির্ভুল সিদ্ধান্ত গ্রহণ জনস্বার্থে একান্ত বাঞ্ছনীয় বলিয়া সরকার মনে করেন। বিষয়টি মূলতঃ নির্ভর করিতেছে জেলা পর্যায় হইতে অবমুক্তির বিষয়ে মন্ত্রণালয়ে প্রেরীত প্রস্তাবলীর সহিত প্রাপ্ত তথ্যাবলীর উপর। প্রায়শঃ লক্ষ্য করা যাইতেছে যে জেলা পর্যায় হইতে এতদসম্পর্কিত প্রাপ্ত সংশ্লিষ্ট প্রস্তাবলীতে প্রয়োজনীয় তথ্যের উল্লেখ থাকে না। ফলে এই সকল প্রস্তাবের বিষয়ে সুষ্ঠুভিত্তিক, নিরপেক্ষ এবং বাস্তবধর্মী সিদ্ধান্ত গ্রহণ বিলম্বিত হয় এবং অনেকক্ষেত্রে সম্ভবপর হইয়া উঠে না। ইহার ফলে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের হয়রানী বাড়িয়া যায় এবং মন্ত্রণালয়কে বিব্রতকর অবস্থায় পড়িতে হয়। এহেন অবস্থার আশু অবসানকল্পে জেলা পর্যায় হইতে অর্পিত সম্পত্তির অবমুক্তি সম্পর্কিত প্রস্তাবলী মন্ত্রণালয়ে প্রেরণের সময় নিম্নোক্ত বিষয়াদি নিশ্চিত করিতে হইবেঃ

(১) অর্পিত সম্পত্তি অবমুক্তি আবেদনের সহিত সম্পত্তিটি যে অবমুক্তির যোগ্য সে ব্যাপারে গ্রহণযোগ্য সঠিক দলিল দস্তাবেজ/প্রমাণাদি অবশ্যই থাকিতে হইবে। অন্যথায় অবমুক্তির আবেদনপত্রটি প্রাথমিক পর্যায়েই বাতিল বলিয়া গণ্য হইবে।

(২) আলোচ্য সম্পত্তি ভূমি মন্ত্রণালয়ের ৩১শে জুলাই, ১৯৯৮ ইং তারিখের ৫-১৯৩/৮৫/৩৫১ নং স্মারকে অনুঃ ৪-৫-এ বর্ণিত নির্দেশ মোতাবেক পাকাপোক্তভাবে অর্পিত সম্পত্তি হিসাবে প্রমাণিত ও স্বীকৃত হইয়াছে কি না নিশ্চিত করিতে হইবে।

(৩) অবমুক্তি আবেদনের পরিপ্রেক্ষিতে সহকারী কমিশনার (ভূমি)/রাজস্ব অফিসার, ইউ এন, ও, ও ভি,পি, কৌশলী, রেভিনিউ ডেপুটি কালেক্টর ও সর্বোপরি অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), স্ব স্ব পর্যায়ে সঠিক তথ্যের ভিত্তিতে আইনানুগ যথাযথভাবে পর্যালোচনা ও নিরীক্ষা করিয়া দেখিবেন। প্রয়োজনবোধে সরেজমিনে তদন্ত করিবেন ও সংশ্লিষ্ট সকলের শুনানী গ্রহণ করিবেন।

(৪) যিনি বা যাহারা অবমুক্তির আবেদন করিয়াছেন তাহার বা তাহাদের মালিকানা সম্পর্কে নিবিড়ভাবে যাচাই করিতে হইবে। কি সূত্রে তাহারা মালিক হলেন, তাহাদের অনুকূলে নামজারী করা হইয়াছে কি না ও তাহারা ভূমি উন্নয়ন কর পরিশোধ করিতেছে কি না ইত্যাদি ব্যাপারে সঠিক তথ্য ও প্রমাণাদি পরীক্ষা করিয়া দেখিতে হইবে।

(৫) সরকার কর্তৃক ৩০-১২-৬৫ ইং তারিখের ১১৯৯ নং স্মারকে জারীকৃত আদেশের পর অর্পিত

সম্পত্তির যে কোনরূপ হস্তান্তর এবং সরকারের বিরুদ্ধে একতরফা ডিক্রি গ্রহণযোগ্য নয়। আমমোক্তারনামা/আমলনামা ইত্যাদি সূত্রে পত্তন/মালিকানার দাবী ইত্যাদি নিরীক্ষা ও যাচাই করিতে হইবে এবং সেই মোতাবেক সুপারিশ পেশ করিতে হইবে।

(৬) আলোচ্য অর্পিত সম্পত্তির বিষয়টি কোন আদালতে বিচারাধীন আছে কি না এবং থাকিলে উহার বর্তমান অবস্থা কি তাহার উল্লেখ করিতে হইবে।

(৭) ০৬-০৯-৬৫ হইতে ১৬-০২-৬৯ তারিখ পর্যন্ত অর্পিত সম্পত্তির মালিক ভারতে ছিলেন না মর্মে গ্রহণযোগ্য প্রমাণাদি যাচাই করিতে হইবে।

(৮) ভুলক্রমে ব্যক্তি মালিকানাধীন সম্পত্তি অর্পিত সম্পত্তির তালিকাভুক্ত করা হইলে ভুলের জন্য দায়ী কে/কাহারা তাহার/তাহাদের বিরুদ্ধে কি শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

২। অবমুক্তির প্রস্তাবের সহিত সংযুক্ত এতদসম্পর্কিত ছকপত্র (পরিশিষ্ট 'ক') যথাযথভাবে পূরণ-পূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করিতে হইবে। ছকপত্রটি বিষয়টির সারসংক্ষেপ রূপে গণ্য হইবে।

৩। সম্পত্তিটি অবমুক্তির বিষয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর অভিমত এবং সুস্পষ্ট সুপারিশ অবশ্যই প্রস্তাবের সহিত থাকিতে হইবে।

৪। এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

স্বা/-এ, জেড, এম, নাছিরুদ্দিন
সচিব
ভূমি মন্ত্রণালয়।

নং-ভুঃমঃ/শা-৫/অর্পিত(ব্যবস্থাপনা)/৩৩৬/৯০/৫৮৭/১(১০০৫), তারিখঃ ১৯-৪-৯৭ বাং
৪-৮-৯০ ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাকল্পে প্রেরণ করা হইলঃ

১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৩। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ................................
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ................................
৬। আর, ডি, সি,..................................
৭। উপজেলা রাজস্ব অফিসার,...................................
৮। সহকারী কমিশনার (ভূমি)/উপজেলা রাজস্ব অফিসার,...................................

স্বা/-সৈয়দ আসগার আলী
উপ-সচিব
ভূমি মন্ত্রণালয়।

(ভূমি মন্ত্রণালয়ের ৪-৮-৯০ ইং/১৯-৪-৯৭ বাং তারিখের নং ৩৩৬/৯০/৫৮৭(৬৪) স্মারক সম্পর্কিত ছক)

বিষয় ঃ <u>অর্পিত সম্পত্তির অবমুক্তি সম্পর্কিত তথ্যাদির বিবরণী।</u>

১। স্থানীয় ভি,পি, কেস নংঃ

২। অর্পিত সম্পত্তির বিবরণঃ

(ক) জেলা........................উপজেলা........................ মৌজা........................

(খ) খতিয়ান নং (১) সি, এস, .................. দাগ নং.................

(২) এস, এ,...................... দাগ নং................

(৩) আর, এস,..................... দাগ নং................. (যদি থাকে)

(গ) মোট পরিমাণঃ

(ঘ) সম্পত্তির শ্রেণীঃ

৩। (ক) কোন তারিখে সংশ্লিষ্ট অর্পিত সম্পত্তি হিসাবে তালিকাভুক্ত করা হইয়াছেঃ

(খ) তালিকাভুক্তির ক্রমিক নংঃ

(গ) ভূমি মন্ত্রণালয়ের ৩১-৭-৮৮ইং/১৬-৪-৯৫বাং তারিখের নং ৫-১৯৩/৮৫/৩৫১ স্মারকের ৪ অনুচ্ছেদের নির্দেশ মোতাবেক সংশ্লিষ্ট সম্পত্তি পাকাপোক্তভাবে অর্পিত সম্পত্তি হিসাবে ঘোষিত এবং স্বীকৃত হইয়াছে কি নাঃ

(ঘ) উল্লেখিত সম্পত্তি কবে সরকারের দখলে আনয়ন করা হইয়াছেঃ

(ঙ) কোন তারিখ হতে উক্ত সম্পত্তি লীজ দেওয়া হয়ঃ

৪। (১) সংশ্লিষ্ট অর্পিত সম্পত্তির অবমুক্তির জন্য আবেদনকারী/আবেদনকারীদের নাম ও ঠিকানাঃ

(২) কোন তারিখে অবমুক্তির জন্য আবেদন করা হইয়াছেঃ

(৩) কাহার বরাবরেঃ

৫। সংশ্লিষ্ট সম্পত্তি অবমুক্তির সপক্ষে আবেদনকারীর সমর্থনযোগ্য বক্তব্যঃ

৬। (ক) সিভিল কোর্টের কোন ডিক্রী আছে কি নাঃ

(খ) থাকিলে তা কি?

(গ) উক্ত কেসে সরকারকে বিবাদী করা হইয়াছিল কি নাঃ

(ঘ) সরকারকে বিবাদী করা হইয়া থাকিলে তাহা সরকার হইতে আত্মপক্ষ সমর্থন করা হইয়াছিল কি না; না হইয়া থাকিলে এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কি না?

(ঙ) খাজনা বা দেনার দায়ে সম্পত্তি নিলাম বিক্রি হইলে নিলামের আদেশের কপি আছে কি নাঃ

(চ) ৬-৯-৬৫ইং তারিখ হইতে ১৬-২-৬৯ তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট অর্পিত সম্পত্তি অংশের মালিক ভারতে ছিলেন কি না; না থাকিলে তাহার সমর্থনে প্রমাণাদি কি?

৭। সংশ্লিষ্ট অর্পিত সম্পত্তি অবমুক্তির বিষয়ে ভি, পি, কৌসূলীর মতামত কি?

৮। সংশ্লিষ্ট অর্পিত সম্পত্তির অবমুক্তির বিষয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর নিজস্ব মতামত কিঃ

স্বা/-অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)

স্বাক্ষর ও সীল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা-৫

আদেশ

নং-ভুঃমঃ/শা-৫/অর্পিত(ইজারা)/নেত্রকোনা/৩২৮/৮৯/৭৪৮, তারিখঃ ২০-১০-৯০ ইং
৪-৭-৯৭ বাং

প্রাপক ঃ ১। জেলা প্রশাসক/কালেক্টর.................................. (সকল)।
২। অতিঃ জেলা প্রশাসক (রাজস্ব)......................... (সকল)।

বিষয় ঃ স্বয়ংক্রিয় নবায়নযোগ্য ইজারা প্রদান প্রসংগে।

ইতিপূর্বে অত্র মন্ত্রণালয় কর্তৃক অর্পিত সম্পত্তি একসনা ভিত্তিক ইজারা প্রদানের ক্ষেত্রে কোন কোন সময় উহা স্বয়ংক্রিয় নবায়নযোগ্য একসনা ইজারা প্রদান করা হইয়াছে। সংশ্লিষ্ট সম্পত্তি স্বয়ংক্রিয় নবায়নযোগ্য বিবেচনায় উহা একপ্রকার স্থায়ী ইজারায় রূপান্তরিত হইয়াছে বলিয়া মনে করা হইতেছে। উল্লেখ্য যে অর্পিত সম্পত্তি স্থায়ী বন্দোবস্ত প্রদানের কোন বিধান নাই, ফলে বিষয়টিতে বিভ্রান্তির উদ্ভব হইয়াছে।

২। এমতাবস্থায় উদ্ভূত পরিস্থিতির অবসানকল্পে সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে ইতিপূর্বে যে সকল অর্পিত সম্পত্তির ক্ষেত্রে স্বয়ংক্রিয় নবায়নযোগ্য একসনা ইজারা প্রদান করা হইয়াছে সেই সকল সম্পত্তি একসনা ভিত্তিক ইজারা হিসাবে গণ্য হইবে এবং সেইভাবে পরিচালিত হইবে।

স্বা/-(সৈয়দ আসগার আলী)
উপ-সচিব
ভূমি মন্ত্রণালয়।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ভূমি মন্ত্রণালয়**
**শাখা-৫**

নং-ভুঃমঃ/শা-৫/১৯৩-৮৫/১৮(২০০), তারিখঃ ১৪-০১-৯২ ইং
৩০-৯-৮৯ বাং

প্রাপক ঃ জেলা প্রশাসক (সকল)।

বিষয় ঃ সেটেলমেন্ট অপারেশন এলাকায় অর্পিত সম্পত্তির তালিকা প্রদান প্রসংগে।

অভিযোগ পাওয়া যাইতেছে যে, অর্পিত সম্পত্তির সেন্সাস তালিকা বিভিন্ন জেলা প্রশাসন কর্তৃক সরকারী নির্দেশ ও নিয়ম মোতাবেক তৈয়ার না করিয়া ঢালাওভাবে তালিকা সেটেলমেন্ট কর্মকর্তাগণের নিকট প্রেরণ করা হইয়াছে বিধায় সাধারণ নিরীহ কৃষকগণ নির্যাতন ও হয়রানির শিকার হইতেছেন। অর্পিত সম্পত্তির সেন্সাস তালিকায় যে সকল অনিয়মের অভিযোগ পাওয়া যাইতেছে তাহাদের কিছু সংখ্যক নিম্নে উল্লেখ করা হইলঃ

(ক) কিছু কিছু শুমারী তালিকা রক্ষিত আছে যাহাতে কোন স্বাক্ষর নাই অথবা ভি,পি, তহশিলদারের স্বাক্ষর থাকিলেও তদন্ত কর্মকর্তা কর্তৃক পরীক্ষণের কোন দস্তখত নাই।

(খ) শুমারী তালিকায় এমন অনেক দাগের জমি লিপিবদ্ধ করা হইয়াছে যে, সি/এস ও এস/এ খতিয়ান অনুযায়ী উহাদের প্রকৃত মালিক মুসলিম পরিবারের লোক রীতিমত এই দেশে বসবাস করিতেছে এবং দখলে আছে। তাহা ছাড়া, এমন সব হিন্দু পরিবারের সম্পত্তি শুমারী তালিকাভুক্ত করা হইয়াছে যাহারা এই দেশেই স্থায়ীভাবে বসবাসক্রমে জমিতে ভোগ দখলরত আছে এবং যথারীতি এস, এ, খতিয়ানে তাহাদের কিংবা তাহাদের পূর্ব পুরুষগণের নাম রেকর্ডভুক্ত আছে।

(গ) একই খতিয়ানে হিন্দু ও মুসলমান মালিকের নাম যৌথভাবে লিপিবদ্ধ আছে অথচ খতিয়ানের সমূদয় ভূমিই অর্পিত হিসাবে শুমারী তালিকাভুক্ত করা হইয়াছে।

(ঘ) শুমারী তালিকায় এমন সব ভূমি অর্পিত সম্পত্তি হিসাবে দেখানো হইয়াছে যাহাদের সম্পর্কে দখলদারকে কোন নোটিশ ও শুনানী হয় নাই; সরকারী দখলে আনা হয় নাই ও লীজ দেওয়া হয় নাই। এমনকি এসব সম্পত্তি সম্পর্কে কোন কেস নথিও খোলা হয় নাই।

২। উল্লেখ্য যে, সরকারী নির্দেশ মোতাবেক ২১/৬/৮৪ইং তারিখের পর কোন সম্পত্তি অর্পিত ঘোষণা বন্ধ করা হইয়াছে। তাহা ছাড়া, ইতিপূর্বে প্রস্তুতকৃত অর্পিত সম্পত্তির তালিকায় অনেক জমি যথাযথ শুনানী বা পরীক্ষা ছাড়াই অন্তর্ভুক্ত করা হইয়াছে। সুতরাং পরীক্ষা ছাড়া প্রস্তুতকৃত শুমারী তালিকাকে চূড়ান্ত তালিকা বলিয়া গ্রহণ করা যাইবে না। অর্পিত সম্পত্তি হিসাবে পাকাপোক্তভাবে প্রমাণিত ও স্বীকৃত হইয়াছে এবং উহার দখল সরকারে বর্তাইয়াছে এমন সম্পত্তির তালিকা কেবলমাত্র চূড়ান্ত শুমারী

তালিকা হিসাবে গৃহীত হইতে পারে। এই মর্মে সরকারী সিদ্ধান্ত মন্ত্রণালয়ের ৬ই আগষ্ট/৮৮ ইং তারিখের স্মারক নং-৫/১৯৩/৮৫-৩৫১ মোতাবেক সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়। উক্ত স্মারকে সুস্পষ্টভাবে উল্লেখ করা হয় যে "একটি সম্পত্তি অর্পিত ঘোষণার অর্থ হইলঃ ঐ সম্পত্তির উপর যথাযথ কেস রেকর্ড খুলিয়া অর্ডারশীটে আদেশ দিয়া, বর্তমান দখলদারকে নোটিশও শুনানীর পর উক্ত সম্পত্তিটি সরকারের দখলে আনা বা লীজ দেওয়া। সুতরাং সুস্পষ্ট ঘোষণার আগে অনুরূপ কোন আদেশ/ঘোষণা না থাকিলে ২১/৬/৮৪ ইং তারিখের পর নতুন কোন কেস শুরু করা যাইবে না। তবে, যদি কোন সম্পত্তি সম্পর্কে কোন কেস নথি শুনানী/আপীল পর্যায়ে থাকে তাহা হইলে তাহার শুনানীর শেষ করিয়া যথাযথ সিদ্ধান্ত গ্রহণ করিতে হইবে। জেলা প্রশাসকগণকে উক্ত স্মারকে নির্দেশ দেওয়া হইয়াছিল যে তাঁহারা অর্পিত সম্পত্তি শাখা নিজেরা পরিদর্শন করিয়া অর্পিত সেন্সাস তালিকাগুলি সরকারী সিদ্ধান্তের আলোকে নিবিড়ভাবে পরীক্ষা করিবেন এবং পরীক্ষিত শুমারী তালিকার প্রতিটি পাতায় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) স্বাক্ষর করিবেন।

৩। এমতাবস্থায়, পূর্বে প্রস্তুতকৃত তালিকার যে সকল সম্পত্তি অর্পিত নহে কিংবা যে সকল সম্পত্তি সম্পর্কে কেস রেকর্ড খুলিয়া দখলদারকে নোটিশ ও শুনানীর মাধ্যমে কার্যক্রম গৃহীত হয় নাই, সেই সকল সম্পত্তি অর্পিত রূপে গণ্য করা যাইবে না এবং অর্পিত সম্পত্তির তালিকাভুক্ত হইবে না। জেলা প্রশাসকগণকে অনুরোধ করা যাইতেছে যে, সরকারী নির্দেশের আলোকে উপরোক্ত নিয়মে প্রস্তুতকৃত শুমারী তালিকা সেটেলমেন্ট কর্মকর্তাগণকে প্রদান করিতে হইবে। ইহা ছাড়া অন্য কোন তালিকা প্রদান করা হইয়া থাকিলে তাহা অবিলম্বে ফেরৎ নিয়া নিয়ম মোতাবেক তালিকা প্রদান করিতে হইবে।

স্বা/-(কাজী মোঃ আবু বকর সিদ্দিকী)
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা-৫

আদেশ

নং-ভুঃমঃ/শা-৫/অর্পিত(ব্যবস্থাপনা)/৩২/৯১/৭১, তারিখঃ ৩-১১-৯৭ বাং
১৬-২-৯২ ইং

প্রেরক ঃ সচিব
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

প্রাপক ঃ ১। জেলা প্রশাসক/কালেক্টর
২। জোনাল সেটেলমেন্ট অফিসার
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
৪। সহকারী কমিশনার (ভূমি)/উপজেলা রাজস্ব অফিসার/সহকারী সেটেলমেন্ট অফিসার।

বিষয় ঃ সেটেলমেন্ট অপারেশনে অর্পিত জমি, খাস জমি ও অন্যান্য সরকারী জমির সঠিক খতিয়ান প্রণয়ন।

বর্তমানে দেশের ১৬টি জেলায় ভূমি জরিপ কার্যক্রম পরিচালিত হইতেছে। সঠিক মৌজা ম্যাপ এবং খতিয়ান প্রণয়ন ও প্রকাশনার মাধ্যমে সরকারী ও ব্যক্তিমালিকানাধীন জমির উপর মালিকের অধিকার ও দখল স্বত্বের প্রামাণ্য দলিল সৃষ্টি এই কার্যক্রমের উদ্দেশ্য। জরিপ চলাকালে ব্যক্তিমালিকানাধীন জমির ক্ষেত্রে সংশ্লিষ্ট মালিকগণ তাহাদের দখল স্বত্ব সংরক্ষণ ও রেকর্ডভুক্তির জন্য সক্রিয় সচেষ্ট থাকেন। অনুরূপভাবে অর্পিত সম্পত্তিসহ খাস ও অন্যান্য সরকারী জমি যাহাতে সরকারের নামে সঠিকভাবে রেকর্ডভুক্ত করা হয় সে বিষযে সরকারী সম্পত্তি ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত কালেক্টর/জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক(রাঃ), সহকারী কমিশনার (ভূমি) সহ অন্যান্য রাজস্ব অফিসারগণ এবং অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনায় নিযুক্ত কর্মকর্তাগণকে বিশেষভাবে সতর্ক ও প্রচেষ্টা থাকিতে হইবে। কালেক্টর এবং তাহার অধীনস্থ রাজস্ব অফিসারগণ ও কর্মকর্তাদের দায়িত্ব জরিপ চলাকালে অর্পিত সম্পত্তির তালিকা এবং খাস ও অন্যান্য সরকারী জমির রেকর্ড/বিবরণ/রেজিষ্টার যথা-সময়ে জরিপ কর্মকর্তাগণকে সরবরাহ করা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে অর্পিত/আপীল দায়েরের মাধ্যমে সঠিক রেকর্ড প্রণয়ন নিশ্চিত করা।

২। এতদবিষয়ে ইতিপূর্বে ভূমি মন্ত্রণালয় হইতে বিভিন্ন সময়ে নির্দেশ জারী করা হইয়াছিল। কিন্তু বিভিন্ন জরিপ জোন হইতে প্রাপ্ত প্রতিবেদন হইতে প্রতীয়মান হয় যে, (১) অর্পিত সম্পত্তির সঠিক তালিকা/বিবরণ (২) খাস জমির রেকর্ড/রেজিষ্টার, (৩) হাট বাজারসহ সায়রাত মহলের সঠিক তালিকা ও বিবরণী সহকারী কমিশনার (ভূমি)গণ যথাসময়ে জরিপ কর্মকর্তাদের নিকট সরবরাহ করিতে না পারায় এবং আপত্তি/আপীল পর্যায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না হওয়াতে অর্পিত সম্পত্তি, খাস ও অন্যান্য সরকারী সম্পত্তির রেকর্ডকরণ বিলম্বিত হইতেছে, রেকর্ডভুক্তিতে ভুলভ্রান্তি থাকিয়া যাইতেছে এবং অনেক ক্ষেত্রে সরকারী সম্পত্তি সরকারের অনুকূলে রেকর্ড করা সম্ভবপর হইতেছে না।

এমতাবস্থায় উদ্ভুত সমস্যাদির নিরসনকল্পে এতদসংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নে নির্দেশাবলী জারী করা হইল।

**জরিপের সময় অর্পিত সম্পত্তি, খাস ও অন্যান্য জমির রেকর্ড ও তথ্য সরবরাহঃ**

৩। ভূমি মন্ত্রণালয়ের ১৪-৭-৯৪ বাং (০১-১১-৮৭ ইং) তারিখের ভুঃমঃ রেকর্ড-২-১০৮/৮৭/৭৭২ নম্বর পরিপত্রে উপরোক্ত বিষয়ে বিস্তারিত নির্দেশ প্রদান করা হইয়াছিল। উক্ত পরিপত্রে মাঠ পর্যায়ে জরিপের সময় অর্পিত সম্পত্তির সত্যায়িত তালিকা এবং খাস ও অন্যান্য সরকারী সম্পত্তির রেকর্ড/রেজিষ্টার ও বিবরণ জরিপ অফিসারগণকে সরবরাহ করা সহকারী কমিশনার (ভূমি)/উপজেলা রাজস্ব অফিসার ও তহশিলদারগণের সুনির্দিষ্ট দায়িত্ব বলিয়া উল্লেখ করা হইয়াছে। সঠিক তালিকা যথাসময়ে সরবরাহ না করা এবং আপত্তি/আপীল দায়ের না করার ফলে কোন অর্পিত সম্পত্তি অথবা অন্য কোন সরকারী সম্পত্তি ভুল রেকর্ড হইলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সরাসরি দায়ী থাকিবেন বলিয়া উল্লেখ করা হইয়াছিল। কিন্তু অনেক স্থানে এতদসংক্রান্ত নির্দেশাবলী অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হইতেছে না। উক্ত পরিপত্রের নির্দেশ অনুসারে অর্পিত সম্পত্তির তালিকা জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর নিকট হইতে সংগ্রহপূর্বক জরিপকালীন সময়ে উপস্থাপন করা এবং খাস ও অন্যান্য সরকারী জমির রেকর্ড/রেজিষ্টার ও বিবরণ জরিপ কর্মকর্তাদের নিকট সরবরাহ করা সহ অন্যান্য নির্দেশাবলী সঠিকভাবে অনুসরণ করার জন্য পুনরায় সহকারী কমিশনার (ভূমি)/উপজেলা রাজস্ব অফিসার ও তহশিলদারগণকে নির্দেশ প্রদান করা হইল।

**অর্পিত সম্পত্তির তালিকাভুক্তি সম্পর্কেঃ**

৪। নতুন করিয়া কোন সম্পত্তি অর্পিত সম্পত্তির তালিকাভুক্তি করা যাইবে কি না সেই বিষয়ে কোন কোন পর্যায়ে কিছু ভুল বুঝাবুঝির সৃষ্টি হইয়াছে বলিয়া প্রতীয়মান হয়। এ পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য উল্লেখ করা যাইতেছে যে, রাষ্ট্রপতির ০৬-৮-৮৪ ইং তারিখের সিএমটি-৭২(২)-৮৪/৭ নম্বর স্মারকে অর্পিত সম্পত্তির হস্তান্তর এবং নতুন করিয়া কোন অর্পিত সম্পত্তির ঘোষণা করা বন্ধ হইবে বলিয়া যে নির্দেশ করা হইয়াছিল সে বিষয়ে ভূমি মন্ত্রণালয়ের ২২-৪-১৩৯৫ বাং (০৬-৮-১৯৯৮ ইং) তারিখের স্মারক নং ৫-১৯৩/৮৫/৩৫১ এর ৪র্থ অনুচ্ছেদে ব্যাখ্যা দেওয়া হইয়াছে। উক্ত স্মারকে উল্লেখ করা হইয়াছে যে, একটি সম্পত্তি অর্পিত ঘোষণার অর্থ হইল ঐ সম্পত্তির উপর যথাযথ কেস রেকর্ড খুলিয়া অর্ডার সিটে আদেশ দিয়া, বর্তমানে দেখলকারকে নোটিশ ও শুনানীর পর উক্ত সম্পত্তিটি সরকারের দখলে আনা এবং লীজ দেওয়া। সুতরাং রাষ্ট্রপতির সুস্পষ্ট ঘোষণার আগে অনুরূপ কোন আদেশ/ঘোষণা না থাকিলে ২১-৬-৮৪ ইং তারিখের পর নতুন কোন কেস শুরু করা হইবে না। তবে, যদি সম্পত্তি সম্পর্কে কোন কেস নথি শুনানী/আপীল পর্যায়ে থাকে তাহা হইলে তাহার শুনানী শেষ করিয়া যথাযথ প্রস্তাব সরকারের কাছে পাঠাইতে হইবে।

**সেটেলমেন্ট অপারেশন আওতাধীন এলাকায় অর্পিত সম্পত্তি রেকর্ডকরণঃ**

৫। ভূমি মন্ত্রণালয়ের ১০-৩-৮৮ ইং তারিখের স্মারক নং ভূঃমঃশা-৫-২২/৮৮/৯২/১৪৬ নম্বর পরিপত্রে সেটেলমেন্ট অপারেশন আওতাধীন এলাকায় অর্পিত সম্পত্তি রেকর্ডকরণ এবং ভ্রমাত্মকভাবে অর্পিত তালিকাভুক্ত সম্পত্তি অবমুক্তির পদ্ধতি সম্পর্কে বিস্তারিত নির্দেশ প্রদান করা হইয়াছে। উক্ত পরিপত্রের ক, খ, গ, এবং চ, ছ ও জ উপ-অনুচ্ছেদে অর্পিত সম্পত্তি রেকর্ডকরণ সম্পর্কে যে নির্দেশ প্রদান করা হইয়াছিল তাহা যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হইল।

**সেটেলমেন্ট অপারেশন আওতাধীন এলাকায় ভ্রমাত্মকভাবে অর্পিত তালিকাভুক্ত সম্পত্তি অবমুক্তির পদ্ধতিঃ**

৬। অনুচ্ছেদ ৫-এ উল্লেখিত পরিপত্রে ঘ এবং ঙ উপ-অনুচ্ছেদ জরিপের আওতাধীন এলাকায় ভ্রমাত্মকভাবে অর্পিত তালিকাভুক্ত সম্পত্তির অবমুক্তি সম্পর্কে যে পদ্ধতি অনুসরণের নির্দেশ প্রদান করা হইয়াছিল তাহা প্রত্যন্ত অঞ্চলের ক্ষুদ্র ও দরিদ্র ভূমি মালিকের জন্য জটিল, ব্যয়সাধ্য এবং দীর্ঘায়িত বলিয়া মাঠ পর্যায় হইতে প্রাপ্ত বিভিন্ন প্রতিবেদন উল্লেখ করা হইয়াছে। সরকার বিষয়টি বিস্তারিত পর্যালোচনাপূর্বক অর্পিত সম্পত্তির অবমুক্তি সম্পর্কিত উক্ত পরিপত্রের ঘ ও ঙ অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতি সংশোধন করিবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

৭। এখন হইতে পৌরসভা ও সিটি কর্পোরেশন/মেট্রোপলিটন এলাকার বহির্ভূত সকল কৃষি এবং অকৃষি শ্রেণীর অর্পিত সম্পত্তির অবমুক্তির ক্ষেত্রে নিম্নের পদ্ধতি অনুসরণ করা হইবেঃ

(ক) জরিপ কার্যক্রম আওতাধীন এলাকার শুমারী তালিকাভূক্ত অর্পিত সম্পত্তির মালিকানা কেহ দাবী করিলে তসদিক স্তরে সহকারী সেটেলমেন্ট অফিসার আপত্তিকারী/আপত্তিকারীগণ এবং সরকার পক্ষকে শুনানী দিয়া ঐ সম্পত্তি অবমুক্ত করা হইবে কি না সেই বিষয়ে সুপারিশ এবং এতদসম্পর্কিত আবেদন ও কাগজপত্র সংশ্লষ্ট সেটেলমেন্ট অফিসারের নিকট প্রেরণ করিবেন। তবে তালিকাভুক্ত অর্পিত সম্পত্তি পূর্বের অনুচ্ছেদ ৫ এ বর্ণিত পরিপত্রের নির্দেশ অনুসারে জেলা প্রশাসকের নামে রেকর্ড করা হইবে এবং খতিয়ানের মন্তব্য কলামে প্রকৃত দখলদারের নাম ও ঠিকানা এবং তিনি কিভাবে দখলদার ইত্যাদি লিপিবদ্ধ করা হইবে।

(খ) সহকারী সেটেলমেন্ট অফিসারের নিকট হইতে কেস প্রাপ্তির ১৫ দিনের মধ্যে সেটেলমেন্ট অফিসার নথিপত্র পর্যালোচনা পূর্বক এতদবিষয়ে তাহার অভিমতসহ সংশ্লিষ্ট কাগজপত্র ও আবেদন জেলা প্রশাসক/কালেক্টরের নিকট প্রেরণ করিবেন।

(গ) সেটেলমেন্ট অফিসারের নিকট হইতে জেলা প্রশাসক/কালেক্টর কর্তৃত প্রাপ্ত সংশ্লিষ্ট অর্পিত সম্পত্তির বিষয়ে অতিরিক্ত জেলা প্রাশ্সক (রাজস্ব) আবেদনকারীর পক্ষ ও সরকার পক্ষের শুনানী দিবেন বেং উক্ত শুনানীর ভিত্তিতে তিনি তাহার সুপারিশ জেলা প্রশাসকের নিকট পেশ করিবেন। জেলা প্রশাসক/কালেক্টর উক্ত জমি/সম্পত্তি অর্পিত সম্পত্তির তালিকা হইতে অবমুক্ত করা হইবে কি না সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

(ঘ) জেলা প্রশাসকের সিদ্ধান্তে কেহ সংক্ষুব্ধ হইলে জেলা প্রশাসক/কালেক্টরের আদেশ দানের এক মাসের মধ্যে তিনি বিভাগীয় কমিশনারের নিকট আবেদন করিতে পারিবেন। এরূপ আবেদনে অতিরিক্ত কমিশনারের নিকট সুপারিশ পেশ করিবে। এক্ষেত্রে বিভাগীয় কমিশনারের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য করা হইবে।

কোন মৌজার রেকর্ড চূড়ান্ত প্রকাশনার পূর্বে উক্ত মৌজার কোন অর্পিত সম্পত্তি অবমুক্তির চূড়ান্ত আদেশ প্রাপ্ত হইলে সেটেলমেন্ট অফিসার সংশ্লিষ্ট রেকর্ড সংশোধনের ব্যবস্থা গ্রহণ করিবেন। রেকর্ডের চূড়ান্ত প্রকাশনার গেজেট বিজ্ঞপ্তির পরে অনুরূপ সংশোধনের দায়িত্ব কালেক্টরের।

(চ) ভূমি মন্ত্রণালয়ের ১৯-৪-৯৭ বাং (০৪-০৮-৯০ ইং) তারিখের ভুঃমঃশাঃ-৫-অর্পিত (ব্যবস্থাপনা)/৩৩৬/৯০/৫৮৭(৬৪) নম্বর স্মারকে অর্পিত সম্পত্তি অবমুক্তির আবেদন বিবেচনার সময় যে সব তথ্য ও বিবরণ বিবেচনা করা এবং যে প্রক্রিয়া অনুসরণ করার নির্দেশ প্রদান করা হইয়াছিল সহকারী সেটেলমেন্ট অফিসার, সেটেলমেন্ট অফিসার, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), জেলা প্রশাসক/কালেক্টর এবং কমিশনার তাহা যথাযথভাবে অনুসরণ করিবেন।

৮। সেটেলমেন্ট অপারেশনের আওতাবহির্ভূত এলাকায় ভ্রমাত্মকভাবে অর্পিত তালিকাভুক্ত সম্পত্তি অবমুক্তির ক্ষেত্রে জমির মালিকানার দাবীদার সরাসরি জেলা প্রশাসক/কালেক্টরের নিকট আবেদন করিবে। এই সব ক্ষেত্রে জেলা প্রশাসক/কালেক্টর পূর্বের অনুচ্ছেদ ৭ এর গ হইতে চ উপ-অনুচ্ছেদ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিবেন।

৯। অনুচ্ছেদ ৭-৮ এর নির্দেশাবলী সাপেক্ষে ভূমি মন্ত্রণালয়ের ১৪-১১-১৩৯৬ বাং (২৬-২-৯০ ইং) তারিখের ভূঃমঃ/শা-৫/অর্পিত (ক্ষমতা)/৬১/৯০(অংশ) ১৬৪ নম্বর স্মারকের ৬ নম্বর অনুচ্ছেদে বিভাগীয় কমিশনারগণকে অর্পিত সম্পত্তির ১০ বিঘা পর্যন্ত কৃষি জমি অবমুক্ত করিবার যে ক্ষমতা প্রদান করা হইয়াছিল তাহা সংশোধন করিয়া জেলা প্রশাসক/কালেক্টরগণকে পৌরসভা ও সিটি কর্পোরেশন/মেট্রোপলিটন এলাকা বহির্ভূত সকল কৃষি এবং অকৃষি অর্পিত সম্পত্তি অবমুক্ত করিবার ক্ষমতা অর্পণ করা হইল।

পৌরসভা ও সিটি কর্পোরেশন/মেট্রোপলিটন এলাকাঃ

১০। সেটেলমেন্ট অপারেশন অন্তর্ভুক্ত কিংবা বহির্ভূত সকল পৌরসভা ও সিটি কর্পোশেন/মেট্রোপলিটন এলাকার অন্তর্ভুক্ত অর্পিত তালিকায় সকল কৃষি/অকৃষি শ্রেণীর অর্পিত সম্পত্তি অবমুক্তির ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হইবেঃ

(ক) পৌরসভা ও সিটি কর্পোরেশন/মেট্রোপলিটন এলাকার অন্তর্ভূক্ত অর্পিত তালিকাভুক্ত সকল কৃষি এবং অকৃষি শ্রেণীর অর্পিত সম্পত্তি অবমুক্তির আবেদন সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে বিভাগীয় কমিশনারের নিকট দাখিল করিতে হইবে। জেলা প্রশাসক/কালেক্টর তাহার অভিমতসহ সংশ্লিষ্ট কাগজপত্র বিভাগীয় কমিশনারের নিকট প্রেরণ করিবেন।

(খ) বিভাগীয় কমিশনার প্রয়োজনবোধে সংশ্লিষ্ট পক্ষকে শুনানীর যথাযথ সুযোগ প্রদানপূর্বক সম্পত্তির অবমুক্তির বিষয়ে সিদ্ধান্ত প্রদান করিবেন।

(গ) বিভাগীয় কমিশনারের আদেশে সংক্ষুব্ধ ব্যক্তি উক্ত আদেশের বিরুদ্ধে ভূমি মন্ত্রণালয়ে আবেদন করিতে পারেন। এই আবেদনের বিষয়ে ভূমি মন্ত্রণালয় চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে।

১১। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

স্বা/-(সৈয়দ আহমেদ)
সচিব
ভূমি মন্ত্রণালয়।

নং-ভুঃমঃ/শা-৫/অর্পিত(ব্যবস্থাপনা)/৩২/৯১/৭১/১(৫), তারিখঃ ৩-১১-৯৭ বাং
১৬-২-৯২ ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরীত হইলঃ

১। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।

২। কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী।

স্বা/-(সৈয়দ আসগার আলী)
উপ-সচিব
ভূমি মন্ত্রনালয়।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ভূমি মন্ত্রণালয়**
**শাখা-৬**

নং-ভুঃমঃ/শা-৬/সেল-৪১/৯৩/১২৯(৬১), তারিখঃ ৮-৬-৯৩ ইং
২৫-২-১৪০০ বাং

প্রাপক ঃ জেলা প্রশাসক..................................।

বিষয় ঃ অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ।

ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনায় নিয়োজিত ভি,পি সুপার/সহঃ সুপার ছাড়া বিভিন্ন পদের কর্মচারীদের আত্মীকরণের প্রক্রিয়ায় এস, এ শাখায় নিয়োগ করা হইয়াছে। ইহার ফলে অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনায় শূন্যতার সৃষ্টি হইলে অত্র মন্ত্রণালয় হইতে ১৪-১২-৮৯ ইং তারিখে ভুঃমঃ/শা-৫-৩/এম সি/ভিপি/৮৩(অংশ)/৭০৪ নং পরিপত্র জারী করিয়া অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনা সাধারণ রাজস্ব ব্যবস্থাপনায় ন্যস্ত করা হয়। অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনার জন্য জেলা প্রশাসন এস এ শাখার সহকারী/তহশিলরদারকে অতিরিক্ত দায়িত্ব হিসাবে নিয়োজিত করিয়াছেন। অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনায় ঐ কাজে অনভিজ্ঞ এস, এ শাখার কর্মচারীদের নিয়োগ করায় এবং কোথও কোথাও ভি,পি সুপার/সহঃ সুপারের পাশ কাটাইয়া উর্ধতন কর্তৃপক্ষ সমীপে নথিপত্র উপস্থাপন ও কার্যক্রম গ্রহণের ফলে অর্পিত সম্পত্তির সুষ্ঠ ব্যবস্থাপনা বিঘ্নিত হইতেছে। অধিকন্তু রাজস্ব শাখার কর্মকর্তা/কর্মচারীরা তাহাদের উপর ন্যস্ত দায়িত্ব পালন করিয়া সময়ের অভাবে অর্পিত সম্পত্তি বিভাগের সার্বক্ষণিক দায়িত্ব পালন করিতে না পারায় অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনায় ধীরে ধীরে অচল অবস্থার সৃষ্টি হইয়াছে। অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনার দায়িত্ব যে উদ্দেশ্যে এস, এ বিভাগের উপর ন্যস্ত করা হইয়াছিল সে উদ্দেশ্য অনুযায়ী আশানুরূপ সুফল পাওয়ার পরিবর্তে বর্তমানে মাঠ পর্যায়ে হতাশব্যাঞ্জক অবস্থা বিরাজমান। ফলে অর্পিত সম্পত্তি হইতে আয় কম হইতেছে এবং বিপুল পরিমাণ সম্পত্তি সরকারের হাতছাড়া হইয়া যাইতেছে। বর্তমান প্রক্রিয়ায় অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনা পরিচালিত হইলে অদূর ভবিষ্যতে অর্পিত সম্পত্তির অস্তিত্ব বিলুপ্ত হওয়ার সম্ভাবনা রহিয়াছে। তাই জরুরী ভিত্তিতে অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনা ও জনস্বার্থে বাস্তব পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক বলিয়া সরকার মনে করে। অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনায় যে সকল কর্মকর্তা/কর্মচারী জড়িত ছিল তাহারা বর্তমানে এস, এ শাখায় মাঠ পর্যায়ে কর্মরত আছে। আত্মীকৃত কর্মচারী দ্বারা প্রেষণে অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনা করা হইলে অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনার বর্তমান অচল অবস্থার পুনরায় গতিশীল হওয়ার সম্ভাবনা রহিয়াছে।

২। উপরোক্ত অবস্থাধীনে অর্পিত সম্পত্তির সুষ্ঠ ব্যবস্থাপনা ও সরকারী রাজস্ব আদায়ের স্বার্থে এখন হইতে নিম্নবর্ণিত ব্যবস্থা চালু হইবেঃ

(ক) প্রত্যেক জেলা সদরে অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনা কোষ সৃষ্টিকরতঃ বর্তমান কর্মরত ভি,পি সুপার/সহঃ সুপার কোষের দায়িত্বে (Incharge) থাকিবেন। তাহারা রেভিনিউ ডেপুটি কালেক্টরের পরিবর্তে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর অধীনে থাকিবেন এবং সরাসরি তাহার নিকট নথি উপস্থাপনা করিবেন।

(খ) কোষে নথিপত্র সংরক্ষণ ও উপস্থাপনের জন্য এস, এ শাখায় আত্মীকৃত প্রয়োজনীয় সংখ্যক প্রাক্তন ভিপি সহকারী/তহশিলদারকে প্রেষণে সার্বক্ষণিক অর্পিত সম্পত্তির কাজে নিয়োগ করিবার জন্য জেলা প্রশাসক ব্যবস্থা গ্রহণ করিবেন। তাহারা প্রেষণে অর্পিত সম্পত্তি কোষে সহকারীর দায়িত্ব পালন করিবেন এবং প্রয়োজনে মাঠ পর্যায়ে অর্পিত সম্পত্তির তদারকীর কাজে নিয়োজিত থাকিবেন।

(গ) থানা পর্যায়ের অর্পিত সম্পত্তির নথিপত্র জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর নিকট উপস্থাপন করিতে হইলে জেলা পর্যায়ের কোষের মাধ্যমে উপস্থাপন করিতে হইবে।

স্বা/-(আমিনুল ইসলাম)
সচিব
ভূমি মন্ত্রণালয়।

নং-ভূঃমঃ/শা-৬/সেল-৪১/৯৩/১২৯/১(৬৫০), তারিখঃ <u>৮-৬-৯৩ ইং</u>
২৫-২-১৪০০ বাং

১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ..............................
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ..................................
৫। থানা নির্বাহী অফিসার,..................................
৬। রেভিনিউ ডেপুটি কালেক্টর,...................................
৭। সুপার/সহঃ সুপার, অর্পিত সম্পত্তি..........................

স্বা/-(সৈয়দ আখতার হোসেন)
সিনিয়র সহকারী সচিব।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ভূমি মন্ত্রণালয়**
**শাখা-৫**

নং-ভূঃমঃ/শা-৫/অর্পিত (নীতিমালা)/১১৭/৯২(অংশ)/৬৩৮(৬১), তারিখঃ 4-১১-৯৩ ইং
২০-৭-১৪০০ বাং

প্রাপক ঃ জেলা প্রশাসক...............................(সকল)।

বিষয় ঃ **অর্পিত সম্পত্তির সেন্সাস তালিকা যাচাই প্রসংগে।**

১৯৬৭-৬৯ সনে প্রণীত শত্রু/অর্পিত সম্পত্তির সেন্সাস তালিকাটি বর্তমানে কর্তৃপক্ষের অর্পিত সম্পত্তি সংক্রান্ত কার্যক্রমের মূল ভিত্তি হলেও এই তালিকাটির নির্ভরযোগ্যতা নিয়ে জনগণের একাংশের সংশয় বিদ্যমান রয়েছে। ধারণা করা হয় যে, অত্যন্ত তাড়াহুড়োর মধ্য দিয়ে এই তালিকাটি প্রণয়ন করার ফলে এমন অনেক সম্পত্তি এই তালিকাভুক্ত হয়েছিলো সেগুলো ইতিপূর্বেই অর্থাৎ ১৯৬৫ সনের পূর্বেই 'শত্রু' (পাকিস্তান প্রতিরক্ষা আইনর সংজ্ঞানুযায়ী) মালিকের নিকট থেকে এদেশীয় নাগরিকের নিকট হস্তান্তরিত হয়েছিল অর্থাৎ সেগুলি শত্রু সম্পত্তি ছিল না। আবার এমনও হয়েছে যে, প্রকৃত শত্রু সম্পত্তি উক্ত তালিকাভুক্ত হয়নি। অর্পিত সম্পত্তি সম্পর্কে জনগণের স্পষ্ট ধারণার অভাব, বিধি-বিধানের অসম্পূর্ণতা ও বিগত সময়ে সঠিক দিক-নির্দেশনা ও নীতি-নির্ধারণের অভাবে বিষয়টি অধিকতর জটিলরূপ ধারণ করেছে এবং জনগণের সংশয় রয়েই গেছে। এই সংশয় স্থানীয়ভাবে নিরসন করে জনগণের হয়রানি লাঘব করার প্রয়োজনীয়তা সরকার গভীরভাবে অনুভব করছেন। উক্ত উদ্দেশ্য সেন্সাস তালিকাভুক্ত অথচ লীজ দেওয়া হয়নি এমনকি কোন কেস রেকর্ডও খোলা হয়নি এরূপ বা অন্য কোনরূপ সম্পত্তিসমূহ প্রকৃত পক্ষে অর্পিত সম্পত্তি কিনা তা নির্ধারণ করার জন্য দেশের প্রতিটি অঞ্চলে নিম্নরূপ সম্পত্তিসমূহ প্রকৃত পক্ষে অর্পিত সম্পত্তি কিনা তা' নির্ধারণ করার জন্য দেশের প্রতিটি অঞ্চলে নিম্নরূপ যাচাই কমিটি গঠন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

২। (১) কমিটির নামঃ এই কমিটি থানা অর্পিত সম্পত্তি যাচাই কমিটি নামে অভিহিত হবে। মেট্রোপলিটন এলাকায় এই কমিটি মহানগর অর্পিত সম্পত্তি যাচাই কমিটি নামে অভিহিত হবে।

(২) কমিটিসমূহের গঠনঃ

(ক) "থানা অর্পিত সম্পত্তি যাচাই কমিটির" গঠন নিম্নরূপ হবেঃ

| | |
|---|---|
| থানা নির্বাহী অফিসার | আহবায়ক |
| সহকারী কমিশনার (ভূমি)/থানা রাজস্ব কর্মকর্তা | সদস্য |
| সংশ্লিষ্ট ইউ,পি, চেয়ারম্যান | সদস্য |
| সরকার মনোনীত দু'জন বিশিষ্ট ব্যক্তি | সদস্য |

(১) সংশ্লিষ্ট এলাকার এম,পি, উক্ত কমিটির উপদেষ্টা হিসাবে দায়িত্ব পালন করবেন। উপদেষ্টার সাথে পরামর্শক্রমে থানা নির্বাহী অফিসার কমিটির সভা আহবান করবেন এবং উক্ত উপদেষ্টা থানা কমিটির সভায় সভাপতিত্ব করবেন।

(২) উক্ত থানা এলাকায় অন্য কোন সংসদীয় নির্বাচনী এলাকা থাকলে উক্ত এম,পি, উক্ত কমিটিতে অন্যতম উপদেষ্টা হিসাবে অন্তর্ভুক্ত থাকবেন। মহিলা আসনে নির্বাচিত এম, পি, থানা কমিটিতে অন্যতম উপদেষ্টা হিসাবে কাজ করবেন।

(খ) ঢাকা ব্যতীত অন্যান্য মেট্রোপলিটন এলাকায় একটি করে মহানগর অর্পিত সম্পত্তি যাচাই কমিটি থাকবে এবং মহানগর অর্পিত সম্পত্তি যাচাই কমিটির গঠন হবে নিম্নরূপঃ

| | |
|---|---|
| ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) | আহবায়ক |
| ২। রেভিনিউ ডেপুটি কালেক্টর | সদস্য |
| ৩। সহকারী কমিশনার (ভূমি)/থানা রাজস্ব অফিসার | সদস্য |
| ৪। মেয়র কর্তৃক মনোনীত একজন পৌর কমিশনার/বিশিষ্ট ব্যক্তি | সদস্য |
| ৫। সরকার মনোনীত দু'জন বিশিষ্ট ব্যক্তি | সদস্য |

(১) সরকার কর্তৃক মনোনীত এলাকার একজন এম,পি, এই কমিটির উপদেষ্টা থাকবেন। তার সাথে পরামর্শক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সভা আহবান করবেন এবং উক্ত উপদেষ্টা এই কমিটির সভায় সভাপতিত্ব করবেন। উক্ত মহানগর এলাকার অন্যান্য এম,পি, গণ এবং ক্ষেত্র বিশেষে মহিলা এম,পি, উক্ত কমিটিতে উপদেষ্টা হিসাবে অন্তর্ভুক্ত থাকবেন। (গ) ঢাকা মেট্রোপলিটন এলাকায় মহানগর (উত্তর) যাচাই কমিটি ও মহানগর (দক্ষিন) যাচাই কমিটি নামে দু'টি কমিটি থাকবে। সেগুলোর গঠন হবে নিম্নরূপঃ

<u>মহানগর (দক্ষিণ) যাচাই কমিটি</u>

| | |
|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঢাকা | আহবায়ক |
| রেভিনিউ ডেপুটি কালেক্টর, ঢাকা | সদস্য |
| সহকারী কমিশনার (ভূমি), কোতোয়ালী সার্কেল | সদস্য |
| মেয়র কর্তৃক মনোনীত একজন পৌর কমিশনার/বিশিষ্ট ব্যক্তি | সদস্য |

<u>মহানগর (উত্তর) যাচাই কমিটি</u>

| | |
|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (ভূমি হুকুম দখল) | আহবায়ক |
| ভূমি হুকুম দখল অফিসার (রাজউক) | সদস্য |
| সহকারী কমিশনার (ভূমি), তেজগাঁও, ঢাকা | সদস্য |
| মেয়র কর্তৃক মনোনীত একজন পৌর কমিশনার/বিশিষ্ট ব্যক্তি | সদস্য |

(১) সংশ্লিষ্ট এলাকার সকল সংসদ সদস্যগণ উক্ত কমিটিতে উপদেষ্টা হিসাবে অন্তর্ভূক্ত থাকবেন। উক্ত কমিটির সভায় সভাপতিত্ব করার জন্য সরকার সংশ্লিষ্ট সংসদ সদস্যগণের মধ্যে হতে একজনকে মনোনয়ন প্রদান করবেন। উক্ত উপদেষ্টার সাথে পরামর্শক্রমে কমিটির আহবায়ক সভা আহবান করবেন।

(ঘ) কোন সংসদ সদস্য ইচ্ছে করলে অনিবার্য কারণে তার স্থলে অন্য সংসদ সদস্যকে কমিটির উপদেষ্টা হিসাবে মনোনীত করতে পারবেন।

(৩) কমিটিসমূহের কার্য পরিধিঃ

(ক) থানা কমিটি ও মহানগর কমিটি সেন্সাস তালিকাভুক্ত সম্পত্তির যে সম্পত্তিসমূহ লীজ দেওয়া হয়নি, ইতিপূর্বে কোন কেস রেকর্ডও খোলা হয়নি সেগুলি সঠিকভাবে অর্পিত সম্পত্তি কিনা তা প্রয়োজনে তদন্তপূর্বক

যাচাই করবেন। তালিকাভুক্ত সম্পত্তি কিভাবে কার নিকট কি অবস্থায় আছে তা নিরুপণ করবেন।
(খ) প্রতিটি থানা ও মহানগর কমিটি ৬ (ছয়) মাসের মধ্যে অর্পিত সম্পত্তি তালিকা হতে খারিজযোগ্য সম্পত্তি পৌর এলাকার অন্তর্ভুক্ত ও পৌর এলাকার বাইরে এরূপ দুইভাবে বিভক্ত করে সরকারের নিকট তালিকা পেশ করবেন।
(গ) কমিটি যদি কোন লুকায়িত অর্পিত সম্পত্তির সন্ধান পান এবং সে সম্পর্কিত অনুসন্ধান চালিয়ে নিশ্চিত হন, তবে তা সরকারের গোচরে আনয়ন করবেন।
(ঘ) অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনায় বিধি মোতাবেক প্রচলিত সকল প্রশাসনিক কার্যক্রম এই কমিটির কার্যক্রম চালু থাকা সত্বেও অব্যাহত থাকবে। এই সরকারী নির্দেশের কোন অংশ প্রচলিত আইনের সাথে অসংগতিপূর্ণ হলে আইনের বিধানই কার্যকর বলে গণ্য হবে। এই নির্দেশ জারী হওয়া সত্বেও কোন গেজেট নোটিফিকেশন কিংবা কোন বিধি পাশ হবার পূর্ব পর্যন্ত এ ধরণের অর্পিত সম্পত্তিসমূহের অবস্থান অপরিবর্তিত থাকবে এবং কোন নাগরিকের সাংবিধানিক অধিকার ও স্বত্বকে এই কমিটির কার্যক্রম কোনক্রমেই খর্ব করবে না এটা নিশ্চিত করতে হবে।
(ঙ) কমিটির সুপারিশ ও কার্যবিবরণী উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।
(চ) উল্লিখিত সুপারিশ চূড়ান্ত হবার পর কমিটি বিলুপ্ত হবে।

৪। উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক অবিলম্বে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।
৫। সংশ্লিষ্ট লক্ষ্য অর্জন ত্বরান্বিত করার জন্য পরবর্তীতে সময়ে সময়ে পরামর্শ/নির্দেশাবলী প্রেরণ করা হবে। আপাততঃ জেলা প্রাশসকগণ অতি জরুরী ভিত্তিতে সকল কমিটিকে প্রয়োজনীয় সংখ্যক অর্পিত সম্পত্তির সেন্সাস তালিকা সরবরাহ করবেন।

স্বা/-(মোঃ সোলায়মান খান)
উপ-সচিব।

নং-ভুঃমঃ/শা-৫/অর্পিত (নীতিমালা)/১১৭/৯২(অংশ)/৬৩৮/১(৪), তারিখঃ ৪-১১-৯৩ ইং
২০-৭-১৪০০ বা

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাকল্পে প্রেরণ করা হইলঃ
১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
২। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৩। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৪। কমিশনার, ............................ বিভাগ।

স্বা/-(মোঃ সোলায়মান খান)
উপ-সচিব।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ভূমি মন্ত্রণালয়**
**শাখা-৩**

নং-ভূঃমঃ/শা-৩/কর-৫৭/৯৩/১০(৬৪), তারিখঃ ২০-০৯-১৪০০ বাং
০৩-০১-১৯৯৪ ইং

প্রাপক ঃ ১। জেলা প্রশাসক, ......................জেলা।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)...................... জেলা।

বিষয় ঃ অর্পিত সম্পত্তির পৌরকর আদায়/প্রদান প্রসংগে।

পৌর এলাকার অর্পিত সম্পত্তির পৌরকর কিভাবে কার দ্বারা প্রদেয় এ সম্পর্কে প্রশ্ন উত্থাপিত হওয়ার প্রেক্ষিতে নির্দেশক্রমে উল্লেখ করা যায় যে, শহর এলাকার অর্পিত বাড়ী ঘরের জন্য পৌরকর ও বিভিন্ন সুবিধাদির জন্য অন্যান্য চার্জসমূহ স্থানীয় সরকার সংস্থাসমূহকে দিতে হয়। এ ধরণের ফি/কর/চার্জ পৌর সংস্থা কর্তৃক প্রদত্ত সুবিধা/দেবার জন্য আদায় করা হয়ে থাকে। সরকারী বাড়ীতে বসবাসকারী বরাদ্দ প্রাপককেই এ ধরণের কর/চার্জ তাদের বেতন থেকে কর্তন করে দিতে হয়। শহরাঞ্চলের অর্পিত সম্পত্তির লীজ গ্রহীতাগণ এক প্রকারের বরাদ্দ প্রাপক। সুতরাং অর্পিত সম্পত্তির পৌরকর ও অন্যান্য চার্জ মাসিক লীজ অর্থের অতিরিক্ত হিসাবে লীজ গ্রহীতাকেই প্রদান করতে হবে। লীজ নবায়নের ক্ষেত্রে পৌরকর পরিশোধ করা অন্যতম শর্ত হিসাবে বিবেচিত হবে।

২। উল্লেখ থাকে যে, অর্পিত সম্পত্তির হোল্ডিং ট্যাক্সের রশিদে লীজ গ্রহীতার নাম রেকর্ড করা যাবে না। পূর্বতন মালিকের নাম বহাল রেখে তাতে "পক্ষে সহকারী কাষ্টডিয়ান, অর্পিত সম্পত্তি ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),............... জেলা" ইত্যাদি উল্লেখ করতে হবে।

স্বা/-(মুহাম্মদ আব্দুল আলীম খান)
উপ-সচিব (আইন)
ভূমি মন্ত্রণালয়।

নং-ভুঃমঃ/শা-৩/কর-৫৭/৯৩/১০/১(৬৪), তারিখঃ ২০-০৯-১৪০০ বাং
০৩-০১-১৯৯৪ ইং

অনুলিপি অবগতির প্রেরণ করা হইলঃ

১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ............................ বিভাগ।
৩। অত্র মন্ত্রণালয়ের সকল কর্মকর্তাগণ।

স্বা/-(কামাল উদ্দিন আহমেদ)
সহকারী সচিব
শাখা নং-৩।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা-৯

নং-ভূঃমঃ/শা-৯-১৯/৯৩/২১৪(৫৮২)বিবিধ, তারিখঃ ২৮-০১-১৪০১ বাং
১১-০৫-১৯৯৪ ইং

প্রাপক ঃ (১) জেলা প্রশাসক, (সকল)
............................জেলা।
(২) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
............................জেলা।
(৩) সহকারী কমিশনার (ভূমি)
............................ থানা........................ জেলা

বিষয় ঃ দেওয়ানী আদালতের রায় মোতাবেক সরকারী সম্পত্তির ক্ষেত্রে নামজারী কার্যক্রম প্রসংগে।

সরকারের ১নং খাস খতিয়ানভুক্ত জমি, জলা, অর্পিত সম্পত্তি ইত্যাদি সাবেক জমিদার বা মালিক প্রদত্ত হাত চিটা দলিল ইত্যাদির ভিত্তিতে ভূমিগ্রাসী মহল দেওয়ানী আলাতে স্বত্ব ঘোষণার মামলা দায়ের করিয়া প্রায় ক্ষেত্রে একতরফা ডিক্রী লাভ করিতেছে এবং ডিক্রির ভিত্তিতে সহকারী কমিশনার (ভূমি) এবং আর,ডি, সির নিকট নামজারীর আবেদন করিয়া রেকর্ড অব রাইট সংশোধন করিয়া লইতেছে বলিয়া মন্ত্রণালয় অবহিত হইয়াছে। নামজারীর আবেদন বিবেচনাকালে অনেক ক্ষেত্রে দেখা যায় যে, মূল দেওয়ানী মামলায় সরকারকে বা কালেক্টরকে পক্ষভুক্ত করা হয় নাই বা পক্ষভুক্ত করা হইলেও সমনাদি যথারীতি জারী না করা জনিত ও অন্যান্য কারণে এতদবিষয়ের অভাবে মামলায় একতরফা ডিক্রী হইয়া যাইতেছে। সরকারী সম্পত্তির ক্ষেত্রে একতরফা বা দোতরফা রায় ও ডিক্রীর পরেও নির্দিষ্ট সময়সীমার মধ্যে সরকার পক্ষে আপীল দায়ের না করায় সরকারের দাবী তামাদি হইয়া যাইতেছে। এইভাবে সরকারের খাস জমি, অর্পিত সম্পত্তি, জলমহাল, সায়রাত মহাল ইত্যাদি বেহাত হইয়া যাইতেছে।

সরকারী সম্পত্তি বে-আইনীভাবে আত্মসাতের প্রয়াস বন্ধ করিবার উদ্দেশ্যে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশ দেওয়া হইলঃ

(ক) দেওয়ানী আদালতের ডিক্রী (একতরফা বা দোতরফা) মূলে কোন সম্পত্তির নামজারীর আবেদন পাওয়া মাত্র সহকারী কমিশনার (ভূমি) সংশ্লিষ্ট রেজিষ্টার পরীক্ষা করিয়া মামলাধীন সম্পত্তিতে সরকারের স্বার্থ থাকিলে ঐ মামলায় সরকারকে পক্ষ করা হইয়াছে কি না বা সরকারের পক্ষ হইয়া থাকিলেও এক তরফা ডিক্রী হইয়াছে কি না তাহা অনুসন্ধান করিবেন এবং উচ্চতর আদালতে আপীল দায়েরের অনুরোধ জানাইয়া জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর নিকট জরুরী ভিত্তিতে নথি প্রেরণ করিবেন। সরকারী সম্পত্তির ক্ষেত্রে মামলার রায় ও ডিক্রী দোতরফা হইয়া থাকিলেও এই কার্যক্রম গ্রহণ করিতে হইবে।

(খ) জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) প্রস্তাব প্রাপ্তির সংগে সংগে উক্ত একতরফা/দোতরফা ডিক্রী বাতিল/রদ এর জন্য জজ কোর্টে মিস কেস/আপীল/ফ্রেস স্যুট দায়ের করিবার ব্যবস্থা গ্রহণ করিবেন। জজ কোর্টের রায়ে সরকারী স্বার্থ রক্ষা না হইলে বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা এবং উচ্চতর আদালতে আইনগত ব্যবস্থাগ্রহণের জন্য মন্ত্রণালয়ে যৌক্তিকতাসহ নামজারীর রেকর্ড প্রেরণ করিতে হইবে এবং বিষয়টি চূড়ান্ত নিষ্পত্তির পূর্বে ভূমি মন্ত্রণালয়কে অবহিত করিয়া মন্ত্রণালয়ের মতামত গ্রহণ করিতে হইবে।

(গ) সরকারী সম্পত্তি রক্ষাকল্পে উর্দ্ধতন আদালতে সিভিল রিভিশন/আপীল দায়ের করিবার ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র (সরকারী কৌশলীর মতামত, কালেক্টরের মতামত ইত্যাদিসহ) আইন মন্ত্রণালয় (সলিসিটর উইং এ) এবং অত্র মন্ত্রণালয়ে পাঠাইতে হইবে, তবে লক্ষ্য রাখিতে

হইবে যে, সমস্ত কার্যক্রম নির্ধারিত সময়সীমার মধ্যে হইতে হইবে, কোনক্রমেই যেন তামাদি দোষে দুষ্ট না নয়।

(ঘ) অর্পিত সম্পত্তির ক্ষেত্রে নিম্ন আদালতে কাঙ্খিত ফল লাভে ব্যর্থ হইলে হাইকোর্টে সিআর বা আপীল দায়েরের জন্য আদালতের রায় ও ডিক্রীর নকল, সম্পত্তির পরিমাণ, প্রকৃতি, আনুমানিক মূল্য, সরকারের স্বত্ব স্বার্থের বিবরণ, ওকালত নামা ইত্যাদিসহ সুনির্দিষ্ট প্রতিবেদন তামাদির পূবেই জরুরী ভিত্তিতে অত্র মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব শাখা নং-৯ এর নিকট প্রেরণ করিতে হইবে। অর্পিত সম্পত্তি সংক্রান্ত কেস কোনক্রমেই আইন মন্ত্রণালয় (সলিসিটর উইং এ) প্রেরণ করা যাইবে না।

(ঙ) জেলা পর্যায়ে নিয়োজিত সরকারী কৌশলী/ভি, পি কৌশলীগণ যথাযথভাবে সরকারী মামলা পরিচালনা ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবেন এবং সরকারী স্বার্থ রক্ষার্থে জেলা প্রশাসনকে প্রয়োজনীয় আইনগত পরামর্শ দান করিবেন।

(চ) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) দেওয়ানী মামলা শাখার কার্যকলাপ নিয়মিত প্রতি মাসে অন্ত তঃ একবার ব্যক্তিগতভাবে পরিদর্শন করিবেন এবং দেওয়ানী মামলার রেজিষ্টার সংরক্ষণ, আদালতের নিকট সময়মত লিখিত জবাব প্রেরণ, মামলার তারিখ নোট করা, ফলাফল লিপিবদ্ধ করা এবং নির্ধারিত তারিখের মধ্যে উচ্চ আদালতে আপীল দায়ের করিবার বিষয়ে নিশ্চিত করিবেন এবং কোন কর্মকর্তা/কর্মচারীর গাফিলতির জন্য সময়মত মামলা দায়ের/প্রতিনিধিত্ব বা উচ্চ আদালতে আপীল/রিভিশন দায়ের করিবার জন্য কাগজপত্র প্রেরণ না করিবার ফলে সরকারী স্বার্থ ক্ষুন্ন হইলে সংশ্লিষ্ট দায়ী কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতঃ অত্র মন্ত্রণালয়কে অবহিত করিবেন। সরকারী সম্পত্তি রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে যে কোন ধরণের অবহেলা বা গাফিলতি বা সরকারী স্বার্থের পরিপন্থী কোন কার্যক্রম পরিলক্ষিত হইলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(ছ) ভূমি সংস্কার বোর্ডসহ সংশ্লিষ্ট সকল উর্দ্ধতন কর্তৃপক্ষকে মাঠ পর্যায়ে কালেক্টরেট পরিদর্শনকালে সরকারী স্বার্থ রক্ষাকল্পে বিষয়টির উপরে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা হইল।

**স্বা/-(আবদুল মুয়ীদ চৌধুরী)**
ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব
ভূমি মন্ত্রণালয়।

নং-ভূঃমঃ/শা-৯-১৯/৯৩/২১৪(৫৮২)/১(১৩৩)/বিবিধ, তারিখঃ ২৮-০১-১৪০১ বাংলা
১১-০৫-১৯৯৪ ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ
১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, .............................. বিভাগ।
৩। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), .............................. বিভাগ।
৪। সরকারী কৌশলী/ভি,পি, কৌশলী....................... জেলা।

**স্বা/-(মুহাম্মদ আব্দুল আলীম খান)**
উপ-সচিব (আইন)
ভূমি মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা-৯

নং-ভূঃমঃ/শা-৯-১৯/৯৩/২০৩(২১২)বিবিধ, তারিখঃ ২৬-০৬-১৯৯৪ ইং
৮-০৩-১৪০১ বাং

প্রাপক ঃ (১) জেলা প্রশাসক, (সকল)
..............................জেলা।
(২) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
..............................জেলা।
(৩) সহকারী কমিশনার (ভূমি)
........................ জেলা

পরিপত্র

বিষয় ঃ অর্পিত সম্পত্তি সম্পর্কিত মামলা প্রসংগে।

লক্ষ্য করা যাচ্ছে যে, অর্পিত সম্পত্তি সম্পর্কিত মামলায় হাইকোর্ট আপীল/সি,আর ইত্যাদি দায়েরের জন্য জেলা প্রশাসন থেকে প্রয়োজনীয় কাগজপত্র সরাসরি আইন মন্ত্রণালয়ের সলিসিটর উইং এ প্রেরণ করা হচ্ছে। এর ফলে মূল্যবান সময় নষ্ট হয়, মামলা দায়েরের মেয়াদ উত্তীর্ণ হয় এবং অযথা কাজের জটিলতা বৃদ্ধি পায় যা সম্পূর্ণ অনভিপ্রেত। অর্পিত সম্পত্তি সম্পর্কিত মামলার কাগজপত্র ১৯-৫-৯৪ তারিখের ভূঃমঃ/শা-৯-১৯/৯৩/২১৪/৫৮২ বিবিধ নং স্মারকে জারীকৃত পরিপত্রে ভূমি মন্ত্রণালয়ের ৯নং শাখায় প্রেরণ করার জন্য বলা হয়েছে।

২। গত ১৯-৫-৯৪ তারিখে জারীকৃত পরিপত্রের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, অর্পিত সম্পত্তি সম্পর্কিত কোন মামলায় নিম্ন আদালতের আদেশের বিরুদ্ধে আপীল/সিভিল রিভিশন ইত্যাদির ক্ষেত্রে নিম্ন আদালতের রায় ও ডিক্রীর নকল, মামলাধীন সম্পত্তির প্রকৃতি ও পরিমাণ, আনুমানিক মূল্য, ঐ জমিতে সরকারের স্বত্ব স্বার্থের বিবরণ, ওকালতনামা, ভিপি কৌশলীর মতামত ইত্যাদি সম্বলিত স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন সকল ক্ষেত্রে জরুরী ভিত্তিতে ভূমি মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব, শাখা-৯ এর নিকট প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট আদালতের রায় ও ডিক্রী স্বাক্ষরের সংগে সংগেই নকলের জন্য আবেদন করতে হবে এবং নকল তৈরি হবার পর অন্যান্য কাগজপত্রসহ ২০ (বিশ) দিনের মধ্যে তা ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে যাতে তামাদির পূর্বেই প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যায়। এখন থেকে অর্পিত সম্পত্তি বিষয়ক মামলার কাগজপত্র আইন মন্ত্রণালয়ে সলিসিটর উইং এ পাঠালে কিংবা যথাযথ ব্যবস্থা গ্রহণ করে ভূমি মন্ত্রণালয়ে না পাঠালে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)কে দায়-দায়িত্ব বহন করতে হবে।

৩। জেলা প্রশাসকগণকে বিষয়টির প্রতি সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা হলো।

স্বা/-আবদুল মুয়ীদ চৌধুরী
ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব
ভূমি মন্ত্রণালয়।

নং-ভুঃমঃ/শা-৯-১৯/৯৩/২৯০(২১২)বিবিধ, তারিখঃ ২২-০৩-১৯৯৪ ইং

৮-০৩-১৪০৯ বাং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, ............................ বিভাগ।

৩। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), ............................ বিভাগ।

৪। উপ-ভূমি সংস্কার কমিশনার,....................... বিভাগ।

৫। ভি, পি, কৌশলী,............................ জেলা।

স্বা/-(মুহাম্মদ আব্দুল আলীম খান)
উপ-সচিব
ভূমি মন্ত্রণালয়।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ভূমি মন্ত্রণালয়**
**শাখা-৯**
**পরিপত্র নং-২/১৯৯৫**

নং-ভূঃমঃ/শা-৯-১৮/৯৪-১৭(৭০)বিবিধ,

তারিখঃ ১৮-০১-১৯৯৫ ইং
৫-১০-১৪০১ বাং

প্রাপক ঃ (১) জেলা প্রশাসক,
..............................(সকল)।

**বিষয় ঃ অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনার উদ্বৃত্ত ছাটাইকৃত কর্মকর্তা/কর্মচারীদের বিশেষ বিবেচনায় চাকুরী প্রাপ্তদের ছাটাইকালীন সময়ের বেতন ভাতা প্রদান প্রসংগে।**

লক্ষ্য করা যাইতেছে যে, অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনায় উদ্বৃত্ত কর্মকর্তা/কর্মচারীদের আত্মীকরণকালে কিছু সংখ্যক কর্মচারীকে ছাটাই করা হইয়াছিল এবং পরবর্তীতে বিশেষ বিবেচনায় ছাটাইকৃত কতিপয় কর্মকর্তা/কর্মচারীকে চাকুরী প্রদান করিবার পর তাহারা ছাটাইকালীন সময়ের বেতন ভাতা দাবী করিতেছেন। ইহার প্রেক্ষিতে সরকারী সিদ্ধান্ত এই যে, উদ্বৃত্ত কর্মচারী হিসাবে ছাটাই করিবার পর বিশেষ বিবেচনায় চাকুরী প্রাপ্তদের ছাটাইকৃত অবস্থায় থাকাকালীন সময়ের বেতন ভাতা প্রদানের কোন অবকাশ নেই।

**স্বা/-আবদুল মুয়ীদ চৌধুরী**
সচিব
ভূমি মন্ত্রণালয়।

নং-ভূঃমঃ/শা-৯-১৮/৯৪-৯৭(১২৫)বিবিধ,

তারিখঃ ১৮-০১-১৯৯৫ ইং
৫-১০-১৪০১ বাং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ
১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
২। কমিশনার, .............................. বিভাগ।
৩। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কর্মসূচী, ৩/এ, নীলক্ষেত, বাবুপুরা, ঢাকা।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সকল।
৫। অত্র মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা।
৬। গার্ড নথি।

**স্বা/-(মুহাম্মদ আব্দুল আলীম খান)**
উপ-সচিব
ভূমি মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা-৬

নং-ভুঃমঃ/শা-৬/অর্পিত (সালামী)/১০৫/৯৪-৩০৫,

তারিখঃ ২২-০৭-১৯৯৫ ইং
০৭-০৪-১৪০২ বাং

বিষয় ঃ অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনায় কতিপয় সংশোধনী প্রসংগে।

অর্পিত সম্পত্তির সালামী সম্পর্কে সর্বশেষ সরকারী নির্দশ ১৯৯০ সনে ফেব্রুয়ারীতে জারী হয়েছিল। সুষ্ঠ ব্যবস্থাপনার স্বার্থে উক্ত নির্দেশের কতিপয় সংশোধনীও সংযোজনী জরুরী হয়ে পড়ায় অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনা এবং সালামী ও পৌরকর পরিশোধ ইত্যাদি বিষয়ে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছেনঃ

(ক) ভূমি মন্ত্রণালয়ের গত ২৬-২-৯০ ইং তারিখের ভূঃমঃ/শা-৫/অর্পিত (সালামী)/১৬৯ নং পরিপত্র মোতাবেক চালুকৃত অর্পিত বাড়ীঘরের সালামী বর্গফুট হারে নির্ধারণ বহাল থাকবে। তবে বাড়ীঘরের অবস্থা ও অবস্থান বিবেচনা করে নির্ধারিত ভাড়ার ১০% কমবেশী করার ক্ষমতা জেলা প্রশাসকগণের উপর ন্যস্ত করা হইল।

(খ) ২৬-২-৯০ ইং তারিখের পরিপত্রে ২(৩) অনুচ্ছেদে ঢাকা নারায়নগঞ্জ, খুলনা ও চট্টগ্রাম মহানগরীর ক্ষেত্রে একই সালামীর হার প্রবর্তন করা হয়েছিল। ঢাকা মহানগরীর ক্ষেত্রে উক্ত হার অপরিবর্তিত থাকবে। নারায়নগঞ্জ শহর এবং খুলনা ও চট্টগ্রাম মহানগরীর অর্পিত সম্পত্তির ভাড়া/ইজারা মূল্য ঢাকা মহানগরীর ক্ষেত্রে প্রযোজ্য হারের ২০% কমে নিম্নরূপ নির্ধারণ করা হলোঃ

| বিষয় | সংশোধিত নির্ধারিত হার (বাৎসরিক) |
|---|---|
| ১। অকৃষি জমি/ভিটি জমি | টাকা ৬৪০০/- প্রতি একর |
| ২। শিল্প/বাণিজ্যিক কাজে ব্যবহৃত জমি | টাকা ৮০০০/- প্রতি একর |
| ৩। আবাসিক ঘরঃ কাঁচা ঘর (মেঝে কাঁচা, টিনের দেয়াল এবং ছাদ) | টাকা ৪.৮০/- প্রতি বর্গফুট |
| ৪। আবাসিক ঘরঃ আধাপাকা (মেঝে পাকা, দেয়াল পাকা, টিনের ছাদ) | টাকা ৬.৪০/- প্রতি বর্গফুট |
| ৫। আবাসিক ঘর (পাকা দালান) | টাকা ৮/- প্রতি বর্গফুট |
| ৬। শিল্প/বাণিজ্যিক কাজে ব্যবহারের ক্ষেত্রে টিনের ঘর/কাঁচা ঘর। | টাকা ১৬/- প্রতি বর্গফুট |
| ৭। শিল্প/বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের ক্ষেত্রে আধাপাকা/পাকাঘর। | টাকা ২০/- প্রতি বর্গফুট |

(গ) খালি জমি ইজারা নিয়ে অনুমোদনক্রমে নিজ খরচে ঘর উঠালে সে ক্ষেত্রে উক্ত খালি জমির নির্ধারিত ইজারা মূল্যের স্বার্থে (উপরের 'ক' ও 'খ' উপ অনুচ্ছেদ অনুসারে) অবকাঠামোর জন্য নির্ধারিত ভাড়ার ২০% ইজারা গ্রহীতা অতিরিক্ত পরিশোধ করবেন।

(ঘ) অর্পিত বাড়ী ঘরের মেরামত বাবদ জমাকৃত ইজারা টাকার সর্বোচ্চ ১৬% খরচ করার বিধান বর্তমানে চালু রয়েছে। উক্ত ১৬% মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য অপ্রতুল বিবেচিত হওয়ায় উক্ত আদেশটি সংশোধনক্রমে মেরামত বাবদ জমাকৃত ইজারার টাকার সর্বোচ্চ ২০% ব্যয় করা যাবে।

(ঙ) ইতিপূর্বে মন্ত্রণালয় হইতে জারীকৃত নির্দেশে অর্পিত বাড়ীর পৌরকর ইজারাদারের নিকট থেকে আদায়যোগ্য বলে বলা হয়েছে। পৌরকর যেহেতু বাড়ীর মালিক পরিশোধ করে থাকেন এবং অর্পিত বাড়ীর ক্ষেত্রে এই মালিকানা সংক্রান্ত যাবতীয় দায়-দায়িত্ব সরকারের উপর ন্যস্ত সেহেতু পৌরকর ভি,পি কর্তৃপক্ষই পরিশোধ করবেন।

(চ) অর্পিত সম্পত্তির ভূমি উন্নয়ন কর পূর্বের ন্যায় ভিপি কর্তৃপক্ষই প্রদান করতে থাকবেন।

(ছ) পুকুর বা জলাশয় এর এক অংশ অর্পিত সম্পত্তি এবং অপর অংশ ব্যক্তি মালিকানাধীন থাকলে অর্পিত অংশের লীজ প্রদানে মামলা-মোকদ্দমা কিংবা চাষাবাদ সংক্রান্ত জটিলতা এড়ানোর লক্ষ্যে, প্রচলিত নীতিমালা শিথিল করে অংশ মালিককে ন্যায্য ইজারা মূল্যে ইজার প্রদান করা যাবে। পুকুরটি কোন ভিপি বাড়ীর অংশ হলে তা সংশ্লিষ্ট বাড়ীর সাথেই কৃষি জমির নিয়মে ইজারা প্রদানের নিয়ম বহাল থাকবে।

(জ) কোন অবকাঠামো সম্পূর্ণ/আধা ধ্বংসের হাত থেকে রক্ষার জন্য প্রয়োজন হলে জেলা প্রশাসকগণ বিশেষ ক্ষেত্রে পূর্ণাংগ প্রক্রিয়াসহ বিশেষ মেরামতের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে পারবেন। মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে সরকারী তত্ত্বাবধানে/সরকারী এজেন্সির (যেমন জেলা পরিষদ) মাধ্যমে এই মেরামত সম্পন্ন হবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বা/-(মুঃ আবদুস সালাম)
উপ-সচিব।

নং-ভূঃমঃ/শা-৬/অর্পিত (সালামী)/১০৫/৯৪-৩০৫/১(১১৭৯), তারিখঃ <u>২২-০৭-১৯৯৫ ইং</u>
০৭-০৪-১৪০২ বাং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাকল্পে প্রেরণ করা হইলঃ

১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ............................বিভাগ............................।
৪। জেলা প্রশাসক,.............................।
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ..................................।
৬। থানা নির্বাহী অফিসার, .................................. জেলা..........................।
৭। সহকারী কমিশনার (ভূমি), ............................ জেলা..........................।
৮। সুপার/সহকারী সুপার(অর্পিত), ..................................।

স্বা/-(এ.টি.এম. জুলফিকার হায়দার)
সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা-৬

নং-ভুঃমঃ/শা-৬/অ/হি/কোড নং-০৮/৯৮-০৪৯(৬১), তারিখঃ ৯-০৮-১৯৯৮ ইং
২০-০৪-১৪০৫ বাং

প্রেরক ঃ ছায়েফ উদ্দিন
সিনিয়র সহকারী সচিব।

প্রাপক ঃ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)............................ (সকল)।

বিষয় ঃ অর্পিত সম্পত্তি হইতে ইজারা বাবদ অর্থ ও কর্তনকৃত সম্মানী ভাতার ১/৩ অংশ জমাদানের নতুন কোড নং প্রসংগ।

বিষয়ে উল্লেখিত অর্পিত সম্পত্তি হইতে ইজারা মূল্য বাবদ অর্থ ও কর্তনকৃত সম্মানী ভাতার ১/৩ অংশ নিম্নে লিখিত কোর্ড নম্বরে জমা দেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(ক) অর্পিত সম্পত্তি হইতে ইজারা বাবদ অর্থ "৮৮ বিভাগীয় ও বিচার বিভাগীয় জমা ব্যক্তিগত জমা" খাতের পরিবর্তে ৬/১০৫১/০০০০/৮৪২১ নং কোড নম্বরে জমা দিতে হবে।

(খ) কর্মকর্তাগণকে প্রদেয় সম্মানী ভাতার ১/৩ অংশ কর্তন করে "৬৫-কর ব্যতীত বিবিধ প্রাপ্তি বিবিধ" খাতের পরিবর্তে বর্তমানে নতুন কোড নং-১/৪৬০১/০০০১/২৬৮১তে জমা দিতে হবে।

স্বা/-(ছায়েফ উদ্দিন)
সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা-৬

## আদেশ

নং-ভূঃমঃ/শা-৬/অর্পিত/সাতক্ষীরা/১৪৭/৯৮-২২৬, তারিখঃ ১৬-০৫-১৯৯৯ ইং

বিষয় ঃ চিংড়ি/মৎস্য চাষযোগ্য অর্পিত সম্পত্তির সালামী/ইজারামূল্য কি হারে আদায়যোগ্য সে বিষয়ে দিকনির্দেশনা প্রদান প্রসংগে।

অত্র মন্ত্রণালয় হইতে গত ২৬-২-৯০ ইং তারিখের ভূঃমঃ/শা-৫/অর্পিত/(সালামী)/১৬৯ নং স্মারকে অর্পিত সম্পত্তি সালামী নির্ধারণ প্রসংগে জারীকৃত আদেশটির অনুচ্ছেদ ২ এর (ক) উপ-অনুচ্ছেদ এর অংশ সংশোধন করে চিংড়ী চাষাধীন অর্পিত জমির জন্য বাষিক সালামীর হার একর প্রতি ১৫০০/- (পনেরশত) টাকা নির্ধারণ করা হল। তবে বকেয়া পাওনার ক্ষেত্রে আগের হারেই (একর প্রতি বার্ষিক ৫০০/- টাকা) সালামীর অর্থ আদায় করতে হবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বা/-(ছায়েফ উদ্দিন)
সিনিয়র সহকারী সচিব।

নং-ভূঃমঃ/শা-৬/অর্পিত/সাতক্ষীরা/১৪৭/৯৮-২২৬/১, তারিখঃ ১৬-০৫-১৯৯৯ ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ
১। বিভাগীয় কমিশনার, ................................. বিভাগ।
২। জেলা প্রশাসক, ...................... ।
৩। জেলা প্রশাসক, সাতক্ষীরা- ইহাতে তাঁর কার্যালয়ের স্মারক নং-৫/৯৭-৪২৪(যুক্ত) ভিপি, তাং- ৯-৬-৯৮ ইং এর যোগসূত্র রয়েছে।
৪। অতিঃ জেলা প্রশাসক (রাজস্ব), ............................. ।
৫। থানা নির্বাহী অফিসার, ......................... জেলা.....................
৬। সহকারী কমিশনার (ভূমি), .................................
৭। সুপার/সহকারী সুপার (অর্পিত), ..........................

স্বা/-(ছায়েফ উদ্দিন)
সিনিয়র সহকারী সচিব।